# ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ

**ভর্তি পরীক্ষা : ২০২১-২২; ইউনিট : বিজ্ঞান**

## পদার্থবিজ্ঞান

**01. দুটি বস্তুর ভর ও ভরবেগ যথাক্রমে $m_1$, $P_1$ এবং $m_2$, $P_2$। এদের গতিশক্তি যথাক্রমে $E_1$ ও $E_2$। যদি $m_1 = \frac{m_2}{2}$ এবং $P_1 = P_2$ হয় তবে নীচের কোন সম্পর্কটি সঠিক?**

Ⓐ $E_1 = E_2$ Ⓑ $E_1 = 2E_2$ Ⓒ $E_1 = 4E_2$ Ⓓ $E_1 = 0.5E_2$

**Ans: B** Solve আমরা জানি,

$$E_1 = \frac{P_1^2}{2m_1} = \frac{P_2^2}{2\frac{m_2}{2}} = 2\frac{P_2^2}{2m_2}$$

এখানে, $P_1 = P_2$, $m_1 = \frac{m_2}{2}$

$\therefore E_1 = 2E_2$

**02. নিউটনের গতির তৃতীয় সূত্রানুসারে ক্রিয়া প্রতিক্রিয়া বলের মধ্যবর্তী কোণ কত?**

Ⓐ 0° Ⓑ 90° Ⓒ 180° Ⓓ 360°

**Ans: C** Solve নিউটনের তৃতীয় সূত্র থেকে আমরা জানি যে, প্রত্যেক ক্রিয়ারই একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া রয়েছে।




সুতরাং ক্রিয়া ও প্রতিক্রিয়া বলের মধ্যবর্তী কোণ 180°।

**03. x ভর এবং y আপেক্ষিক তাপের কোন বস্তুর তাপমাত্রা $T_1$ হতে $T_2$ এ পরিবর্তিত হলে এনট্রপির পরিবর্তন কত?**

Ⓐ $xy\frac{T_2}{T_1}$ Ⓑ $xy \ln\frac{T_2}{T_1}$ Ⓒ $xy \ln\frac{T_1}{T_2}$ Ⓓ $xy \ln\frac{T_1 - T_2}{T_2}$

**Ans: B** Solve এখানে, $m = x$, $s = y$

$\therefore$ এনট্রপির পরিবর্তন, $dS = ms \ln\frac{T_2}{T_1}$ $\therefore dS = xy \ln\frac{T_2}{T_1}$

**04. একটি অ্যামিটারের অভ্যন্তরীণ রোধ r। অ্যামিটারের সর্বোচ্চ প্রবাহমাত্রা x গুণ বৃদ্ধি করতে হলে কত রোধ কীভাবে সংযুক্ত করতে হবে?**

Ⓐ $\frac{r}{x-1}$ রোধ শ্রেণিতে Ⓑ $\frac{r}{x-1}$ রোধ সমান্তরালে

Ⓒ $r(x-1)$ রোধ শ্রেণিতে Ⓓ $r(x-1)$ রোধ সমান্তরালে

**Ans: B** Solve দেওয়া আছে, অভ্যন্তরীণ রোধ, r

সর্বোচ্চ প্রবাহমাত্রা $n = x$

আমরা জানি, $S = \frac{r}{n-1} = \frac{r}{x-1}$

অর্থাৎ, অ্যামিটারের সর্বোচ্চ প্রবাহমাত্রা x গুণ বৃদ্ধি করতে হলে অ্যামিটারের সাথে $\frac{r}{x-1}$ রোধ সমান্তরালে যুক্ত করতে হবে।

**05. নিচের কোনটি অপারেটর নয়?**

Ⓐ $\sin\theta$ Ⓑ $\sqrt{}$ Ⓒ log Ⓓ $\frac{d}{dx}$

**Ans: A** Solve যে গাণিতিক ক্রিয়া একটি রাশিকে অন্য রাশিতে পরিণত করে তাকে অপারেটর বলে। যেমন- $\sqrt{}$, log, $\frac{d}{dx}$, বর্গ ($^2$) ইত্যাদি হচ্ছে অপারেটর। সুতরাং $\sin\theta$ অপারেটর নয়, শুধু sin বললে সেটা অপারেটর হত।

**06. একটি মিটার স্কেলকে তার দৈর্ঘ্য বরাবর 0.8c (c = শূন্যস্থানে আলোর বেগ) বেগে নিক্ষেপ করা হলো। স্থির প্রসঙ্গ কাঠামোর সাপেক্ষে এর দৈর্ঘ্য কত হবে?**

Ⓐ 43.5 cm Ⓑ 80 cm

Ⓒ 60 cm Ⓓ 167 cm

**Ans: C** Solve $L = L_0\sqrt{1 - \frac{v^2}{c^2}}$

$= 1\sqrt{1 - \left(\frac{(0.8c)^2}{c^2}\right)}$

$= \sqrt{0.36} = 0.6$ m $= 60$ cm

এখানে, $L_0 = 1$ m, $v = 0.8$ c

**07. একক ভেক্টরের জন্য নিচের কোনটি সঠিক?**

Ⓐ $\hat{a} = \frac{\vec{A}}{|\vec{A}|}$ Ⓑ $\hat{a} = \frac{A}{|\vec{A}|}$ Ⓒ $\hat{a} = \frac{|\vec{A}|}{A}$ Ⓓ $\hat{a} = \frac{A}{\vec{A}}$

**Ans: A** Solve কোনো ভেক্টরকে তার মান দিয়ে ভাগ করলে যে ভেক্টর পাওয়া যায় তাকে একক ভেক্টর বলে। একক ভেক্টর, $\hat{a} = \frac{\vec{A}}{|\vec{A}|}$

**08. $\sqrt{\mu_0\epsilon_0}$ এর মাত্রা কোনটি?**

Ⓐ $LT^{-1}$ Ⓑ $LT^{-2}$

Ⓒ $L^2T^{-1}$ Ⓓ $L^{-1}T$

**Ans: D** Solve আমরা জানি, $c = \frac{1}{\sqrt{\mu_0\epsilon_0}}$

$\Rightarrow \sqrt{\mu_0\epsilon_0} = \frac{1}{c} = \frac{1}{LT^{-1}}$ $\therefore \sqrt{\mu_0\epsilon_0} = [L^{-1}T]$

**09. আপেক্ষিক আর্দ্রতা কম হলে বাষ্পায়ন হবে–**

Ⓐ দ্রুত Ⓑ ধীর Ⓒ খুবই ধীর Ⓓ স্থির থাকবে

**Ans: A** Solve **বাষ্পায়নের নির্ভরশীলতা :** বাষ্পায়ন তরলের তাপমাত্রা, তরলের স্ফুটনাঙ্ক, তরলের উন্মুক্ত তলের ক্ষেত্রফল, বায়ুর আর্দ্রতা, বায়ুর চাপ, বায়ু প্রবাহের উপর নির্ভর করে।

বাষ্পায়ন $\propto$ $\frac{\text{তাপমাত্রা, ক্ষেত্রফল, বায়ুপ্রবাহ, প্রকৃতি}}{\text{আর্দ্রতা, চাপ}}$

অর্থাৎ, আপেক্ষিক আর্দ্রতা কম হলে বাষ্পায়ন বৃদ্ধি পায় তথা দ্রুত হয়।

**10. একটি p – n জংশনে 0.9 V বিভব পার্থক্যের জন্য 10 mA বিদ্যুৎ প্রবাহ এবং 1.1 V বিভব পার্থক্যের জন্য 15 mA বিদ্যুৎ প্রবাহ পাওয়া গেল। জংশনের রোধ কত?**

Ⓐ 30 Ω Ⓑ 25 Ω Ⓒ 40 Ω Ⓓ 15 Ω

**Ans: C** Solve $R = \frac{\Delta V}{\Delta I} = \frac{(1.1 - 0.9)\text{ V}}{(15 - 10)\text{ mA}}$ $\therefore R = 40\ \Omega$

**11. কোন কণার সরল ছন্দিত সমীকরণ $x = 10\sin\left(10t + \frac{\pi}{6}\right)$ m। কণাটির সর্বোচ্চ ত্বরণ কত?**

Ⓐ $10\text{ ms}^{-2}$ Ⓑ $100\text{ ms}^{-2}$

Ⓒ $1010\text{ ms}^{-2}$ Ⓓ $1000\text{ ms}^{-2}$

**Ans: D** Solve $x = 10\sin\left(10t + \frac{\pi}{6}\right)$ m এই সমীকরণকে $x = A\sin\left(\omega t + \frac{\pi}{6}\right)$ এই সমীকরণের সাথে তুলনা করে পাই,

$A = 10$ m, $\omega = 10$ rad/s

$\therefore$ সর্বোচ্চ ত্বরণ, $a_{max} = \omega^2 A = 10^2 \times 10 = 1000\text{ ms}^{-2}$

**12. PV রাশিটি গ্যাসের ক্ষেত্রে কি নির্দেশ করে?**

Ⓐ শক্তি Ⓑ ক্ষমতা Ⓒ ভরবেগ Ⓓ জড়তা

**A** Solve আমরা জানি, $P = \frac{2}{3}\frac{E}{V} \Rightarrow PV = \frac{2}{3}E$

এই সমীকরণ থেকে দেখা যাচ্ছে যাচ্ছে যে, Energy is equivalent to PV. সুতরাং PV গ্যাসের শক্তি নির্দেশ করে।

**13. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে পথ পার্থক্য $\frac{\lambda}{8}$ হলে বিন্দু দুটির দশা পার্থক্য কত?**

Ⓐ $\frac{\pi}{2}$ Ⓑ $\frac{\pi}{4}$ Ⓒ $\frac{\pi}{6}$ Ⓓ $\frac{\pi}{8}$

**B** Solve দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times \frac{\lambda}{8} = \frac{\pi}{4}$

**14. $\vec{A} = -\vec{B}$ হলে, $\vec{A} \times \vec{B}$ এর মান কত?**

Ⓐ $-A^2$ Ⓑ $-B^2$ Ⓒ 1 Ⓓ 0

**D** Solve দেওয়া আছে, $\vec{A} = -\vec{B}$

$\vec{A} \times \vec{B} = -\vec{B} \times \vec{B} = BB \sin 180° = 0$




**15. সমচাপে ও 20°C তাপমাত্রার 1 লিটার বায়ুতে আয়তনকে 2 লিটার করার জন্য তাপমাত্রা কত করতে হবে?**

Ⓐ 303°C Ⓑ 313°C Ⓒ 566°C Ⓓ 586°C

**B** Solve $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$

$\Rightarrow \frac{T_2}{T_1} = \frac{V_2}{V_1} \Rightarrow T_2 = \frac{V_2}{V_1} \times T_1$

$= \frac{2}{1} \times 293 = 586$ K

$= (586 - 273)$°C $\therefore T_2 = 313$°C

এখানে,
$V_1 = 1$ L
$V_2 = 2$ L
$T_1 = 20$°C
$= (20 + 273)$ K
$= 293$
$T_2 = ?$

**16. 100 kg ভরের একজন লোক লিফটে দাঁড়িয়ে আছে। লিফটি যদি 2 $ms^{-2}$ ত্বরণে উপরের দিকে উঠতে থাকে তাহলে লোকটির উপর উর্ধ্বমুখী প্রতিক্রিয়া বল কত?**

Ⓐ 780 N Ⓑ 980 N Ⓒ 1180 N Ⓓ 1960 N

**C** Solve উর্ধ্বমুখী প্রতিক্রিয়া বল, $F = m(g + a)$
$= 100(9.8 + 2) = 1180$ N

**17. $\frac{c}{\sqrt{2}}$ বেগে চলমান $m_0$ স্থির ভরের কোন কণার ভরবেগ কোনটি? (c = আলোর বেগ)**

Ⓐ $m_0c$ Ⓑ $\frac{m_0}{c}$

Ⓒ $m_0c^2$ Ⓓ $\frac{m_0c}{\sqrt{2}}$

**A** Solve $m = \frac{m_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}}$

$= \frac{m_0}{\sqrt{1 - \left(\frac{c}{\sqrt{2}c}\right)^2}} = \frac{m_0}{\sqrt{1 - \frac{c^2}{2c^2}}} \therefore m = \sqrt{2}\, m_0$

আবার, $P = mv = \sqrt{2}\, m_0 \frac{c}{\sqrt{2}} = m_0c$

**18. একটি স্প্রিং এ 5 kg ভর ঝুলানো হলো। এতে এর দৈর্ঘ্য 2 cm বৃদ্ধি পেল। স্প্রিং ধ্রুবকের মান কত?**

Ⓐ 24.50 $Nm^{-1}$ Ⓑ 245 $Nm^{-1}$

Ⓒ 2450 $Nm^{-1}$ Ⓓ 4900 $Nm^{-1}$

**C** Solve $F = kx$

$\Rightarrow mg = kx$

$\Rightarrow k = \frac{mg}{x} = \frac{5 \times 9.8}{0.02}$

$\therefore k = 2450$ N/m

এখানে,
$m = 5$ kg
$x = 2$ cm
$= 0.02$ m
$k = ?$

**19. একটি কণার ভরবেগ p। কণাটির গতিশক্তি দ্বিগুণ করা হলে এর নতুন ভরবেগ কত হবে?**

Ⓐ 8p Ⓑ $\sqrt{2}$p Ⓒ 2p Ⓓ 4p

**B** Solve $E = \frac{P^2}{2m}$

$\Rightarrow \frac{P_2}{P_1} = \sqrt{\frac{E_2}{E_1}}$

$\Rightarrow P_2 = \sqrt{2}\, P_1$

**20. সরল ছন্দিত স্পন্দকের পর্যায়কাল 20 s হলে ত্বরণ a ও সরণ x এর মধ্যকার সম্পর্ক নিচের কোনটি?**

Ⓐ $a = -\left(\frac{\pi}{10}\right)^2 x$ Ⓑ $a = \left(\frac{\pi}{10}\right)x$

Ⓒ $a = \left(\frac{\pi}{10}\right)^2 x$ Ⓓ $a = -\left(\frac{\pi}{10}\right)x$

**A** Solve আমরা জানি, $a = -\omega^2 x$

$= -\left(\frac{2\pi}{T}\right)^2 x = -\left(\frac{2\pi}{20}\right)^2 x = -\left(\frac{\pi}{10}\right)^2 x$

এখানে,
$T = 20$ s

**21. সাধারণ ইমিটার বর্তনীতে অন্তর্গামী ও বহির্গামী সংকেতের দশা পার্থক্য কত?**

Ⓐ 0° Ⓑ 180°

Ⓒ 90° Ⓓ 45°

**B** Solve সাধারণ ইমিটার অ্যামপ্লিফায়ার এ অন্তর্গামী ও বহির্গামী সংকেতের মধ্যে দশা পার্থক্য হয় 180°.




**22. একটি কণার উপর $\vec{F} = (3\hat{i} + 4\hat{j} - 2\hat{k})$ বল প্রয়োগে কণাটির $\vec{r} = (6\hat{i} - 2\hat{j} + \hat{k})$ সরণ হয়। প্রয়োগকৃত বল দ্বারা সম্পাদিত কাজের পরিমাণ কত হবে?**

Ⓐ $(9\hat{i} + 2\hat{j} - \hat{k})$ J Ⓑ 8 J

Ⓒ $(-3\hat{i} + 6\hat{j} - 3\hat{k})$ J Ⓓ 32 J

**B** Solve আমরা জানি,

$W = \vec{F}.\vec{r}$

$= (3\hat{i} + 4\hat{j} - 2\hat{k}).(6\hat{i} - 2\hat{j} + \hat{k})$

$= 8$ J

এখানে,
$\vec{F} = 3\hat{i} + 4\hat{j} - 2\hat{k}$
$\vec{r} = 6\hat{i} - 2\hat{j} + \hat{k}$
$W = ?$

**23. m ভর এবং T দোলনকাল বিশিষ্ট একটি সরল ছন্দিত দোলকের বল ধ্রুবক k কে দ্বিগুণ করা হলে এর চূড়ান্ত দোলনকাল কত হবে?**

Ⓐ $\frac{T}{\sqrt{2}}$ Ⓑ $\frac{T}{4}$ Ⓒ 2T Ⓓ $\sqrt{2}T$

**A Solve** $T = 2\pi\sqrt{\frac{m}{k}}$

বল ধ্রুবক k কে দ্বিগুণ করলে পর্যায়কাল হবে,

$\therefore \frac{T_2}{T_1} = \sqrt{\frac{k_1}{k_2}} = \sqrt{\frac{1}{2}} = T_2 = \frac{T_1}{\sqrt{2}}$

**24. ইয়ং-এর পরীক্ষায়, যদি স্লিট এবং পর্দার মধ্যে দূরত্ব দ্বিগুণ এবং স্লিটদ্বয়ের দূরত্ব অর্ধেক করা হয়, তবে ডোরার প্রস্থ হবে পূর্বের–**

Ⓐ চারগুণ Ⓑ $\frac{1}{4}$ গুণ Ⓒ দ্বিগুণ Ⓓ একই থাকবে

**A Solve** $\Delta x = \frac{\lambda D}{d}$

স্লিট এবং পর্দার মধ্যবর্তী দূরত্ব D কে দ্বিগুণ করলে এবং স্লিটদ্বয়ের দূরত্ব d কে অর্ধেক করলে ডোরার প্রস্থ হবে,

$\Delta x' = \frac{\lambda\, 2D}{\frac{d}{2}} \Rightarrow \Delta x' = 4\,\frac{\lambda D}{d} \Rightarrow \Delta x' = 4\,\Delta x$

∴ ডোরার প্রস্থ 4 গুণ হবে।

**25. একটি ভোল্টেজ উৎসের তড়িচ্চালক বল 28 V। ভোল্টেজ উৎসটির দুই প্রান্তে 12 Ω লোড রোধ সংযুক্ত করলে প্রান্তদ্বয়ের মধ্যে বিভব পার্থক্য 24 V হয়। ভোল্টেজ উৎসের অভ্যন্তরীণ রোধ হলো–**

Ⓐ 0.5 Ω Ⓑ 1.0 Ω Ⓒ 2.0 Ω Ⓓ 2.5 Ω

**C Solve** $n = \frac{V'}{V} = \frac{28}{24} = 1.167$

আমরা জানি, $R = (n - 1)\,r = (1.167 - 1) \times 12$

$= 2.004\ \Omega \approx 2\ \Omega$

## রসায়ন

**01. গ্রিগনার্ড বিকারক (alkyl magnesium halide) আর্দ্র-বিশ্লেষণের ফলে দেয়-**

Ⓐ অ্যালকোহল Ⓑ অ্যালকিন Ⓒ অ্যালডিহাইড Ⓓ অ্যালকেন

**D Solve** গ্রিগনার্ড বিকারক যেমন, অ্যালকাইল ম্যাগনেসিয়াম হ্যালাইড পানির সংস্পর্শে আর্দ্রবিশ্লেষিত হয়ে অ্যালকেন তৈরি করে।

$R{-}MgX + H{-}OH \longrightarrow R{-}H + Mg(OH)X$

**02. ক্লিমেনসেন বিজারণে >C=O গ্রুপ পরিবর্তিত হয়ে পরিণত হয়-**

Ⓐ $>CH_2$ Ⓑ >CHOH Ⓒ >C–OH Ⓓ –COOH

**A Solve** $R{-}\overset{O}{\overset{\|}{C}}{-}R + 4[H] \xrightarrow[\text{গাঢ় HCl}]{Zn.Hg} R{-}CH_2{-}R + H_2O$

**03. নিচের কোন যৌগটি আলোক সমাণুতা প্রদর্শন করে না?**

Ⓐ ২-প্রোপানল Ⓑ ২-বিউটানল

Ⓒ টারটারিক অ্যাসিড Ⓓ ল্যাকটিক অ্যাসিড

**A Solve** 2-প্রোপানলে কোনো কাইরাল কার্বন নেই। তাই এটি আলোক সমানুতা প্রদর্শন করে না।

**04. $CH \equiv C-CH = CH-CH_3$ যৌগটির IUPAC নাম কী?**

Ⓐ Pent-3-en-1-yne Ⓑ Pent-2-en-4-yne

Ⓒ 1, 3-pentaene Ⓓ 2, 4-pentyne

**A Solve** $\overset{1}{CH}{\equiv}\overset{2}{C}{-}\overset{3}{CH}{=}\overset{4}{CH}{-}\overset{5}{CH_3}$

পেন্ট-3-ইন-1-আইন

**05. বেনজিনের পাই (π) ইলেকট্রনের সংখ্যা হলো-**

Ⓐ 4 Ⓑ 6 Ⓒ 12 Ⓓ 18

**B Solve** বেনজিনে  তিনটি পাই (π) বন্ধন আছে আর্থাৎ (3 × 2) = 6 টি π ইলেকট্রন আছে।

**06. নিচের যৌগগুলির কোনটি নিউক্লিওফাইল?**

Ⓐ $BF_3$ Ⓑ $H_3O^+$ Ⓒ $FeCl_3$ Ⓓ $H_2O$

**D Solve** ইলেকট্রোফাইল :

$H_3O^+$, $\overset{+}{N}O_2$, $\overset{+}{N}O$, $AlCl_3$, $BF_3$, $FeCl_3$, $SO_3$ ইত্যাদি।

নিউক্লিওফাইল-: $\bar{C}H_3$, $C\bar{l}$, $\bar{B}r$, $\bar{C}N$, $\bar{O}H$, $\bar{O}R$, $NH_3$, $H_2O$, R–O–H ইত্যাদি।

**07. অ্যালকাইল হ্যালাইড ও অ্যালকোহলীয় KOH এর বিক্রিয়ায় নিচের কোনটি উৎপন্ন হয়?**

Ⓐ Alkene Ⓑ Alcohol Ⓒ Ether Ⓓ Alkane

**A Solve** অ্যালকাইল হ্যালাইড + KOH (alc) → Alkene (অ্যালকিন) যেমন- $CH_3{-}CH_2{-}Cl + KOH\,(alc) \rightarrow CH_2{=}CH_2 + KCl + H_2O$

ইথিন

**08. নিচের কোন উক্তিটি ফেনল ও অ্যালকোহল উভয়ের ক্ষেত্রে সঠিক?**

Ⓐ $PCl_5$ এর সাথে বিক্রিয়া করে

Ⓑ রাইমার-টাইম্যান বিক্রিয়া করে

Ⓒ $Br_2$-পানির সাথে বিক্রিয়া করে

Ⓓ লুকাস বিকারকের সাথে বিক্রিয়া করে

**A Solve** $CH_3CH_2{-}OH(l) + PCl_5(l) \rightarrow CH_3CH_2{-}Cl(l) + POCl_3(l) + HCl(g)$



**09. 1-মোল $MnO_4^-$ কে সম্পূর্ণরূপে $MnO_2$ এ বিজারিত করতে যে চার্জের প্রয়োজন হয়-**

Ⓐ 1 F Ⓑ 2 F Ⓒ 3 F Ⓓ 5 F

**C Solve** $\overset{+7}{Mn}O^-_4 + 3e^- + 8H^+ \rightarrow MnO_2 + 4H_2O$

$\therefore 3e^- = 3F$ চার্জ

**10. 90°C তাপমাত্রায় বিশুদ্ধ পানিতে $[H_3O^+] = 10^{-6}$ M। এ তাপমাত্রায় $K_w$ এর মান হবে-**

Ⓐ $10^{-14}$ Ⓑ $10^{-12}$ Ⓒ $10^{-13}$ Ⓓ $10^{-10}$

**B Solve** বিশুদ্ধ পানিতে $[H_3O^+]$ ও $[OH^-]$ এর ঘনমাত্রা সমান থাকে।

$\therefore [H_3O^+] \times [OH^-] = K_w \Rightarrow K_w = 10^{-6} \times 10^{-6} \therefore K_w = 10^{-12}$

**11. 0.5 L পানিতে 0.05 g $O_2$ দ্রবীভূত থাকলে DO এর মান কত ppm?**

Ⓐ 1000 Ⓑ 10 Ⓒ 1 Ⓓ 100

**D Solve** $DO = \frac{xg}{yL} \times 10^3 ppm = \frac{0.05}{0.5} \times 10^3 = 100$ ppm

**12. $OH^-$ এর অনুবন্ধী অ্যাসিড কোনটি?**

Ⓐ $H_3O^+$ Ⓑ $H_2O$ Ⓒ $O_2^-$ Ⓓ $O_2$

**B Solve** ক্ষারক + প্রোটন ($H^+$ আয়ন) = অনুবন্ধী অ্যাসিড

**13. নিচের কোনটি গ্রিনহাউজ গ্যাস?**

Ⓐ $CO_2$ Ⓑ $O_3$
Ⓒ জলীয় বাষ্প Ⓓ উল্লেখিত সবগুলো

**D Solve** গ্রিনহাউজ গ্যাস– $CO_2$, $CH_4$, CFC, $O_3$, $N_2O$, জলীয় বাষ্প ইত্যাদি।

**14. প্রাকৃতিক গ্যাসকে বায়ুতে দহন করলে কী কী উৎপন্ন হয়?**

Ⓐ $C + H_2$ Ⓑ $C + H_2O$ Ⓒ $CO_2 + H_2$ Ⓓ $CO_2 + H_2O$

**D Solve** প্রাকৃতিক গ্যাস + $O_2(g) \xrightarrow{\Delta} CO_2(g) + H_2O(l)$ + তাপ

যেমন- $CH_4 + O_2(g) \xrightarrow{\Delta} CO_2(g) + 2H_2O(l)$ + তাপ

**15. 250 mL 0.1 M NaOH দ্রবণ প্রস্তুত করতে কতগ্রাম NaOH লাগবে?**

Ⓐ 0.1 g Ⓑ 1.0 g Ⓒ 0.4 g Ⓓ 4.0 g

**B Solve** $w = \frac{SMV}{1000} = \frac{0.1 \times 40 \times 250}{1000} = 1.0$ g

**16. নিচের কোন গ্যাসটির ব্যাপন হার সর্বাধিক?**

Ⓐ $NH_3$ Ⓑ $CH_4$ Ⓒ $N_2$ Ⓓ CO

**B Solve** যার আণবিক ভর কম তার ব্যাপন হার বেশি। এখানে $CH_4$ এর আণবিক ভর সবচেয়ে কম তাই $CH_4$ এর ব্যাপন হার সর্বাধিক।

**17. $Zn^{2+}$ (aq)/Zn(s) এবং $Cu^{2+}$(aq)/Cu(s) ইলেকট্রোডের বিজারণ বিভব যথাক্রমে – 0.76 V এবং + 0.34 V। উক্ত ইলেকট্রোড সমন্বয়ে গঠিত কোষের প্রমাণ বিভব কত হবে?**

Ⓐ + 0.42 V Ⓑ – 0.42 V Ⓒ – 1.10 V Ⓓ + 1.10 V

**D Solve** $E^\circ_{cell} = E_{cathode\ (Red)} - E_{Anode}(Red)$
$= + 0.34 + 0.76 = + 1.10V$

**18. $XeF_4$ এর জেনন (Xe) পরমাণুর হাইব্রিডাইজেশন কী হবে?**

Ⓐ $sp^2$ Ⓑ $sp^3$ Ⓒ $sp^3d$ Ⓓ $sp^3d^2$

**D Solve** $X = \frac{1}{2}(x + y) = \frac{1}{2}(8 + 4) = 6 \longrightarrow sp^3d^2$

**19. 2p অর্বিটালের n, 1 এবং m এর মান যথাক্রমে-**

Ⓐ 2, 1, 0 Ⓑ 2, 1, (– 1, 0, 1)
Ⓒ 2, 2, (– 2, – 1, 0, 1, 2) Ⓓ 1, 1, 0

**B Solve** 2p এর ক্ষেত্রে n = 2
l = 0, 1
l = 0 হলে m = 0
p এর জন্য, $l = 1$
l = 1 ,, m = –1,0,1

**20. নিচের কোনটি α–কণা?**

Ⓐ ${}_1^1H^-$ Ⓑ ${}_2^4He^{2+}$ Ⓒ ${}_2^4He^{2-}$ Ⓓ ${}_1^1H^+$

**B Solve** হিলিয়াম পরমাণুর নিউক্লিয়াসকে α-কণা বলে। α-কণার প্রতীক ${}_2^4He^{2+}$

**21. তড়িৎ ঋণাত্মকতার মান সবচেয়ে বেশি কোনটির?**

Ⓐ C Ⓑ Cl Ⓒ O Ⓓ Br

**C Solve**

| মৌল | তড়িৎ ঋণাত্মকতা |
|---|---|
| F | 4.0 |
| Cl | 3.0 |
| Br | 2.8 |
| O | 3.5 |

**22. ফসফরাস পেন্টাক্লোরাইডের জ্যামিতিক গঠন কোনটি?**

Ⓐ Trigonal bipyramidal Ⓑ Tetrahedral
Ⓒ Pentagonal Ⓓ Hexagonal

**A Solve**

$PCl_5 \longrightarrow X = \frac{1}{2}(5 + 5) = 5\ (sp^3d)$ ত্রিকোণীয় দ্বি পিরামিড (Trigonal bipyramidal)

$CH_4 \longrightarrow X = \frac{1}{2}(4 + 4) = 4\ (sp^3)$ চতুষতলকীয় (Tetrahedral)

$IF_7 \longrightarrow X = \frac{1}{2}(7 + 7) = 7\ (sp^3d^3)$ পঞ্চকোণীয় দ্বিপিরামিড (Pentagonal bipyramidal)

**23. ক্লোরাইট আয়নের রাসায়নিক সংকেত কোনটি?**

Ⓐ $Cl^-$ Ⓑ $ClO^-$ Ⓒ $ClO_2^-$ Ⓓ $ClO_3^-$

**C Solve** $Cl^- \rightarrow$ ক্লোরাইড
$ClO^- \rightarrow$ হাইপো ক্লোরাইট; $ClO_2^- \rightarrow$ ক্লোরাইট
$ClO_3^- \rightarrow$ ক্লোরেট; $ClO_4^- \rightarrow$ পারক্লোরেট

**24. নিচের কোন মৌল যুগলের সর্ব বহিস্থ শক্তিস্তরে একই সংখ্যক ইলেকট্রন থাকে?**

Ⓐ H and Li Ⓑ He and C Ⓒ C and Mg Ⓓ O and N

**A Solve** H (1) $\rightarrow 1s^1$
Li (3) $\rightarrow 1s^2 2s^1$

**25. ${}_7^{16}N$ এবং ${}_8^{16}O$ পরস্পর-**

Ⓐ Isobar Ⓑ Isotope Ⓒ Isotone Ⓓ Isomer

**A Solve**

Isobar = ভরসংখ্যা সমান (${}_{29}^{60}Cu$ ও ${}_{30}^{60}Zn$, ${}_7^{16}N$ ও ${}_8^{16}O$)

Isotope = প্রোটন বা পারমাণবিক সংখ্যা সমান (${}_6^{12}C$ ও ${}_6^{13}C$)

Isotone = নিউট্রন সংখ্যা সমান। (${}_1^3H$ ও ${}_2^4He$, ${}_{14}^{30}Si$ ও ${}_{15}^{31}P$)

## গণিত

**01. $\int_0^4 f(x)\,dx = 6$ হলে, $\int_{-1}^3 f(x+1)\,dx = ?$**

Ⓐ 5 Ⓑ 7 Ⓒ 0 Ⓓ 6

**D Solve** $\int_{-1}^3 f(x+1)\,dz$

ধরি, x + 1 = z
$\Rightarrow dx = dz$

| x | –1 | 3 |
|---|---|---|
| z | 0 | 4 |

$= \int_0^4 f(z)\,dz$

$= \int_0^4 f(x)\,dx = 6$

**02. $f(x) = \sqrt{4 - x^2}$ ফাংশনটির রেঞ্জ কত?**

Ⓐ $(-2, 2)$ Ⓑ $(-2, 0)$
Ⓒ $[0, 2]$ Ⓓ $[0, \infty)$

**Ans: C** Solve $f(x) = \sqrt{4 - x^2}$ সংজ্ঞায়িত হবে,
যখন $4 - x^2 \geq 0$
$\Rightarrow x^2 \leq 4$
$\Rightarrow |x|^2 \leq 4$
$\Rightarrow -2 \leq x \leq 2$
$\therefore$ 2 বা $-2$ এর জন্য $f(x) = 0$, আর $x = 0$ হলে $f(0) = 2$
$\therefore$ রেঞ্জ $[0, 2]$

**03. $y = x$, $y = 0$ রেখাদ্বয় এবং $x^2 + y^2 = 16$ বৃত্ত দ্বারা প্রথম চতুর্ভাগে আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত?**

Ⓐ $2\pi$ square units Ⓑ $3\pi$ square units
Ⓒ $4\pi$ square units Ⓓ $5\pi$ square units

**Ans: A** Solve

$x^2 + y^2 = 4^2$
এর ব্যাসার্ধ $= 4$
তাহলে, ১ম চতুভার্গে ক্ষেত্রফল
$= \frac{1}{4} . \pi 4^2 = 4\pi$




$y = x$ রেখাটি চতুভার্গের বর্গের অংশকে সমান দুইভাগে ভাগ করে।
$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= \frac{1}{2}.4\pi = 2\pi$ square units

**04. $\frac{x^2}{16} + \frac{y^2}{7} = 1$ উপবৃত্তটির উৎকেন্দ্রিকতা কত?**

Ⓐ $\frac{3}{2}$ Ⓑ $\frac{3}{4}$
Ⓒ $\frac{1}{2}$ Ⓓ $\frac{1}{3}$

**Ans: B** Solve উৎকেন্দ্রিকতা,
$e = \sqrt{1 - \frac{b^2}{a^2}} = \sqrt{1 - \frac{7}{16}} = \sqrt{\frac{9}{16}} = \frac{3}{4}$

**05. $3x^2 - kx + 4 = 0$ সমীকরণের একটি মূল অপরটির তিনগুণ হলে, k এর মান কত?**

Ⓐ $\pm 8$ Ⓑ 8
Ⓒ 64 Ⓓ $\frac{1}{12}$

**Ans: A** Solve $\frac{(1+3)^2}{3} = \frac{(-k)^2}{3 \times 4}$
$\Rightarrow k^2 = 64 \Rightarrow k = \pm 8$ (Technique-4)

***06.*** **$\lim_{x \to 0} \frac{\sin 7x - \sin x}{\sin 6x} = ?$**

Ⓐ $\frac{7}{6}$ Ⓑ $\frac{-7}{6}$
Ⓒ 1 Ⓓ $-1$

**Ans: C** Solve $\lim_{x \to 0} \frac{\sin 7x - \sin x}{\sin 6x}$, $\left[\frac{0}{0}\text{ আকার}\right]$
$= \lim_{x \to 0} \frac{7\cos 7x - \cos x}{6\cos x} = \frac{7-1}{6} = \frac{6}{6} = 1$

**07. $\cos^2\left(\sin^{-1}\frac{1}{\sqrt{3}}\right) = ?$**

Ⓐ 0 Ⓑ $\frac{4}{3}$ Ⓒ $\frac{3}{2}$ Ⓓ $\frac{2}{3}$

**Ans: D** Solve $\cos^2\left(\sin^{-1}\frac{1}{\sqrt{3}}\right)$
$= 1 - \sin^2\left(\sin^{-1}\frac{1}{\sqrt{3}}\right) = 1 - \left(\frac{1}{\sqrt{3}}\right)^2 = 1 - \frac{1}{3} = \frac{2}{3}$

**08. $\int_0^4 \sqrt{16 - x^2}\, dx = ?$**

Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $-4\pi$ Ⓒ $-1$ Ⓓ $4\pi$

**Ans: D** Solve $\int_0^4 \sqrt{16 - x^2}\, dx = \int_0^4 \sqrt{4^2 - x^2}\, dx$
$= \left[\frac{x\sqrt{4^2 - x^2}}{2} + \frac{4^2}{2}\sin^{-1}\frac{x}{4}\right]_0^4 = \frac{4^2}{2} \times \frac{\pi}{2} = 4\pi$

**09. c এর কোন মানের জন্য $\begin{bmatrix} -3 & 0 & -1 \\ 0 & 3 & c \\ -1 & 4 & 0 \end{bmatrix}$ ম্যাট্রিক্সটি প্রতিসম?**

Ⓐ 4 Ⓑ 0 Ⓒ $-1$ Ⓓ $-4$

**Ans: A** Solve $\begin{bmatrix} -3 & 0 & -1 \\ 0 & 3 & c \\ -1 & 4 & 0 \end{bmatrix}$ এর প্রতিসম ম্যাট্রিক্স $=$
$\begin{bmatrix} -3 & 0 & -1 \\ 0 & 3 & 4 \\ -1 & c & 0 \end{bmatrix}$ হলে, $c = 4$ হবে।

**10. $B = \begin{bmatrix} 2 & -1 & 0 \\ -4 & 3 & -5 \\ 7 & 6 & -8 \end{bmatrix}$ ম্যাট্রিক্সটির (2, 3) তম ভুক্তির সহগুণক কত?**

Ⓐ $-19$ Ⓑ 19 Ⓒ $-95$ Ⓓ 95

**Ans: A** Solve ম্যাট্রিক্সটির (2, 3) তম ভুক্তি $-5$
$\therefore$ সহগুণক $= -\begin{vmatrix} 2 & -1 \\ 7 & 6 \end{vmatrix} = -(12 + 7) = -19$

**11. $\int_0^{\frac{\pi}{4}} (\tan^3 x + \tan x)dx = ?$**

Ⓐ $\frac{1}{4}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ $\frac{\pi}{2}$ Ⓓ $\frac{\pi}{4}$

**Ans: B** Solve $\int_0^{\frac{\pi}{4}} (\tan^3 x + \tan x)dx$
$= \int_0^{\frac{\pi}{4}} \tan x.\ (\tan^2 x + 1)\, dx = \int_0^{\frac{\pi}{4}} \tan x.\ \sec^2 x\, dx$
$= \int_0^{\frac{\pi}{4}} \tan x.\ d(\tan x) = \left[\frac{(\tan x)^2}{2}\right]_0^{\frac{\pi}{4}} = \frac{1}{2}$

**12. $\tan^{-1}\frac{1}{2} + \tan^{-1}\frac{1}{3} = ?$**

Ⓐ $\frac{\pi}{4}$ Ⓑ $\frac{\pi}{2}$ Ⓒ $\frac{\pi}{3}$ Ⓓ $\frac{2\pi}{3}$

**Ans: A** Solve $\tan^{-1}\frac{1}{2} + \tan^{-1}\frac{1}{3}$
$= \tan^{-1}\frac{\frac{1}{2} + \frac{1}{3}}{1 - \frac{1}{2}.\frac{1}{3}} = \tan^{-1}\frac{\frac{5}{6}}{\frac{5}{6}} = \tan^{-1}1 = \frac{\pi}{4}$

**13. 3P এবং 2P বলদ্বয়ের লব্ধি R । প্রথম বল দ্বিগুণ করলে লব্ধির পরিমাণ ও দ্বিগুণ হয়। বলদ্বয়ের অন্তর্গত কোণ কত?**

Ⓐ $120°$ Ⓑ $60°$ Ⓒ $130°$ Ⓓ $30°$

**Ans A Solve** যদি বলদ্বয়ের মান দ্বিগুণ করলে লব্ধির পরিমাণও দ্বিগুণ হয় তবে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ $= 120°$ হবে।

**14. $\frac{d}{dx}(\log_x e) = ?$**

Ⓐ $\frac{\log_x e}{x}$ Ⓑ $\frac{1}{x \ln x}$ Ⓒ $\frac{-\ln x}{x}$ Ⓓ $\frac{-1}{x(\ln x)^2}$

**Ans D Solve** $\frac{d}{dx}(\log_x e) = \frac{d}{dx}\left(\frac{1}{\log_e x}\right)$

$= \frac{d}{dx}\left(\frac{1}{\ln x}\right) = \frac{-1}{(\ln x)^2} \times \frac{d}{dx}(\ln x) = \frac{1}{-x(\ln x)^2} = \frac{-1}{x(\ln x)^2}$

**15. $(x-2)^2 + (y-3)^2 = 16$ এবং $(x-2)^2 + (y-10)^2 = 9$ বৃত্তদ্বয়ের স্পর্শবিন্দুর স্থানাঙ্ক কত?**

Ⓐ $(2, 7)$ Ⓑ $(2, 3)$ Ⓒ $(2, 10)$ Ⓓ $(0, 7)$

**Ans A Solve**

$(x-2)^2 + (y-3)^2 = 4^2$, কেন্দ্র $(2, 3)$

ব্যাসার্ধ $= 4$




এবং $(x-2)^2 + (y-10)^2 = 3^2$,

কেন্দ্র $(2, 10)$ ব্যাসার্ধ $= 3$,

স্পর্শবিন্দু $P(x, y)$ হলে

$x = \frac{4 \times 2 + 3 \times 2}{4+3} = 2,$

$y = \frac{4 \times 10 + 3 \times 3}{4+3} = 7 \therefore$ স্পর্শবিন্দু $(2, 7)$

**16. $\int_0^2 |x-1|\, dx = ?$**

Ⓐ 0 Ⓑ 1 Ⓒ 2 Ⓓ 3

**Ans B Solve** $\int_0^2 |x-1|\, dx$

ধরি, $x - 1 = z$

$\Rightarrow dx = dz$

| x | 0 | 2 |
|---|---|---|
| z | −1 | 1 |

$= \int_{-1}^{1} |z|\, dz$

$= \int_{-1}^{0} |z|\, dz + \int_0^1 |z|\, dz$

$= \int_{-1}^{0} -z dz + \int_0^1 z\, dz = \left[-\frac{z^2}{2}\right]_{-1}^{0} + \left[\frac{z^2}{2}\right]_0^1 = \frac{1}{2} + \frac{1}{2} = 1$

**17. $A = \begin{bmatrix} -1 & -3 \\ 2 & 4 \end{bmatrix}$ হলে $A^{-1} = ?$**

Ⓐ $\frac{1}{2}\begin{bmatrix} 4 & 3 \\ -2 & -1 \end{bmatrix}$ Ⓑ $-\frac{1}{2}\begin{bmatrix} 1 & 3 \\ 2 & -4 \end{bmatrix}$

Ⓒ $\frac{1}{2}\begin{bmatrix} 4 & 2 \\ -3 & -1 \end{bmatrix}$ Ⓓ $\frac{1}{10}\begin{bmatrix} 4 & 3 \\ -2 & -1 \end{bmatrix}$

**Ans A Solve** $|A| = \begin{vmatrix} -1 & -3 \\ 2 & 4 \end{vmatrix} = -4 + 6 = 2$

$\therefore A^{-1} = \frac{1}{2}\begin{bmatrix} 4 & 3 \\ -2 & -1 \end{bmatrix}$

**18. $(-7, 8)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্ত y অক্ষকে স্পর্শ করলে বৃত্তটির ব্যাস কত?**

Ⓐ 7 Ⓑ 8 Ⓒ 14 Ⓓ 16

**Ans C Solve** বৃত্তের কেন্দ্র $(-7, 8) \therefore$ বৃত্তটি y অক্ষকে স্পর্শ করে

$\therefore$ এর ব্যাসার্ধ $= |-7| = 7$

$\therefore$ বৃত্তের ব্যাস $= 2 \times$ ব্যাসার্ধ $= 2 \times 7 = 14$

**19. $(-1, 3)$ এবং $(4, -2)$ বিন্দুগামী রেখার অক্ষ দুটির মধ্যবর্তী খণ্ডিত অংশের দৈর্ঘ্য কত?**

Ⓐ $2\sqrt{3}$ Ⓑ $3\sqrt{2}$ Ⓒ 2 Ⓓ $2\sqrt{2}$

**Ans D Solve** প্রদত্ত বিন্দুগামী সরলরেখার সমীকরণ,

$\frac{y-3}{3+2} = \frac{x+1}{-1-4} \Rightarrow x + y + 1 - 3 = 0$

$\Rightarrow x + y = 2 \Rightarrow \frac{x}{2} + \frac{y}{2} = 1$

$\therefore$ অক্ষদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{2^2 + 2^2} = 2\sqrt{2}$

**20. $2x^2 + 3y^2 - 4x - 12y + 8 = 0$ সমীকরণটি কি প্রকাশ করে?**

Ⓐ বৃত্ত Ⓑ পরাবৃত্ত

Ⓒ অধিবৃত্ত Ⓓ উপবৃত্ত

**Ans D Solve** $2x^2 + 3y^2 - 4x - 12y + 8 = 0$ সমীকরণটিতে $x^2$ ও $y^2$ এর সহগদ্বয়ের মান ভিন্ন কিন্তু চিহ্ন অভিন্ন আবার xy পদ অনুপস্থিত

$\therefore$ সমীকরণটি উপবৃত্ত প্রকাশ করে।

**21. $y^2 = 4x + 8y$ পরাবৃত্তটির শীর্ষবিন্দুর স্থানাঙ্ক**

Ⓐ $(-4, 4)$ Ⓑ $(4, 4)$ Ⓒ $(-4, -4)$ Ⓓ $(4, -4)$

**Ans A Solve** $y^2 - 8y + 4^2 = 4x + 16$

$\Rightarrow (y-4)^2 = 4(x+4) \Rightarrow (y-4)^2 = 4.1.(x+4)$

$\therefore$ পরাবৃত্ত শীর্ষবিন্দুর বিন্দু, $x + 4 = 0 \Rightarrow x = -4$

$y - 4 = 0 \Rightarrow y = 4$

$\therefore$ শীর্ষবিন্দু $(-4, 4)$

**Shortcut:** $y^2 = 4x + 8y$ ; $y = \frac{8}{2} = 4,$

এখানে মূলসমীকরণে বসায়ে পাই $16 = 4x + 32 \Rightarrow x = -4$

$\therefore$ শীর্ষবিন্দু $(-4, 4)$

**22. $3x + 2y + c = 0$, $2x - ay + 7 = 0$ সরলরেখাদ্বয় পরস্পর লম্ব হলে, a এর মান কত?**

Ⓐ 3 Ⓑ −3 Ⓒ 2 Ⓓ −2

**Ans A Solve** প্রশ্নমতে $3 \times 2 + 2 \times (-a) = 0 \Rightarrow a = 3$

**23. কোন শর্তে $y = f(x)$ ফাংশনটি কোন একটি ব্যবধিতে ক্রমহ্রাসমান হবে?**

Ⓐ $\frac{dy}{dx} < 0$ Ⓑ $\frac{dy}{dx} > 0$ Ⓒ $\frac{dy}{dx} = 0$ Ⓓ $\frac{d^2y}{dx^2} > 0$

**Ans A Solve** ক্রমহ্রাসমান ফাংশনের ক্ষেত্রে স্পর্শকের ঢাল ঋণাত্মক। অর্থাৎ, $\frac{dy}{dx} < 0$

**24. $r = a\sqrt{\cos 2\theta}$ এর কার্তেসীয় সমীকরণ**

Ⓐ $(x^2 + y^2)^2 = a(x^2 - y^2)$ Ⓑ $(x^2 - y^2)^2 = a(x^2 + y^2)$

Ⓒ $(x^2 + y^2)^2 = a^2(x^2 - y^2)$ Ⓓ $(x^2 - y^2)^2 = a^2(x^2 + y^2)$

**Ans C Solve** $r = a\sqrt{\cos 2\theta} \Rightarrow r^2 = a^2 \cos 2\theta$

$\Rightarrow x^2 + y^2 = a^2(\cos^2\theta - \sin^2\theta) \Rightarrow (x^2 + y^2) = a^2\left(\frac{x^2}{r^2} - \frac{y^2}{r^2}\right)$

$\Rightarrow r^2(x^2 + y^2) = a^2(x^2 - y^2) \Rightarrow (x^2 + y^2)^2 = a^2(x^2 - y^2)$

**25. $\lim_{x \to 0} \frac{7 \sin \frac{x}{7}}{x} = ?$**

Ⓐ 0 Ⓑ $\frac{1}{7}$ Ⓒ 1 Ⓓ 7

**Ans C Solve** $\lim_{x \to 0} \frac{7 \sin \frac{x}{7}}{x} = \lim_{x \to 0} \frac{\sin \frac{x}{7}}{\frac{x}{7}} = 1$

@reqpdf

## জীববিজ্ঞান

01. লেমা ও প্যালিয়া কিসের অংশ?
Ⓐ পরাগধানী Ⓑ ডিম্বক
Ⓒ পাতা Ⓓ স্পাইকলেট
**D Solve** Poaceae গোত্রের তুষতুল্য মঞ্জরীপত্র বা পুষ্পপত্রকে গ্লুম বলা হয়।
• যে গ্লুমের কক্ষে পুষ্প থাকে না তা হলো শূন্যগ্লুম।
• যে গ্লুমের কক্ষে পুষ্প থাকে তা হলো পুষ্পগ্লুম বা লেমা।
• লেমার উপরে লেমাতুল্য গ্লুম হলো প্যালিয়া।
• লেমা ও প্যালিয়া স্পাইকলেট-এর অংশ।

02. নিচের কোনটি ডাইস্যাকারাইড?
Ⓐ গ্লুকোজ Ⓑ ফ্রুক্টোজ
Ⓒ ম্যাল্টোজ Ⓓ র‍্যাফিনোজ
**C Solve** ডাইস্যাকারাইড এর উদাহরণ : সুক্রোজ, সেলোবায়োজ, ম্যাল্টোজ ও ল্যাকটোজ।

03. নিচের কোনটি $C_4$ উদ্ভিদ?
Ⓐ *Zea mays* Ⓑ *Glycine max*
Ⓒ *Corchorus olitorius* Ⓓ *Manihot esculenta*
**A Solve** • যেসব উদ্ভিদে $C_4$ চক্রের মাধ্যমে কার্বন বিজারণ হয় তাদেরকে $C_4$ উদ্ভিদ বলে।
• $C_4$ উদ্ভিদের উদাহরণ : গিনিঘাস, ইক্ষু, ভুট্টা ও মুথাঘাস ইত্যাদি।

04. কোনটি পত্ররন্ধ্রের কাজ নয়?
Ⓐ প্রস্বেদন Ⓑ শ্বসন
Ⓒ নাইট্রোজেন বিপাক Ⓓ সালোকসংশ্লেষণ
**C Solve** উদ্ভিদের প্রধান তিনটি শারীরবৃত্তীয় কাজে পত্ররন্ধ্র অংশগ্রহণ করে থাকে। যেমন- শ্বসন, সালোকসংশ্লেষণ ও প্রস্বেদন।

05. ফসলের নতুন প্রকরণ উদ্ভাবনের পদ্ধতি কোনটি?
Ⓐ সংকরায়ন Ⓑ অঙ্গজ প্রজনন
Ⓒ পার্থেনোজেনেসিস Ⓓ জোড় কলম
**A Solve**
• ফসলের নতুন প্রকরণ উদ্ভাবনের পদ্ধতি হলো সংকরায়ন।
• ধানের ইরি বা বিরি বিভিন্ন উন্নত ফলনশীল প্রকরণ সংকরায়নের মাধ্যমে সৃষ্টি করা হয়েছে।

06. কোন উদ্ভিদের শুক্রাণু বৃহৎ?
Ⓐ *Ficus* Ⓑ *Pinus*
Ⓒ *Cycas* Ⓓ *Gnetum*
**C Solve** *Cycas*-এর শুক্রাণু উদ্ভিদকূলে সর্ববৃহৎ, লাটিমের মতো, সচল ও বহু ফ্ল্যাজেলাবিশিষ্ট।

07. নিচের কোনটি সালোকসংশ্লেষণের আলোক পর্যায়ে উৎপন্ন হয়?
Ⓐ ADP Ⓑ NADPH
Ⓒ ETS Ⓓ $C_6H_{12}O_6$
**B Solve** • সালোকসংশ্লেষণ এর আলোক নির্ভর অধ্যায়ে ATP ও NADPH তৈরি হয়।
• আলোক নির্ভর অধ্যায়ের বিক্রিয়াসমূহ থাইলাকয়েড মেমব্রন-এ সংঘটিত হয়।

08. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ার শেষ উৎপাদ কী?
Ⓐ গ্লুকোজ Ⓑ ফ্রুক্টোজ
Ⓒ পাইরুভিক অ্যাসিড Ⓓ অ্যাসিটিক অ্যাসিড
**C Solve** • গ্লাইকোলাইসিস বিক্রিয়া কোষের সাইটোপ্লাজমে ঘটে।
• গ্লাইকোলাইসিস প্রক্রিয়ার শেষ উৎপাদ পাইরুভিক অ্যাসিড।

09. কোনটিকে জীবন্ত জীবাশ্ম বলা হয়?
Ⓐ *Hibiscus* Ⓑ *Cycas*
Ⓒ *Ulothrix* Ⓓ *Agaricus*
**B Solve** • *Cycas*-কে জীবন্ত জীবাশ্ম বলা হয়।
• *Cycas* উদ্ভিদ Cycadales বর্গের অন্তর্গত।
• Cycadales বর্গের সদস্যদেরকে সাধারনভাবে Cycads বলা হয়।

10. আবৃতবীজী উদ্ভিদের এন্ডোস্পার্ম হলো-
Ⓐ হ্যাপ্লয়েড Ⓑ ট্রিপ্লয়েড
Ⓒ ডিপ্লয়েড Ⓓ টেট্রাপ্লয়েড
**B Solve** • আবৃতজীবী উদ্ভিদের এন্ডোভার্ম হলো ট্রিপ্লয়েড (3n)।
• এদের দ্বিনিষেক ঘটে, নিষেকের পর সস্য গঠন আরম্ভ হয়।

11. নিউক্লিয়ার বিভাজনকে কী বলে?
Ⓐ ইন্টারকাইনেসিস Ⓑ সাইটোকাইনেসিস
Ⓒ ক্যারিওকাইনেসিস Ⓓ ডায়াকাইনেসিস
**C Solve** • নিউক্লিয়াসের বিভাজনকে ক্যারিওকাইনেসিস বলে।
• মাইটোসিস বলতে মূলত ক্যারিওকাইনেসিসকেই বোঝানো হয়ে থাকে।

12. নিচের কোনটি গৌণ বৃদ্ধিতে সহায়তা করে?
Ⓐ জাইলেম Ⓑ ফ্লোয়েম Ⓒ ক্যাম্বিয়াম Ⓓ প্যারেনকাইমা
**C Solve** • ক্যাম্বিয়াম উদ্ভিদের গৌণ বৃদ্ধিতে সহায়তা করে।
• সেকেন্ডারি ভাজক টিস্যু উদ্ভিদের ভ্রূণাবস্থার অনেক পরে সৃষ্টি হয়।

13. উদ্ভিদের মূলে কোন ধরনের ভাস্কুলার বান্ডল দেখা যায়?
Ⓐ সমপার্শ্বীয় Ⓑ দ্বিসমপার্শ্বীয়
Ⓒ অরীয় Ⓓ কেন্দ্রিক
**C Solve** • উদ্ভিদের মূলের ভাস্কুলার বান্ডল অরীয়।
• কাণ্ডের ভাস্কুলার বান্ডল সংযুক্ত, সমপার্শ্বীয় অথবা সমদ্বিপার্শ্বীয়।

14. কোনটি সরলতম ত্রিস্তরী প্রাণীর পর্ব?
Ⓐ প্লাটিহেলমিনথেস Ⓑ অ্যানিলিডা
Ⓒ অ্যাম্ফিবিয়া Ⓓ এভিস
**A Solve** • প্রাণীদের মধ্যে Platyhelminthes পর্বের প্রাণীরা সরলতম, প্রথম ত্রিস্তরী প্রাণী।
• এদের দেহে সর্বপ্রথম টিস্যু-অঙ্গ মাত্রার গঠন দেখা যায়।

15. কোনটি ঘাসফড়িং-এর নিম্ন ওষ্ঠ?
Ⓐ ল্যাব্রাম Ⓑ ল্যাবিয়াম
Ⓒ ম্যাক্সিলা Ⓓ ম্যান্ডিবল
**B Solve** • ঘাসফড়িং-এর মুখোপাঙ্গের বিভিন্ন অংশ ল্যাব্রাম, ম্যান্ডিবল, ম্যাক্সিলা, ল্যাবিয়াম ও হাইপোফ্যারিংক্স।
• ঘাসফড়িং-এর নিম্ন ওষ্ঠ ল্যাবিয়াম।
• ঘাসফড়িং এর উপরের ওষ্ঠ ল্যাব্রাম।

16. রুই মাছের কয় জোড়া ফুলকা থাকে?
Ⓐ ১ জোড়া Ⓑ ২ জোড়া
Ⓒ ৩ জোড়া Ⓓ ৪ জোড়া
**D Solve** • রুই মাছের ৪ জোড়া ফুলকা থাকে।
• রুই মাছের প্রধান শ্বসন অঙ্গ ফুলকা (gill)।
• মোট পাঁচ জোড়া ফুলকা ছিদ্র (gill slit) থাকে।

17. নিচের কোনটি অমেরুদণ্ডী প্রাণীদেহের বর্জ্য পদার্থ অপসারণ করে থাকে?
Ⓐ নেফ্রিডিয়া Ⓑ ফুলকা
Ⓒ নিডোব্লাস্ট কোষ Ⓓ স্পিকিউল
**A Solve** নেফ্রিডিয়া অমেরুদণ্ডী প্রাণীদেহের বর্জ্য পদার্থ অপসারণ করে থাকে।
• এজন্য নেফ্রিডিয়াকে সেগমেন্টাল অর্গান (segmental organ) বলে

**18. কোনটি ঘাসফড়িং-এর পা-এর অংশ নয়?**

Ⓐ টিবিয়া Ⓑ ফিমার
Ⓒ অ্যান্টেনা Ⓓ ট্রোক্যান্টার

**C Solve** ঘাসফড়িং-এ প্রতিটি পা পাঁচখণ্ডে বিভক্ত। যথা : কক্সা, ট্রোক্যান্টার, ফিমার, টিবিয়া ও টার্সাস।

**19. দ্বৈত এপিস্ট্যাসিসের অনুপাত কত?**

Ⓐ ১৩ : ৩ Ⓑ ৯ : ৭
Ⓒ ১ : ২ : ১ Ⓓ কোনোটিই না

**B Solve** • দ্বৈত প্রচ্ছন্ন এপিস্ট্যাসিস-এর অনুপাত ৯ : ৭।
• মানুষের জন্মগত মূক-বধিরতা দ্বৈত প্রচ্ছন্ন এপিস্ট্যাসিসের অন্যতম উদাহরণ।

**20. বাংলাদেশের জাতীয় পাখির বৈজ্ঞানিক নামের গণ (genus) কোনটি?**

Ⓐ *Psittacula* Ⓑ *Copsychus*
Ⓒ *Hemidactylus* Ⓓ *Cavia*

**B Solve** • বাংলাদেশের জাতীয় পাখির বৈজ্ঞানিক নামের গণ : *Copsychus*।
• গলা ও বুকে নীলচে কালো (স্ত্রী দোয়েলের নীলচে- ধুসর) দেখা যায়।
• লেজ বেশ লম্বা ও তির্যকভাবে অবস্থিত।

**21. কোনটি রুই মাছের হৃৎপিণ্ডের উপ-প্রকোষ্ঠ?**

Ⓐ অলিন্দ Ⓑ নিলয়
Ⓒ সাইনাস-ভেনোসাস Ⓓ পেরিকার্ডিয়াল সাইনাস

**C Solve**
• রুই মাছের হৃৎপিণ্ডের উপ-প্রকোষ্ঠ সাইনাস-ভেনোসাস।
• রুই মাছের হৃৎপিণ্ডটি দুই প্রকোষ্ঠ বিশিষ্ট একটি অলিন্দ বা অ্যাট্রিয়াম এবং অন্যটি নিলয় বা ভেন্ট্রিকল।

**22. মানবদেহে লোহিত রক্তকণিকা (এরিথ্রোসাইট)-এর আয়ুষ্কাল কত দিন ?**

Ⓐ ৩০ দিন Ⓑ ৬০ দিন
Ⓒ ৯০ দিন Ⓓ ১২০ দিন

**D Solve** • মানবদেহে লোহিত রক্ত কণিকার আয়ুষ্কাল ১২০ দিন।
• এরিথ্রোসাইট সৃষ্টির প্রক্রিয়াকে এরিথ্রোপয়েসিস বলে।

**23. আমিষ পরিপাককারী এনজাইম কোনটি?**

Ⓐ মলটেজ Ⓑ সুক্রোজ
Ⓒ লাইপেজ Ⓓ ট্রিপসিন

**D Solve** আমিষ পরিপাককারী এনজাইম : পেপসিন, ট্রিপসিন, কাইমোট্রিপসিন ও অ্যামিনোট্রিপসিন ইত্যাদি।

**24. মানবদেহে সবচেয়ে বৃহৎ গ্রন্থি কোনটি?**

Ⓐ লালা গ্রন্থি Ⓑ লসিকা গ্রন্থি
Ⓒ যকৃৎ Ⓓ অগ্ন্যাশয়

**C Solve** • যকৃৎ দেহের প্রধান সঞ্চয় কেন্দ্র।
• মানবদেহে সবচেয়ে বৃহৎগ্রন্থি যকৃৎ যা দেহের ওজনের প্রায় ৩-৫%।
• যকৃৎ Blood Reservoir হিসেবে কাজ করে।

**25. হৃৎপিণ্ডের পেশির অবস্থা কোন পরীক্ষার মাধ্যমে জানা যায়?**

Ⓐ MRI Ⓑ ECG
Ⓒ ETT Ⓓ X-ray

**A Solve**
• হৃৎপিণ্ডের পেশির অবস্থা MRI পরীক্ষার মাধ্যমে জানা যায়।
• বুকের X-ray করানোর মাধ্যমে হৃৎপিণ্ডের অবস্থা জানা যায়।

## বাংলা

**01. 'যে ক্রিয়ার কর্ম নেই' তাকে কী বলে?**

Ⓐ অকর্মক ক্রিয়া Ⓑ সমাপিকা ক্রিয়া
Ⓒ সকর্মক ক্রিয়া Ⓓ অসমাপিকা ক্রিয়া

**A Solve** যে ক্রিয়ার কর্ম নেই বা কর্মপদ গ্রহণ করে না, তাকে অকর্মক ক্রিয়া বলে। যেমন : মেয়েটি হাসে। 'কী হাসে' বা 'কাকে হাসে' প্রশ্ন করলে কোনো উত্তর হয় না। কাজেই 'হাসে' ক্রিয়াটি অকর্মক।

**02. 'আমার পথ' প্রবন্ধে কোনটিকে সবচেয়ে বড় ধর্ম বলা হয়েছে?**

Ⓐ জীব-ধর্ম Ⓑ সমাজ-ধর্ম
Ⓒ মানুষ-ধর্ম Ⓓ প্রকৃত-ধর্ম

**C Solve** কাজী নজরুল ইসলাম 'আমার পথ' প্রবন্ধে মনুষ্যত্ববোধ ও ব্যক্তিসত্তার জাগরণের ওপর জোর দিয়েছেন। কারণ তিনি মনে করেন মনুষ্যত্ববোধ জাগ্রত হলে ধর্মের সত্য উন্মোচিত হবে, এক ধর্মের সঙ্গে অন্য ধর্মের বিরোধ মিটে যাবে।

**03. 'নিয়মিত পড়লে পরীক্ষায় পাশ করা যায়।' বাক্যটি কোন শ্রেণির?**

Ⓐ জটিল বাক্য Ⓑ সরল বাক্য
Ⓒ যৌগিক বাক্য Ⓓ খণ্ডবাক্য

**A Solve** কতিপয় জটিল বাক্য : যদিও লোকটি ধনী, তথাপি সে কৃপণ। যদিও তাঁর টাকা আছে, তবু তিনি দান করেন না। যেহেতু সে নিরপরাধ, সেহেতু সে মুক্তি পাবে। যখন বৃষ্টি থামল, তখন আমরা স্কুলে রওনা হলাম।

**04. 'অপরিচিতা' গল্পে পণ্ডিতমশায় অনুপমকে কোন ফুলের সঙ্গে তুলনা করতেন?**

Ⓐ শিউলি Ⓑ শিমুল
Ⓒ গোলাপ Ⓓ রজনীগন্ধা

**B Solve** রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পে পণ্ডিতমশায় কর্তৃক অনুপমকে বিদ্রূপ করার বর্ণনাটি এরকম : 'ছেলেবেলায় আমার সুন্দর চেহারা লইয়া পণ্ডিতমশায় আমাকে শিমুল ফুল ও মাকাল ফলের সহিত তুলনা করিয়া, বিদ্রূপ করিবার সুযোগ পাইয়াছিলেন।'

**05. 'রেইনকোট' গল্পের রেইনকোটটি কার?**

Ⓐ মিন্টুর Ⓑ আব্দুস সাত্তারের
Ⓒ নুরুল হুদার Ⓓ আকবর সাজিদের

**A Solve** 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে। পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়। এ গল্পের পাঠ গ্রহণ করা হয়েছে 'আখতারুজ্জামান ইলিয়াস রচনাসমগ্র ১' থেকে।

**06. 'ঐকতান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**

Ⓐ মানসী Ⓑ খেয়া
Ⓒ জন্মদিনে Ⓓ বলাকা

**C Solve** 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যক কবিতা। কবির মৃত্যুর মাত্র চার মাস আগে ১৩৪৮ বঙ্গাব্দের পহেলা বৈশাখ 'জন্মদিনে' কাব্যগ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। কবিতাটি সমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

**07. উপসর্গের কাজ কোনটি?**

Ⓐ শব্দ সংক্ষেপণ Ⓑ উচ্চারণে সহায়তা
Ⓒ নতুন শব্দগঠন Ⓓ বর্ণ সংযোজন

**C Solve** উপসর্গের কাজ : i. নতুন শব্দ তৈরি করে। ii. শব্দের অর্থের সংকোচন করে। iii. শব্দের অর্থের সম্প্রসারণ করে। iv. শব্দের অর্থের পরিবর্তন করে। v. শব্দের অর্থের পূর্ণতা সাধন করে।

08. 'ধান দিয়ে কী হইবো মানুষের জান যদি না থাকে' উক্তিটি কার?
Ⓐ রহিমার Ⓑ আমেনা বিবির
Ⓒ জমিলার Ⓓ হাসুনির মার

**A Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র 'লালসালু' উপন্যাসে আপাতদৃষ্টিতে রহিমাকে মনে হয়েছিল ব্যক্তিত্বহীন, একমাত্র আনুগত্যের মধ্যেই ছিল যার জীবনের সার্থকতা, সেই সহজ সরল সাধারণ নারীই উপন্যাসের শেষে এসে ধর্মভীরুতা বা স্বামীভক্তিকে ছাপিয়ে মুখ্য হয়ে উঠেছে নিপীড়িত নারীর প্রতি মাতৃহৃদয়ের সহানুভূতিতে। তাই যার আনুগত্য পর্বতের মতো অটল ধ্রুবতারার মতো স্থির, সেই রহিমাকেও ঝড়ের রাতে মাজারে বেঁধে রাখা জমিলা সম্পর্কে বলতে দেখি– 'ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে?'

09. কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধটি কোন প্রবন্ধগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
Ⓐ যুগবাণী Ⓑ দুর্দিনের যাত্রী
Ⓒ রুদ্র-মঙ্গল Ⓓ রাজবন্দির জবানবন্দি

**C Solve** 'আমার পথ' প্রবন্ধটি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত হয়েছে। এ প্রবন্ধে কাজী নজরুল ইসলাম প্রতিটি মানুষকে পূর্ণ এক 'আমি'র সীমায় ব্যাপ্ত করতে চেয়েছেন।

10. 'annex' শব্দের বাংলা পরিভাষা কোনটি?
Ⓐ পরিশিষ্ট Ⓑ অধ্যায়
Ⓒ সূচিপত্র Ⓓ পাদটীকা

**A Solve** গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Admission | ভর্তি/প্রবেশ | Affidavit | শপথনামা |
| Agenda | আলোচ্যসূচি | Agent | প্রতিনিধি |

11. 'বিভক্তিহীন নাম শব্দকে' কী বলে?
Ⓐ মৌলিক শব্দ Ⓑ নাম শব্দ
Ⓒ প্রাতিপদিক Ⓓ কৃদন্ত শব্দ

**C Solve** বিভক্তিহীন নাম শব্দকে 'নাম প্রকৃতি/প্রাতিপদিক' বলে। নাম পদের মূল অংশকে বলা হয় 'নাম প্রকৃতি'। যেমন : মেয়েটি বড় ভাবিনী। এ বাক্যে 'বড়'– এর সঙ্গে কোনো বিভক্তি যুক্ত হয়নি।

12. কোনটি মৌলিক শব্দ?
Ⓐ গোলাপ Ⓑ শীতল
Ⓒ ঢাকাই Ⓓ কান্না

**A Solve** যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেমন : গোলাপ, নাক, লাল, তিন।

13. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
Ⓐ সমাপ্ত Ⓑ দম্পতি
Ⓒ অভাব Ⓓ সিংহাসন

**B Solve** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন : দোয়াত ও কলম = দোয়াত-কলম, ছাত্র ও ছাত্রী = ছাত্রছাত্রী, নথি ও পত্র = নথিপত্র, হত ও আহত = হতাহত।

14. নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ–
Ⓐ গৃহিণী Ⓑ উষ্ণ
Ⓒ সমর্পণ Ⓓ কঙ্কণ

**D Solve** স্বভাবতই 'ণ' বসে এমন কয়েকটি শব্দ :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চাণক্য | মাণিক্য | গণ | বাণিজ্য | লবণ | মণ |
| বেণু | বীণা | কঙ্কণ | কণিকা | কল্যাণ | শোণিত |
| চিক্কণ | নিক্বণ | তূণ | ফণি | বণিক | গুণ |

15. 'সেই অস্ত্র' কবিতায় বর্ণিত নগরটির নাম কী?
Ⓐ এথেন্স Ⓑ বাগদাদ Ⓒ ট্রয় Ⓓ জেরুজালেম

**C Solve** আহসান হাবীবের (১৯১৭-৮৫) 'সেই অস্ত্র' কবিতায় উল্লেখকৃত ট্রয় নগরী হলো প্রাচীন গ্রিসের স্থাপত্যকলায় নন্দিত এক শহর (বর্তমানে তুরস্কে অবস্থিত)। মানুষের হিংসা-বিদ্বেষ ঈর্ষা আর দম্ভের শিকার হয়ে পৃথিবীর ইতিহাসে বারংবার ধ্বংস হয়েছে এই নগরী। যুদ্ধের নির্মমতার এক চিরায়ত দৃষ্টান্ত এই ট্রয়।

16. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কার আগমনী গানের কথা বলা হয়েছে?
Ⓐ গ্রীষ্ম Ⓑ শীত Ⓒ বসন্ত Ⓓ বর্ষা

**C Solve** 'জননী সাহসিকা' সম্ভাষণে ভূষিত সুফিয়া কামালের (১৯১১-১৯৯৯) সংলাপনির্ভর রচনা 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়।

17. 'আহ্বান' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?
Ⓐ আওভান্ Ⓑ আহোবান্
Ⓒ আহোভান্ Ⓓ আহোব্বান্

**A Solve** শব্দের প্রমিত উচ্চারণ : বিহ্বল (বিউভল্), অক্ষমতা (অক্‌খমোতা), জিহ্বা (জিউভা), অঙ্ক (অঙ্‌কো), অহৃদ্য (অহৃদ্‌দো), অহোরাত্র (অহোরাত্‌ত্রো), অঙ্কুর (ওঙ্‌কুর), অগ্রণী (অগ্‌গ্রোনি)।

18. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?
Ⓐ দারিদ্রতা Ⓑ ঐক্যতা Ⓒ উৎকর্ষতা Ⓓ বিশিষ্টতা

**D Solve** কতিপয় শব্দের শুদ্ধ রূপ :

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|
| স্ববান্ধব | সবান্ধব | স্বস্ত্রীক | সস্ত্রীক |
| একত্রিত | একত্র | আয়ত্তাধীন | অধীন/আয়ত্ত |

19. সম্বোধনে কোন বিরামচিহ্ন বসে?
Ⓐ দাঁড়ি Ⓑ কমা
Ⓒ কোলন Ⓓ ড্যাস

**B Solve** সম্বোধন পদের পরে যতি চিহ্ন হিসেবে কমা বসে। যেমন : এই মাঝি, এদিকে এসো।

20. 'গোলাপ' শব্দটির উৎস কোন ভাষা থেকে?
Ⓐ আরবি Ⓑ ফারসি
Ⓒ ফরাসি Ⓓ তুর্কি

**B Solve** কতিপয় বিদেশি শব্দ :

| | |
|---|---|
| আরবি | হাজির, রোয়াক, আক্কেল, হালুয়া, কসাই, মশাল, কৈফিয়ৎ। |
| ফারসি | দস্তখত, মশক, গেরো, নালিশ, বান্দা, জিন্দা, জানোয়ার। |
| তুর্কি | বাবা, খোকা, কাঁচি, বাবুর্চি, তোপ। |
| ফরাসি | রেস্তোরাঁ, কার্তুজ, কুপন, ডিপো, আঁতাত, রেনেসাঁ। |

21. কোনটি পার্শ্বিক ধ্বনির উদাহরণ?
Ⓐ ম Ⓑ ক Ⓒ হ Ⓓ ল

**D Solve** পার্শ্বিক ধ্বনি 'ল'। জিহ্বার দু'পাশ দিয়ে বায়ু নিঃসৃত হয় বলে একে পার্শ্বিক ধ্বনি বলে। একে আবার তরল ধ্বনিও বলা হয়।

22. 'আমি চাঁদ দেখেছি' বাক্যটিতে কোন ক্রিয়াপদ ব্যবহৃত হয়েছে?
Ⓐ সকর্মক ক্রিয়া Ⓑ অকর্মক ক্রিয়া
Ⓒ দ্বিকর্মক ক্রিয়া Ⓓ প্রযোজক ক্রিয়া
**A Solve** যে ক্রিয়ার কর্মপদ আছে তাকে সকর্মক ক্রিয়া বলে। যেমন : মেয়েটি চা খেতে পছন্দ করে।

23. কোন বাক্যটি শুদ্ধ?
Ⓐ বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর Ⓑ বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
Ⓒ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর Ⓓ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
**D Solve** বাক্যশুদ্ধিকরণ :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| সে নির্দোষী | সে নির্দোষ |
| সাবধানপূর্বক চলবে | সাবধানে চলবে |

24. 'কুহেলী' শব্দের অর্থ কী?
Ⓐ কুয়াশা Ⓑ বাতাস
Ⓒ চাদর Ⓓ পাখির ডাক
**A Solve** গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | |
|---|---|
| সালতি | তালকাঠের সরু ডোঙা বা নৌকা। |
| করাতি | করাত দিয়ে কাঠ কাটেন যিনি। |
| উদীচী | উত্তর দিক। |
| স্থূলবুদ্ধি | সূক্ষ্ম বিচারবুদ্ধিহীন। |

25. সাহিত্যের কোন শাখাটি সংলাপনির্ভর?
Ⓐ গল্প Ⓑ মহাকাব্য
Ⓒ নাটক Ⓓ আত্মজীবনী
**C Solve** সাহিত্য রচনার একটি বিশেষ রূপশ্রেণি হলো নাটক। প্রাচ্য নাট্যশাস্ত্রে একে দৃশ্যকাব্য বলে অভিহিত করা হয়েছে। গ্রিক ভাষা থেকে আগত 'ড্রামা' শব্দটির অর্থ হলো 'অ্যাকশন' তথা কিছু করে দেখানো। বাংলা নাটক, নাট্য, নট, নটী প্রভৃতি শব্দও উদ্ভূত হয়েছে 'নট্' ধাতু থেকে, যার অর্থ : নড়া-চড়া করা।

## English

**Read the following passage and answer the questions (1-4)**

Putting men on Mars has been an idea in science fiction for quite a while. However, when man first walked on the Moon, walking on Mars suddenly seemed feasible. A manned mission to Mars would be a huge milestone in space exploration. It would allow a more in-depth study of the Red Planet, and many have argued that building a permanent base on Mars is much more practical than building one on the Moon. A mission to Mars would be similar to the Moon landings, but much more difficult. The trip is about a hundred times longer, and there are new problems such as the Martian weather which must be considered. NASA currently has plans to have a man on Mars sometime in the 2030s, while the ESA plans to do so also around the same time. Russia has plans to launch a manned Mars mission by 2040.

**01. Sending human beings to Mars has been a topic of —.**
Ⓐ NASA Ⓑ Movies
Ⓒ ESA Ⓓ Literature
**D Explanation** মঙ্গলগ্রহে মনুষ্য অভিযান – এটি কোন বিষয়ের অন্তর্ভুক্ত, এখানে জানতে চাওয়া হয়েছে। সঠিক উত্তর Literature যা অনুচ্ছেদের an idea in science fiction অংশ থেকে বোঝা যায়।

**02. What seems to be a possibility now?**
Ⓐ Sending a probe to Mars
Ⓑ Building a permanent base on the Moon
Ⓒ Landing on Mars by human beings
Ⓓ Controlling Martian weather
**C Explanation** কয়েক বছরের মধ্যে মঙ্গলগ্রহে মানুষের পদচারণা সম্ভব হতে যাচ্ছে- passage থেকে এটি সহজেই অনুমেয়।

**03. What will be the outcome of a manned mission to Mars?**
Ⓐ A permanent base on the red planet
Ⓑ A hundred time longer trip
Ⓒ Martian weather management
Ⓓ An in-depth study of the planet
**D Explanation** লালগ্রহটিতে আরো পুঙ্খানুপুঙ্খ সহজ গবেষণাই হবে মঙ্গলে মনুষ্য অভিযানের ফলাফল। অর্থাৎ গ্রহটি সম্পর্কে আরো বেশি জানা যাবে।

**04. What is the meaning of the word 'milestone'?**
Ⓐ Investigation Ⓑ A large stone
Ⓒ Breakthrough Ⓓ Invention
**C Explanation** Passage অনুযায়ী Milestone এর অর্থ breakthrough অর্থাৎ অবিস্মরণীয় কোনো ঘটনা যা অনেক গুরুত্ব বহন করে।

**Choose the best option from the alternatives (5-20):**

**05. I am used to —— by boats.**
Ⓐ travelling Ⓑ travel
Ⓒ be travelling Ⓓ have been travelling
**A Explanation** Used to এর পূর্বে be verb থাকলে পরবর্তী verb এর base form এর সাথে ing হবে।

**06. Would you mind — the door?**
Ⓐ to close Ⓑ to closing
Ⓒ closing Ⓓ to be closed
**C Explanation** Would you mind এর পর present participle অর্থাৎ verb + ing বসে।

**07. The Padma Bridge —— over the Padma River is the longest bridge in Bangladesh.**
Ⓐ constructed Ⓑ was constructed
Ⓒ is constructed Ⓓ which constructed
**A Explanation** The Padma Bridge which was constructed over এখান থেকে which was অংশটি reduced করে শুধু constructed বসানো হয়েছে।

**08. —— your help, I could not overcome the problem.**
Ⓐ For Ⓑ But for
Ⓒ Instead of Ⓓ In case of
**B Explanation** But for (ব্যতীত) your help, I could not overcome the problem. আমি তোমার সাহায্য ব্যতীত এ সমস্যাটি সমাধান করতে পারতাম না।

**09. Do you know — ?**
Ⓐ where does he live Ⓑ where did he live
Ⓒ where he lives Ⓓ where he live
**C** Explanation Embedded Question এর নিয়মানুযায়ী subordinate অংশে interrogative structure ব্যবহৃত হবে না।

**10. The judge wanted the murderer to be —.**
Ⓐ hung Ⓑ hanged
Ⓒ hanging Ⓓ hunged
**B** Explanation ফাঁসিতে ঝোলানো অর্থে hang – এর past participle hanged ব্যবহৃত হয় ; to be এর পর verb এর past participle বসে।

**11. His —— condition is not good.**
Ⓐ economical Ⓑ economic
Ⓒ economics Ⓓ economy
**B** Explanation His economic condition is not good – অর্থাৎ তার অর্থনৈতিক অবস্থা ভাল নয়।

**12. The programme was ——.**
Ⓐ telecast live Ⓑ telecasted live
Ⓒ telecast lively Ⓓ telecasted alive
**A** Explanation সাধারণত passive অর্থে am, is, are, was, were এর পর verb এর past participle বসে। Telecast এর past participle – telecast।

**13. If I had wings, I — in the sky.**
Ⓐ would have flown Ⓑ would be flying
Ⓒ will fly Ⓓ would fly
**D** Explanation 2nd conditional এর নিয়মানুযায়ী ২য় clause-এ Subject + would/could/might + verb এর present form হবে।

**14. He is yet to get a suitable job — his good results.**
Ⓐ in spite Ⓑ in spite off
Ⓒ despite Ⓓ though
**C** Explanation ভালো ফলাফল হওয়া স্বত্ত্বেও (despite) তিনি একটা উপযুক্ত চাকরি পাচ্ছেন না।

**15. I take pride —— my achievements.**
Ⓐ on Ⓑ for
Ⓒ in Ⓓ with
**C** Explanation Take pride in something অর্থ কোনোকিছু নিয়ে গর্ববোধ করা।

**16. Rony said that he — her dancing.**
Ⓐ saw Ⓑ had seen
Ⓒ has seen Ⓓ sees
**B** Explanation প্রথম অংশে said that (past indefinite) থাকায় অর্থের ধারাবাহিকতা রক্ষায় পরবর্তী clause-টি past perfect হবে।

**17. The greater the demand, — the price.**
Ⓐ high Ⓑ higher
Ⓒ the highest Ⓓ the higher
**D** Explanation Double comparative এর নিয়মানুযায়ী The greater...... the higher হবে।

**18. By four o'clock, the staff —— the work.**
Ⓐ will have been finishing Ⓑ will have finished
Ⓒ will be finishing Ⓓ may be finishing
**B** Explanation ভবিষ্যতে নির্দিষ্ট সময়ের মধ্যে কোনো কাজ সম্পাদিত হবে এরূপ বোঝাতে সাধারণত future perfect tense (sub + shall/will+ have + v.p.p) ব্যবহৃত হয়।

**19. 'Bona fide' is synonymous with ——.**
Ⓐ genuine Ⓑ innocent
Ⓒ placid Ⓓ dauntless
**A** Explanation Bona fide (Adj) এর অর্থ খাঁটি। এর সমার্থক শব্দ- genuine, real, actual ইত্যাদি।

**20. He told me that he —— if he could finish work early.**
Ⓐ may come Ⓑ has to come
Ⓒ would come Ⓓ would have come
**C** Explanation If এর পরের Clause-টি past indefinite (he could finish) থাকায় অর্থানুযায়ী পূর্বেরটিও past indefinite (would come) হবে।

**21. Which sentence is correct?**
Ⓐ How long have you been joined this company?
Ⓑ When did you join this company?
Ⓒ How long are you joined this company?
Ⓓ When you do join this company?
**B** Explanation আপনি কখন/কবে এ কোম্পানিতে join করেছেন- এর সঠিক Translation হচ্ছে - When did you join this company? Grammatically বাক্যটি past indefinite tense এর interrogative form এ হবে।

**22. What is an antonym for 'dismantle'?**
Ⓐ Strike Ⓑ Assemble
Ⓒ Destroy Ⓓ Remake
**B** Explanation Dismantle (v)- ধ্বংস করা, নত করা; এর Antonym হবে- Assemble, construct, build.

**23. Choose the correctly spelled word.**
Ⓐ Bureaucracy Ⓑ Accomodation
Ⓒ Maintainance Ⓓ Bizzare
**A** Explanation সঠিক বানান Bureaucracy যার অর্থ আমলাতন্ত্র।

**24. What is the synonym for 'adjourn'?**
Ⓐ Postpone Ⓑ Ban
Ⓒ Advise Ⓓ Cancel
**A** Explanation Adjourn (v) এর অর্থ স্থগিত করা বা রাখা। এর synonym হচ্ছে- postpone, defer, suspend, put off etc.

**25. Choose the correct sentence.**
Ⓐ Many men was present there.
Ⓑ Many man were present there.
Ⓒ Many a man was present there.
Ⓓ Many a man were present there.
**C** Explanation Many a/an + singular subject + singular verb হবে ; তাই Many a man was present there বাক্যটি সঠিক।

## ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ
### ভর্তি পরীক্ষা : ২০২০-২১; ইউনিট : বিজ্ঞান

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

### বাংলা

**01. 'রেইনকোট' গল্পের কথক নুরুল হুদা কয়বার বাড়ি পাল্টায়?**

Ⓐ দুইবার Ⓑ তিনবার Ⓒ চারবার Ⓓ পাঁচবার

**C Solve** আখতারুজ্জামান ইলিয়াসের রেইনকোট (১৯৯৫) গল্পটিতে রেইনকোটের প্রতীকী তাৎপর্য অসাধারণ। মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিয়ে সাধারণ ভীতু প্রকৃতির নুরুল হুদার মধ্যে সঞ্চারিত হয় যে উষ্ণতা, সাহস ও দেশপ্রেম– তারই ব্যঞ্জনায় প্রকাশ ঘটেছে এ গল্পে।

**02. 'সকল ছাত্ররাই যথাসময়ে উপস্থিত হয়েছে' বাক্যটিতে কী ধরনের ভুল আছে?**

Ⓐ বিভক্তি Ⓑ বানান Ⓒ বচন Ⓓ পদ

**C Solve** অনেক সময় বিশেষণ পদ নির্ধারক বহুবচনের কাজ করে। এ ক্ষেত্রে মূল শব্দটিকে বহুবচন করার দরকার হয় না। যেমন :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| যাবতীয় প্রাণীবৃন্দ এ গ্রহের বাসিন্দা। | যাবতীয় প্রাণী এ গ্রহের বাসিন্দা। |
| সকল দর্শকমণ্ডলীকে স্বাগত জানাই। | সকল দর্শককে স্বাগত জানাই |
| সমুদয় পক্ষীরাই নীড় বাঁধে। | সমুদয় পক্ষীই নীড় বাঁধে। |

**03. 'সাফল্য চাও, তবে পরিশ্রম করো' বাক্যটি কোন শ্রেণির?**

Ⓐ যৌগিক Ⓑ জটিল Ⓒ সরল Ⓓ বিস্ময়সূচক

**A Solve** একাধিক স্বাধীন ও অ-সাপেক্ষ বাক্য সংযোজক বা বিয়োজক অব্যয় দ্বারা যুক্ত হয়ে দীর্ঘতর বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।

| জটিল | যৌগিক |
|---|---|
| যদিও তিনি ধনী, তথাপি তিনি অসুখী। | তিনি ধনী, কিন্তু অসুখী। |
| যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে। | পরিশ্রম কর, তবে ফল পাবে। |

**04. 'অপরিচিতা' গল্পে কল্যাণীর বাবা ছিলেন–**

Ⓐ ডাক্তার Ⓑ আইনজীবী Ⓒ শিক্ষক Ⓓ ব্যবসায়ী

**A Solve** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। 'অপরিচিতা' উত্তম পুরুষের জবানিতে লেখা গল্প।

**05. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?**

Ⓐ কৃষ্ণচূড়া ফুল Ⓑ নক্ষত্র Ⓒ রৌদ্র Ⓓ রক্ত

**B Solve** গদ্যছন্দ ও প্রবহমান ভাষার সুষ্ঠু বিকাশে রচিত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় শামসুর রাহমান বর্ণমালাকে নক্ষত্রের সঙ্গে তুলনা করে বলেছেন–

দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো
ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা।

**06. নিচের কোন শব্দটি সংস্কৃত উপসর্গযোগে গঠিত শব্দ?**

Ⓐ পাতিহাঁস Ⓑ প্রভাত Ⓒ রামদা Ⓓ নিখোঁজ

**B Solve** প্রদত্ত শব্দগুলোর উপসর্গের উৎস নির্দেশ ও প্রায়োগিক ব্যবহার :

| উপসর্গ | | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|---|
| বাংলা | পাতি | ক্ষুদ্র অর্থে | পাতিহাঁস, পাতিশিয়াল, পাতিলেবু। |
| | রাম | বড় বা উৎকৃষ্ট অর্থে | রামছাগল, রামশিঙ্গা, রামদা। |
| | নি | নাই/নেতি অর্থে | নিখুঁত, নিখোঁজ, নিরেট, নিদয়। |
| সংস্কৃত | প্র | উৎকর্ষ অর্থে | প্রকৃষ্ট, প্রদর্শন, প্রমূর্ত, প্রভাত। |

**07. 'কানাকানি' কোন সমাসের উদাহরণ?**

Ⓐ কর্মধারয় Ⓑ বহুব্রীহি Ⓒ দ্বন্দ্ব Ⓓ দ্বিগু

**B Solve** ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি সমাস হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যেমন : হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি, কানে কানে যে কথা = কানাকানি।

**08. নিচের কোন বানানটি শুদ্ধ?**

Ⓐ সমীচীন Ⓑ পাখি Ⓒ মুহূর্ত Ⓓ সমীকরণ

**Note Solve** অপশনে প্রদত্ত প্রত্যেকটি শব্দই শুদ্ধ। কতিপয় শুদ্ধ শব্দ : দৈন্য, শ্রদ্ধাঞ্জলি, মুহূর্ত, মুমূর্ষু, পরিপক্ব, চতুষ্পদ, দুর্ঘটনা, দুরবস্থা, দুরূহ, মৃন্ময়, আহ্নিক, হীনম্মন্যতা, স্বয়ংবরা, দৌরাত্ম্য।

**09. বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে বলা হয়–**

Ⓐ আসত্তি Ⓑ যোগ্যতা Ⓒ আকাঙ্ক্ষা Ⓓ আসক্তি

**C Solve** বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তা-ই আকাঙ্ক্ষা। যেমন : 'চন্দ্র পৃথিবীর চারদিকে'– এটুকু বললে বাক্যটি সম্পূর্ণ মনোভাব বিজ্ঞাপিত করে না, আরও কিছু শোনবার ইচ্ছা হয়। বাক্যটি এভাবে পূর্ণাঙ্গ করা যায় : চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে। এখানে আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়েছে বলে এটি পূর্ণাঙ্গ বাক্য।

**10. 'লালসালু' উপন্যাসে শস্যহীন জনবহুল অঞ্চলের মানুষের 'খোদার এলেমে বুক ভরে না' কারণ–**

Ⓐ শস্যের চেয়ে টুপি বেশি Ⓑ বিপথগামী
Ⓒ তলায় পেট শূন্য বলে Ⓓ ধর্মের আগাছা বেশি

**C Solve** 'লালসালু' (১৯৪৮) একটি সামাজিক সমস্যামূলক উপন্যাস। এ উপন্যাসে ঔপন্যাসিক দেখাতে চেয়েছেন অভাব ও সংকট দেখা দিলে ধর্মীয় বিদ্যা এবং ধর্মচর্চা দ্বারা ক্ষুধার্ত মানুষের চাহিদা পূরণ সম্ভব নয়।

**11. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির অনুভূতির সাথে কোনটি তুলনীয়?**

Ⓐ প্রকৃতির সৌন্দর্য Ⓑ শীতের রিক্ততা
Ⓒ প্রকৃতির বিরূপতা Ⓓ বসন্তের আমেজ

**B Solve** 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি সুফিয়া কামালের ব্যক্তি জীবনের ছায়াপাত ঘটেছে। তাঁর সাহিত্য সাধনার প্রধান সহায়ক ও উৎসাহদাতা স্বামী সৈয়দ নেহাল হোসেনের আকস্মিক মৃত্যুতে (১৯৩২) কবির জীবনে প্রচণ্ড শূন্যতা নেমে আসে। ফলে তাঁর ব্যক্তি জীবন ও কাব্যসাধনার ক্ষেত্রে নেমে আসে এক দুঃসহ বিষণ্ণতা। কবি আচ্ছন্ন হয়ে যায় রিক্ততার হাহাকারে।

**12. আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পটি কোন পেক্ষাপটে রচিত?**

Ⓐ সিপাহী বিদ্রোহ Ⓑ ভাষা আন্দোলন
Ⓒ একাত্তরের মুক্তিযুদ্ধ Ⓓ উনসত্তরের গণ অভ্যুত্থান

**C Solve** ১৯৯৫ সালে প্রকাশিত আখতারুজ্জামান ইলিয়াস (১৯৪৩-৯৭) মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে রচনা করেন 'রেইনকোট' গল্পটি। নুরুল হুদার জবানিতে অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে। গল্পটি 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গল্পগ্রন্থ থেকে সংকলিত হয়েছে।

## English

**Read the following passage and answer the questions (13-16) :**

The COVID-19 pandemic in Bangladesh is part of the worldwide pandemic of coronavirus disease. It is caused by severe acute respiratory syndrome coronavirus 2 (SARS-COV-2). The virus was reported to have been originated from China in December 2019. Although COVID patients were detected in other countries in January 2020, the first three known cases were reported on 8 March 2020 by the country's epidemiology institute, IEDCR. Bangladesh is the second most affected country in South Asia, after India.

**13. When was the first case of COVID-19 reported in Bangladesh?**
Ⓐ December 2019 Ⓑ January 2020
Ⓒ December 2020 Ⓓ March 2020

Ⓓ Explanation Passage -এ বলা হয়েছে যে, ২০১৯ সালের ডিসেম্বরে চীনে কোভিডের উৎপত্তি। ২০২০ সালের জানুয়ারিতে অন্যান্য দেশে কোভিড রোগী শনাক্ত হলেও বাংলাদেশে প্রথম কোভিড রোগী শনাক্ত হয় মার্চ মাসে।

**14. What is responsible for COVID-19?**
Ⓐ A bacteria Ⓑ Pneumococcus
Ⓒ Human immunodeficiency virus
Ⓓ SARS-COV-2

Ⓓ Explanation Passage -এর ২য় লাইন অনুযায়ী কোভিড-১৯ রোগের জন্য দায়ী মূলত SARS-COV-2।

**15. Which country has the most cases of COVID-19 cases in South Asia?**
Ⓐ Bangladesh Ⓑ India Ⓒ Pakistan Ⓓ Nepal

Ⓑ Explanation Passage -এর শেষ লাইনে লেখক বাংলাদেশে কোভিডের তীব্রতা বোঝাতে বলছেন যে, দক্ষিণ এশিয়ায় ভারতের পরেই বাংলাদেশের অবস্থান। অর্থাৎ দক্ষিন এশিয়ায় কোভিড আক্রান্ত রোগীর ক্ষেত্রে ভারত শীর্ষে রয়েছে।

Ⓒ অটো প্রভাবক
Ⓓ আবিষ্ট প্রভাবক

**A** Solve ধনাত্মক প্রভাবক → $MnO_2$, Ni.
ঋণাত্মক প্রভাবক → গ্লিসারিন।
স্ব (অটো) প্রভাবক → $Mn^{2+}$.
আবিষ্ট প্রভাবক → সোডিয়াম সালফাইট ($Na_2SO_3$)

64. শিখা পরীক্ষায় নীলাভ-সবুজ বর্ণ দেখায় কোন মৌল?

Ⓐ Ca Ⓑ Na
Ⓒ Mg Ⓓ Cu

**D** Solve শিখা পরীক্ষায় ধাতুর বর্ণ:
Na → সোনালি হলুদ, K → বেগুনি, Ca → ইটের মত লাল,
Ba → হলুদাভ সবুজ, Cu → নীলাভ সবুজ

65. $CH_3CH_2CH_2Br + Na \xrightarrow{\text{dry ether}}$ M, M- যৌগটির নাম কী?

Ⓐ হেক্সেন Ⓑ প্রপেন
Ⓒ প্রপিন Ⓓ হেক্সিন

**A** Solve নিম্নরূপ উর্টজ বিক্রিয়া ঘটে:
$2\,C_3H_7Br + 2Na \xrightarrow{\text{শুষ্ক ইথার}} C_6H_{14} + 2\,NaBr$

**66. $HSO_4^-$ এর অনুবন্ধী এসিড কোনটি?**

Ⓐ $H_3O^+$ Ⓑ $HSO_3^-$
Ⓒ $H_2SO_4$ Ⓓ $SO_4^{2-}$

Ans C Solve ব্রনস্টেড- লাউরি অম্ল-ক্ষারক মতবাদ অনুসারে কোন ক্ষারক, অম্ল প্রদত্ত একটি প্রোটন গ্রহণ করার পর যে অনু বা আয়ন তৈরি করে, সেটি ঐ ক্ষারকের অণুবন্ধী অম্ল।

$HSO_4^- + H^+ \longrightarrow H_2SO_4$
ক্ষারক অনুবন্ধী এসিড

**67. $C_5H_{12}$ এর কতগুলো সমাণু সম্ভব?**

Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ 6

Ans A Solve সম্ভাব্য সমাণুসমূহ:

$H_3C-CH_2-CH_2-CH_2-CH_3$
n-পেন্টেন


2-মিথাইল বিউটেন


neo-পেন্টেন/ডাইমিথাইল প্রোপেন

**68. $C_6H_5CH_3$ অণুতে σ ও π বন্ধনের সংখ্যা যথাক্রমে-**

Ⓐ 15, 3 Ⓑ 12, 3
Ⓒ 9, 6 Ⓓ 6, 3

Ans A Solve




**69. নিচের কোনটি অ্যালডল ঘনীভবন বিক্রিয়ায় অংশগ্রহণ করে?**

Ⓐ HCHO Ⓑ Ph–CHO
Ⓒ $(CH_3)_3CCHO$ Ⓓ $CH_3CHO$

Ans D Solve যেসব অ্যালডিহাইডে α হাইড্রোজেন আছে, তারা অ্যালডল ঘনীভবন বিক্রিয়া দেয়।


NO α-Carbon


NO α-Hydrogen


NO α-Hydrogen

**70. অ্যালকাইল হ্যালাইডের $S_N2$ বিক্রিয়ার সক্রিয়তার ক্রম কোনটি?**

Ⓐ $1° > 2° > 3° > CH_3\text{-}X$
Ⓑ $2° > 3° > 1° > CH_3\text{-}X$
Ⓒ $3° > 2° > 1° > CH_3\text{-}X$
Ⓓ $CH_3\text{-}X > 1° > 2° > 3°$

Ans D Solve $S_N2$ বিক্রিয়ায় নিউক্লিওফাইল দ্বারা অ্যালকাইল হ্যালাইডের α কার্বনে আক্রমণ হওয়ায় কম প্রতিস্থাপিত অ্যালকাইল হ্যালাইড অধিক সক্রিয় হয়।

**71. 36g পানিতে অণুর সংখ্যা কত?**

Ⓐ $12.046 \times 10^{23}$ Ⓑ $1.673 \times 10^{23}$
Ⓒ $1.325 \times 10^{23}$ Ⓓ $1.545 \times 10^{23}$

Ans A Solve $H_2O$ এরগ্রাম আণবিক ভর $= 18$ g. $= (16 + 2 \times 1)$

$\therefore$ 18 g $H_2O$ এ থাকে $6.023 \times 10^{23}$ অণু।

$\therefore$ 36 g $H_2O$ এ থাকে $12.046 \times 10^{23}$ অণু।

**72. $Na_2S_4O_6$ যৌগে S এর জারণ সংখ্যা কত?**

Ⓐ 1.5 Ⓑ 2.5
Ⓒ 3.5 Ⓓ 4.5

Ans B

**73. স্পর্শ পদ্ধতিতে $H_2SO_4$-এর শিল্পোৎপাদনে কোনটি প্রভাবক হিসেবে ব্যবহৃত হয়?**

Ⓐ Fe চূর্ণ Ⓑ Mo
Ⓒ $Fe_2O_3$ Ⓓ $V_2O_5$

Ans D Solve স্পর্শ পদ্ধতিতে $H_2SO_4$ তৈরিতে প্রভাবক → Pt or $V_2O_5$. হেবার-বস পদ্ধতিতে $NH_3$ তৈরিতে প্রভাবক → Fe (সহায়ক হিসেবে MoO)

**74. নিচের কোনটি অবস্থান্তর মৌল নয়?**

Ⓐ Bi Ⓑ Ni
Ⓒ Mn Ⓓ Cr

Ans A Solve Ni, Mn ও Cr মৌলসমূহের d অরবিটালসমূহ স্থিতিশীল আয়নে অপূর্ণ বলে তারা অবস্থান্তর। অপরদিকে, Bi p ব্লক মৌল, তাই অবস্থান্তর হতে পারেনা।

## গণিত

**75. A, B, C ম্যাট্রিক্সগুলোর আকার যথাক্রমে $4 \times 5$, $5 \times 4$, $4 \times 2$ হলে $(A^T + B)C$ -এর আকার হবে :**

Ⓐ $5 \times 4$ Ⓑ $4 \times 2$
Ⓒ $5 \times 2$ Ⓓ $2 \times 5$

Ans C Solve $A^T$ এর মাত্রা $= 5 \times 4$

B এর মাত্রা $= 5 \times 4$

$\therefore (A^T + B)$ এর মাত্রা $= 5 \times 4$

C এর মাত্রা $= 4 \times 2$

$\therefore (A^T + B)\ C$ এর মাত্রা $= 5 \times 2$

**76. $\lim\limits_{n\to\infty} \frac{x^2 + 6x}{2x^2 + 5}$ এর মান কত?**

Ⓐ $\frac{3}{2}$ Ⓑ $\frac{1}{2}$
Ⓒ 1 Ⓓ 0

Ans Blank Solve $\lim\limits_{n\to\infty} \frac{x^2 + 6x}{2x^2 + 5}$ প্রশ্নটি সঠিক নয়।

$\lim\limits_{n\to\infty}$ এর পরিবর্তে $\lim\limits_{x\to\infty}$ হবে।

$$\therefore \lim_{x\to\infty} \frac{x^2 + 6x}{2x^2 + 5} = \lim_{x\to\infty} \frac{x^2\left(1 + \frac{6}{x}\right)}{x^2\left(2 + \frac{5}{x^2}\right)} = \frac{1+0}{2+0} = \frac{1}{2}$$

**77. $y = 5 + 3x - x^2$ এর সর্বোচ্চ মান হবে:**

Ⓐ 3 Ⓑ $\frac{11}{4}$ Ⓒ $\frac{29}{4}$ Ⓓ $\frac{27}{4}$

Ans C Solve সর্বোচ্চ মান $= c - \frac{b^2}{4a} = 5 + \frac{9}{4} = \frac{29}{4}$

**78. $y^2 = 4x$ পরাবৃত্তের মূলবিন্দুতে স্পর্শকের ঢাল কত?**

Ⓐ $-1$ Ⓑ $1$
Ⓒ $\infty$ Ⓓ $0$

**Ans C Solve** $y^2 = 4x \Rightarrow 2y.\frac{dy}{dx} = 4 \Rightarrow \frac{dy}{dx} = \frac{2}{y}$

$(0, 0)$ বিন্দুতে $\frac{dy}{dx} = \frac{2}{0} = \infty$

**79. 3p ও 2p বল দুইটির লব্ধি R। যদি প্রথম বলকে দ্বিগুণ করা হয় তবে লব্ধিও দ্বিগুণ হয়। বলদ্বয়ের মধ্যবর্তী কোণ হবে:**

Ⓐ 30° Ⓑ 60°
Ⓒ 90° Ⓓ 120°

**Ans D Solve** ১ম ক্ষেত্রে,

$R^2 = 9p^2 + 4p^2 + 12p^2 \cos\alpha = 13p^2 + 12p^2 \cos\alpha$

২য় ক্ষেত্রে,

$4R^2 = 36p^2 + 4p^2 + 24p^2 \cos\alpha = 40p^2 + 24p^2 \cos\alpha$

$\therefore \frac{R^2}{4R^2} = \frac{13p^2 + 12p^2 \cos\alpha}{40p^2 + 24p^2 \cos\alpha}$

$\Rightarrow 52 + 48 \cos\alpha = 40 + 24 \cos\alpha$

$\Rightarrow 24 \cos\alpha = -12$

$\Rightarrow \cos\alpha = -\frac{1}{2} = \cos 120°$

$\therefore \alpha = 120°$

**80. $9x^2 + 25y^2 = 225$ উপবৃত্তের উৎকেন্দ্রিকতা নিচের কোনটি?**

Ⓐ $\frac{4}{5}$ Ⓑ $\frac{3}{5}$ Ⓒ $\frac{5}{4}$ Ⓓ $\frac{-4}{5}$

**Ans A Solve** $9x^2 + 25y^2 = 225$

$\Rightarrow \frac{x^2}{5^2} + \frac{y^2}{3^2} = 1; a > b$

$e = \sqrt{1 - \frac{9}{25}} = \frac{4}{5}$

**81. $\frac{d}{dx}\{\cos^{-1}(\sin x)\}$ নিচের কোনটি?**

Ⓐ $-1$ Ⓑ $1$ Ⓒ $x$ Ⓓ $\frac{1}{x}$

**Ans A Solve** $\frac{d}{dx}\{\cos^{-1}(\sin x)\}$

$= -\frac{1}{\sqrt{1-\sin^2 x}}.\cos x = -\frac{1}{\cos x}\cos x = -1$

**82. $\int \frac{dx}{e^x + e^{-x}} = ?$**

Ⓐ $-\tan e^x + c$ Ⓑ $\tan e^x + c$
Ⓒ $\cot^{-1} e^x + c$ Ⓓ $\tan^{-1} e^x + c$

**Ans D Solve** $\int \frac{dx}{e^x + e^{-x}} = \int \frac{e^x dx}{1 + (e^x)^2} = \tan^{-1}(e^x) + c$

**83. $\cot^{-1}\left(\sin^{-1}\frac{1}{2}\right)$ এর মান হবে :**

Ⓐ $\frac{2}{\sqrt{3}}$ Ⓑ $\frac{1}{\sqrt{3}}$ Ⓒ $\sqrt{3}$ Ⓓ $\frac{\sqrt{3}}{2}$

**Ans C Solve** $\cot^{-1}\left(\sin^{-1}\frac{1}{2}\right)$

$= \cot^{-1}\left(\sin^{-1}\sin\frac{\pi}{6}\right) = \cot^{-1}\frac{\pi}{6} = \sqrt{3}$

**84. (2, 5) বিন্দুটি (– 1, – 2) ও (3, 7) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে যে অনুপাতে অন্তর্বিভক্ত করে সেটি হবে :**

Ⓐ 1 : 3 Ⓑ 3 : 1 Ⓒ 2 : 5 Ⓓ 5 : 2

**Ans B Solve**

(–1,–2) K (2,5) 1 (3,7)

$2 = \frac{3K-1}{K+1} \Rightarrow 3K - 1 = 2K + 2$

$\Rightarrow K = 2 + 1 \Rightarrow K : 1 = 3 : 1$

আবার, $5 = \frac{7K-2}{K+1} \Rightarrow 7K - 2 = 5k + 5$

$\Rightarrow 2K = 7 \Rightarrow K : 1 = 7 : 2$

**85. $x^2 - 5x + c = 0$ এর একটি মূল 4 হলে, অপর মূলটি কত?**

Ⓐ – 5 Ⓑ – 4 Ⓒ 4 Ⓓ 1

**Ans D Solve** অপর মূল $\beta$

$\therefore 4 + \beta = 5 \Rightarrow \beta = 5 - 4 = 1$

**86. $\int_1^e \ln x\, dx = ?$**

Ⓐ 1 Ⓑ – 1 Ⓒ 0 Ⓓ e

**Ans A Solve** $\int_1^e \ln x dx = [x\ln x - x]_1^e$

$= e\ln e - e - 1\ln 1 + 1 = e - e - 0 + 1 = 1$

## জীববিজ্ঞান

**87. ক্ষুদ্রান্ত্রের অংশ নয় কোনটি?**

Ⓐ ইলিয়াম Ⓑ ডিওডেনাম
Ⓒ সিকাম Ⓓ জেজুনাম

**Ans C Solve** বৃহদন্ত্রের অংশসমূহ:

ক) সিকাম (অ্যাপেন্ডিক্স যুক্ত থাকে);

খ) কোলন :

i) উর্ধ্বমুখী; ii) অনুপ্রস্থ; iii) নিম্নমুখী; iv) সিগময়েড;

গ) মলাশয়। [Ref: আজমল]

**88. ক্রোমাটিডের মেরুমুখী চলন কোষ বিভাজনের কোন ধাপে শুরু হয়?**

Ⓐ অ্যানাফেজ Ⓑ প্রোফেজ
Ⓒ প্রোমেটাফেজ Ⓓ মেটাফেজ

**Ans A Solve** **প্রোফেজ** → ক্রোমোসোমের জল বিয়োজন, সংকোচন, খাটো ও মোটাকরন, রংধারণ ক্ষমতাপ্রাপ্তি।

**প্রোমেটাফেজ** → সেন্ট্রোমিয়ার ও স্পিন্ডল তন্তুর সংযোগ, ক্রোমোসোমীয় নৃত্য।

**মেটাফেজ** → ক্রোমোসোমের মেটাকাইনেসিস (বিষুবীয় অঞ্চলে বিন্যাস)। [Ref: হাসান]

**89. জবাফুলের অমরাবিন্যাস কোন ধরনের?**

Ⓐ বহুপ্রান্তীয় Ⓑ মূলীয়
Ⓒ অক্ষীয় Ⓓ একপ্রান্তীয়

**Ans C Solve**

| অমরাবিন্যাস | উদাহরণ |
|---|---|
| একপ্রান্তীয় | মটরশুটি, শিম |
| অক্ষীয় | জবা |
| মূলীয় | ত্রিধারা, সূর্যমুখী, ধান |
| বহুপ্রান্তীয় | শসা, লাউ |

[Ref: হাসান।

90. *Octopus* কোন পর্বের অন্তর্ভুক্ত?
Ⓐ Mollusca Ⓑ Arthropoda
Ⓒ Echinodermata Ⓓ Chordata

A Solve Mollusca প্রাণিজগতের ২য় বৃহত্তম পর্ব। আপেল শামুক, কিং স্ক্যালপ, ঝিনুক, কাটল ফিস, অক্টোপাস, স্কুইড এ পর্বের অন্তর্গত। [Ref: আজমল, আলীম]

91. কোনটি বিগলিত হয়ে পরিস্ফুটিত পরাগরেণুর পুষ্টি সাধন করে?
Ⓐ এক্সাইন Ⓑ পলিনিয়াম
Ⓒ ট্যাপেটাম Ⓓ ইন্টাইন

C Solve পরাগথলির প্রাচীরের সবচেয়ে ভেতরের স্তর ট্যাপেটাম, যা বিগলিত হয়ে পরাগরেণুকে পুষ্টি দেয়। পরাগরেণুর বহিঃত্বক হলো এক্সাইন আর অন্তঃত্বক হলো ইন্টাইন। [Ref: হাসান]

92. যখন দুটি ভিন্ন প্রজাতিভুক্ত জীব পারস্পরিক সহাবস্থানে উপকৃত হয় তখন তাকে বলে-
Ⓐ পরভোজীতা Ⓑ পরজীবিতা
Ⓒ মৃতজীবিতা Ⓓ মিথোজীবিতা Ans D

93. মানবদেহের জীবাণু ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় ধ্বংস করে কে?
Ⓐ লোহিত কণিকা Ⓑ রক্তরস
Ⓒ শ্বেত কণিকা Ⓓ অণুচক্রিকা

C Solve রক্তরসের মাধ্যমে খাদ্যসার পরিবহন, তাপমাত্রা রক্ষা, বর্জ্য পদার্থ পরিবহন প্রভৃতি হয়ে থাকে। লোহিত কণিকা $O_2$ পরিবহন ও সান্দ্রতা রক্ষা করে। অনুচক্রিকা রক্ত তঞ্চন ঘটায়। WBC এর নিউট্রোফিল ও ম্যাক্রোফেজ ফ্যাগোসাইটোসিস ঘটায়। [Ref: আজমল]

94. দোয়েল পাখির বৈজ্ঞানিক নাম কী?
Ⓐ *Columba livia* Ⓑ *Bubo bubo*
Ⓒ *Copsychus saularis* Ⓓ *Corvus splendens*

C Solve *Columba livia* → কবুতর,
*Bubo bubo* → প্যাঁচা,
*Corvus splendens* → কাক। [Ref: হাসান]

95. কোনটি in-situ সংরক্ষণ?
Ⓐ ইকোপার্ক Ⓑ বীজ ব্যাংক
Ⓒ বোটানিক্যাল গার্ডেন Ⓓ চিড়িয়াখানা

A Solve মূল বাসস্থানে জীববৈচিত্র্য সংরক্ষণ করা হলো ইন-সিটু সংরক্ষণ। বোটানিক্যাল গার্ডেন, বীজ ব্যাংক, চিড়িয়াখানা জীবের প্রাকৃতিক পরিবেশ নয়। [Ref: হাসান]

96. শ্বসনের কোন ধাপটি অক্সিজেনের অনুপস্থিতিতে ঘটে?
Ⓐ গ্লাইকোলাইসিস Ⓑ ক্রেবস চক্র
Ⓒ অ্যাসিটাইল কো-এ সৃষ্টি Ⓓ ইলেকট্রন ট্রান্সপোর্ট

A Solve সবাত ও অবাত উভয় প্রকার শ্বসনেই গ্লাইকোলাইসিস ঘটে কারণ এ প্রক্রিয়ায় $O_2$ এর প্রয়োজন পড়েনা। [Ref: হাসান]

97. টায়ালিন নিঃসৃত হয় কোথা থেকে?
Ⓐ যকৃৎ Ⓑ অগ্ন্যাশয়
Ⓒ লালাগ্রন্থি Ⓓ গ্যাস্ট্রিকগ্রন্থি

C Solve যকৃৎ → পিত্তরস নিঃসরণ
অগ্ন্যাশয় → অগ্ন্যাশয় রস।
লালাগ্রন্থি → লালা (টায়ালিন, মল্টেজ, মিউকাস)
গ্যাস্ট্রিকগ্রন্থি → গ্যাস্ট্রিক জুস;
আন্ত্রিক গ্রন্থি → আন্ত্রিক রস বা সাক্কাস ইন্টেরিকাস। [Ref: আলীম]

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

### বাংলা

98. মোতাহের হোসেন চৌধুরী কাকে মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছেন?
Ⓐ নদীকে Ⓑ বৃক্ষকে
Ⓒ ধর্মকে Ⓓ আত্মাকে

B Solve 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মোতাহের হোসেন চৌধুরী বৃক্ষকে মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছেন। কারণ বৃক্ষ নিজে ফুলে ফলে পরিপূর্ণ হয়ে নিঃস্বার্থে অপরের সেবার জন্য প্রস্তুত হয়ে থাকায় বৃক্ষের কাজ।

99. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির পূর্বপুরুষের করতলে কিসের সৌরভ ছিল?
Ⓐ রক্তজবার Ⓑ শস্যদানার
Ⓒ পলিমাটির Ⓓ শ্বাপদের

C Solve কবিতাটি আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্যগ্রন্থ 'আমি কিংবদন্তির কথা বলছি' কাব্যগ্রন্থের নাম কবিতা। আলোচ্য রচনাটির বিষয় ও আঙ্গিকগত অভিনবত্ব রয়েছে। শিকড়সন্ধানী কবিতাটিতে উচ্চারিত হয়েছে ঐতিহ্য সচেতন মানুষের সর্বাঙ্গীণ মুক্তির দৃপ্ত ঘোষণা। প্রকৃতপক্ষে, রচনার প্রেক্ষাপটে আছে বাঙালি সংস্কৃতির হাজার বছরের ইতিহাস।

100. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কবি 'প্রাণ স্বপ্ন'কে কোথায় রেখেছেন?
Ⓐ ভয়াল ঘূর্ণিতে Ⓑ গণমানবের বুকে
Ⓒ নরদানবের মুখে Ⓓ বঙ্গোপসাগরে

D Solve ১৯৮১ খ্রিস্টাব্দে সিলেট থেকে প্রথম প্রকাশিত 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাটি দিলওয়ার উৎসর্গ করেন কবীর চৌধুরীর উদ্দেশ্যে। উল্লেখ্য, কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

101. 'কিংবদন্তি' শব্দটির অর্থ কী?
Ⓐ রূপকথা Ⓑ জনশ্রুতি
Ⓒ কিংকর্তব্যবিমূঢ় Ⓓ অদ্ভুত

B Solve কতিপয় শব্দের অর্থ :

| | |
|---|---|
| বিচলিত স্নেহ– আপনজনের উৎকণ্ঠা। | কালঘুম– চিরনিদ্রা। |
| শ্বাপদ– হিংস্র মাংসাশী শিকারি জন্তু। | নিলক্ষ– দৃষ্টিসীমা অতিক্রমী। |

102. 'অনসূয়া' শব্দটি কোন বাক্যের সংকুচিত রূপ?
Ⓐ যে রমণীর পুত্র নাই Ⓑ যে নারীর বিবাহ হয় নাই
Ⓒ যে নারীর হিংসা নাই Ⓓ যে রমণীর স্বামী নাই

C Solve কতিপয় এক কথায় প্রকাশ : যে নারীর কোনো হিংসা নেই– অনসূয়া, যে নারী বীর সন্তান প্রসব করে– বীরপ্রসূ, যে মেয়ের বিয়ে হয় নি– অনূঢ়া, যে নারী প্রিয় বাক্য বলে– প্রিয়ংবদা, যে নারীর নতুন বিয়ে হয়েছে– নবোঢ়া, যে নারীর সন্তান হয় না– বন্ধ্যা, যে নারীর স্বামী মারা গেছে– বিধবা।

103. 'দামিনী' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
Ⓐ রাত্রি Ⓑ বিদ্যুৎ
Ⓒ জলধি Ⓓ ধরিত্রী

B Solve কতিপয় গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ :

| | |
|---|---|
| রাত্রি | অমা, যামিনী, শর্বরী, বিভাবরী, নিশীথিনী, ক্ষণদা |
| জলধি | সমুদ্র, সাগর, বারিধি, সিন্ধু, দরিয়া, পারাবার, জলধর। |
| পৃথিবী | ক্ষিতি, মেদেনী, অবনী, ধরা, ধরণি, ভূ, বসুন্ধরা, ধরিত্রী। |
| দামিনী | বিদ্যুৎ, ক্ষণপ্রভা, সৌদামিনী, চিকুর, শম্পা, তড়িৎ, অচির। |

**104. 'সুষুপ্ত' এর বিপরীত শব্দ কোনটি?**

Ⓐ নিমগ্ন Ⓑ আহরিত
Ⓒ জাগ্রত Ⓓ বিমোহিত

**C Solve** কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| সমষ্টি | ব্যষ্টি | সুশীল | দুঃশীল |
| স্থাবর | জঙ্গম/অস্থাবর | সবাক | নির্বাক |

**105. 'ব্যাঙের সর্দি' বাগ্‌ধারাটির অর্থ কী?**

Ⓐ প্রতারণা Ⓑ অসম্ভব ঘটনা
Ⓒ রোগ বিশেষ Ⓓ সৌভাগ্যের বিষয়

**B Solve** কতিপয় বাগ্‌ধারা : বিড়াল-তপস্বী (ভণ্ড লোক), বাহাত্তরে ধরা (মতিচ্ছন্ন হওয়া), বিনা মেঘে বজ্রপাত (অপ্রত্যাশিত বিপদ), বিষবৃক্ষ (অনিষ্টকারী), বিদ্যার জাহাজ (অতিশয় পণ্ডিত), বিড়ালের আড়াই পা (ক্ষণস্থায়ী রাগ)।

**106. 'মেঘে বৃষ্টি হয়। এখানে 'মেঘে' কোন কারক?**

Ⓐ অধিকরণ কারক Ⓑ অপাদান কারক
Ⓒ করণ কারক Ⓓ কর্ম কারক

**B Solve** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : পাপে বিরত হও। মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন। স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না।

**107. পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসবকে কী বলা হয়?**

Ⓐ সুবর্ণজয়ন্তী Ⓑ রজতজয়ন্তী
Ⓒ হীরকজয়ন্তী Ⓓ সার্ধশতবার্ষিকী

**A Solve** কতিপয় এক কথায় প্রকাশ : পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব = রজত জয়ন্তী; ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব = হীরকজয়ন্তী; পঁচাত্তর বছর পূর্ণ হওয়ার উৎসব = প্লাটিনামজুবিলী; একশত বছর পূর্ণ হওয়ার উৎসব = শতাব্দী; দেড়শত বছর পূর্ণ হওয়ার উৎসব = সার্ধশত বার্ষিক।

**108. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় নিচের কোন পত্রিকার সম্পাদক ছিলেন?**

Ⓐ সংবাদ প্রভাকর Ⓑ বঙ্গদর্শন
Ⓒ দিগদর্শন Ⓓ কল্লোল

**B Solve** প্রদত্ত পত্রিকা, ধরন ও সম্পাদক :

| পত্রিকা | ধরন | সম্পাদক |
|---|---|---|
| সংবাদ প্রভাকর | সাপ্তাহিক | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| দিগদর্শন | মাসিক | জন ক্লার্ক মার্শম্যান |
| কল্লোল | মাসিক | দীনেশরঞ্জন দাশ |

**109. 'পঙ্কজ' শব্দটি কী জাতীয় শব্দ?**

Ⓐ রূঢ় Ⓑ যৌগিক
Ⓒ যোগরূঢ় Ⓓ মৌলিক

**C Solve** সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন : পঙ্কজ– পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু 'পঙ্কজ' শব্দটি কেবল 'পদ্মফুল' অর্থেই ব্যবহৃত হয়। তাই পঙ্কজ একটি যোগরূঢ় শব্দ।

**110. 'প্রচণ্ড' শব্দটি কী সহযোগে গঠিত?**

Ⓐ অনুসর্গ Ⓑ প্রত্যয়
Ⓒ বিভক্তি Ⓓ উপসর্গ

**B Solve** 'প্র + √চণ্ড + অ = প্রচণ্ড'। 'অক' প্রত্যয়যোগে কতিপয় সংস্কৃত কৃৎপ্রত্যয় : √কৃ + অক = কারক, √পচ্ + অক = পাচক, √গৈ + অক = গায়ক, √পঠ্ + অক = পাঠক, √রন্জ + অক = রজক, √দৃশ্ + অক = দর্শক, √কৃষ্ + অক = কৃষক, √হন্ + অক = ঘাতক।

## পদার্থবিজ্ঞান

**111. একটি কণার আদিবেগ $(3\hat{i} + 4\hat{j})$ ও ত্বরণ $(0.4\hat{i} + 0.3\hat{j})$ হলে, 10s পরে এর বেগের মান কত একক হবে?**

Ⓐ 7 unit Ⓑ 10 unit
Ⓒ 8.5 unit Ⓓ $7\sqrt{2}$ unit

**B Solve** মনে করি, $\vec{u} = 3\hat{i} + 4\hat{j}$

$\therefore |\vec{u}| = \sqrt{(3)^2 + (4)^2} = 5$ unit

একইরূপে $\vec{a} = 0.4\hat{i} + 0.3\hat{j}$

$\therefore |\vec{a}| = \sqrt{(0.4)^2 + (0.3)^2} = 0.5$ unit

এখন, $v = u + at = 5 + 0.5 \times 10 = 10$ unit

**112. একটি এসি উৎস হতে সৃষ্ট পরিবর্তী তড়িৎপ্রবাহ $I = 0.5 \sin 314t$ দ্বারা নির্দেশ করা হলে, উৎসের কম্পাঙ্ক কত হবে?**

Ⓐ 314 Hz Ⓑ 3.14 Hz
Ⓒ 50 Hz Ⓓ 100 Hz

**C Solve** $I = 0.5 \sin 314t$ এর সাথে $I = I_0 \sin \omega t$ তুলনা করে পাই,

এখন, $\omega = 314 \Rightarrow 2\pi f = 314$

$\therefore f = 49.97 \approx 50$ Hz

**113. মরুভূমিতে মরীচিকা সৃষ্টির কারণ হচ্ছে আলোর-**

Ⓐ প্রতিফলন Ⓑ প্রতিসরণ
Ⓒ বিচ্ছুরণ Ⓓ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন **Ans D**

**114. একটি ফেরোচৌম্বক পদার্থের ক্ষেত্রে-**

Ⓐ $\mu = 1; \chi = 1$ Ⓑ $\mu < 1; \chi > 1$
Ⓒ $\mu > 1; \chi < 1$ Ⓓ $\mu >> 1; \chi >> 1$

**D Solve** ফেরোচৌম্বক পদার্থ এর চৌম্বক প্রবেশ্যতা $\mu >> 1$ এবং চৌম্বক প্রবণতা খুব বেশি ও ধনাত্মক $(\chi >> 1)$

**115. যেসব মৌলের পারমাণবিক সংখ্যা অভিন্ন কিন্তু ভরসংখ্যা ভিন্ন তাদেরকে কী বলা হয়?**

Ⓐ আইসোটোপ Ⓑ আইসোটোন
Ⓒ আইসোবার Ⓓ আইসোমার **Ans A**

**116. একটি বস্তু $2\pi$ m ব্যাসার্ধের বৃত্তাকার পথে 4.0 $ms^{-1}$ সমদ্রুতিতে ঘুরছে। একবার ঘুরে আসতে বস্তুটির কত সময় লাগবে?**

Ⓐ $(\pi^2/2)$s Ⓑ $(2/\pi^2)$s
Ⓒ $(1/\pi)$s Ⓓ $\pi^2$s

**D Solve** $t = \frac{2\pi r}{v} = \frac{2\pi \times 2\pi}{4}$

$= \pi^2$s

**117.** একটি তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু 1600 বছর। 6400 বছর পর মৌলটির কত অংশ অবশিষ্ট থাকবে?

Ⓐ 1/2 Ⓑ 1/4
Ⓒ 1/8 Ⓓ 1/16 Ans D

**118.** ফিশন বিক্রিয়াটি পূর্ণ কর : ${}^{235}_{92}U + {}^{1}_{0}n \rightarrow {}^{90}_{38}Sr + \ldots\ldots$

Ⓐ ${}^{146}_{54}Xe$ Ⓑ ${}^{142}_{54}Xe + {}^{1}_{0}n$
Ⓒ ${}^{143}_{54}Xe + 3{}^{1}_{0}n$ Ⓓ ${}^{145}_{54}Xe + {}^{1}_{0}n$ Ans D

**119.** হীরকের প্রতিসরাঙ্ক 2.4 হলে, হীরকে আলোর বেগ কত?

Ⓐ $1.2 \times 10^8\ ms^{-1}$ Ⓑ $1.25 \times 10^8\ ms^{-1}$
Ⓒ $7.2 \times 10^8\ ms^{-1}$ Ⓓ $7.25 \times 10^8\ ms^{-1}$

Ans B Solve $c_d = \frac{c_0}{{}_0\mu_d} = \frac{3 \times 10^8}{2.4} = 1.25 \times 10^8$ m/s

**120.** শব্দ যখন বায়ু থেকে পানিতে প্রবেশ করে তখন বদলে যায়:

i. বেগ ii. কম্পাঙ্ক iii. তরঙ্গদৈর্ঘ্য

Ⓐ i ও ii Ⓑ i ও iii
Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii Ans B

**121.** একক ধারকত্বের দুটি ধারক শ্রেণিবদ্ধভাবে সংযুক্ত করলে তুল্য ধারকত্ব কত হবে?

Ⓐ 2F Ⓑ 0.5F
Ⓒ 1F Ⓓ 1.5F

Ans B Solve $\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} = \frac{1}{1} + \frac{1}{1}$

$\Rightarrow \frac{1}{C_s} = 2 \therefore C_s = 0.5$ F

**122.** একটি বস্তু স্থিতিশীল অবস্থা থেকে $3ms^{-2}$ সমত্বরণে চলতে লাগল। 3sec পরে বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে?

Ⓐ 9m Ⓑ 13m
Ⓒ 13.5m Ⓓ 27m

Ans C Solve $s = ut + \frac{1}{2}at^2$

$\Rightarrow s = 0 \times 3 + \frac{1}{2} \times 3 \times 3^2 \therefore s = 13.5$ m

**123.** হাইড্রোজেন পরমাণুর ইলেক্ট্রনের সর্বনিম্ন কক্ষীয় কৌণিক ভরবেগ কোনটি?

Ⓐ h Ⓑ h/2π
Ⓒ h/2 Ⓓ 2π/h Ans B

## গণিত

**124.** $\vec{OA} = 2\hat{i} + 3\hat{j} - 4\hat{k}$, $\vec{OB} = 4\hat{i} - 3\hat{j} + 2\hat{k}$ হলে $|\vec{AB}|$ = কত?

Ⓐ $2\sqrt{19}$ Ⓑ $\sqrt{19}$
Ⓒ $2\sqrt{17}$ Ⓓ $\sqrt{17}$

Ans A Solve $\vec{AB} = \vec{OB} - \vec{OA}$

$= 4\hat{i} - 3\hat{j} + 2\hat{k} - 2\hat{i} - 3\hat{j} + 4\hat{k}$

$= 2\hat{i} - 6\hat{j} + 6\hat{k}$

$\therefore |\vec{AB}| = \sqrt{2^2 + (6)^2 + 6^2} = 2\sqrt{19}$

**125.** y = sinx ফাংশনটির পর্যায়কাল কত?

Ⓐ π Ⓑ 2π
Ⓒ 3π Ⓓ 4π

Ans B Solve y = sinx এর পর্যায়কাল = 2π

**126.** $f(x) = 5x - 3$ হলে, $f^{-1}(3)$ এর মান কত?

Ⓐ $-\frac{6}{5}$ Ⓑ $\frac{6}{5}$
Ⓒ 12 Ⓓ −12

Ans B Solve $f(x) = y \Rightarrow x = f^{-1}(y)$

$\therefore y = 5x - 3 \Rightarrow x = \frac{y+3}{5}$

$\Rightarrow f^{-1}(y) = \frac{y+3}{5} \Rightarrow f^{-1}(x) = \frac{x+3}{5}$

$\therefore f^{-1}(3) = \frac{3+3}{5} = \frac{6}{5}$

**127.** $P(A \cap B) = \frac{1}{3}$, $P(A \cup B) = \frac{5}{6}$, $P(A) = \frac{1}{2}$ হলে, P(B) কত?

Ⓐ $\frac{1}{3}$ Ⓑ $\frac{2}{3}$
Ⓒ $\frac{3}{5}$ Ⓓ $\frac{5}{6}$

Ans B Solve $P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$

$\Rightarrow \frac{5}{6} = \frac{1}{2} + P(B) - \frac{1}{3}$

$\therefore P(B) = \frac{5}{6} - \frac{1}{2} + \frac{1}{3}$

$= \frac{5-3+2}{6}$

$= \frac{4}{6} = \frac{2}{3}$

**128.** ω এককের একটি কাল্পনিক ঘনমূল হলে, $(1 - \omega + \omega^2)^2 + (1 + \omega - \omega^2)^2$ এর মান কত?

Ⓐ 3 Ⓑ −3
Ⓒ 4 Ⓓ − 4

Ans D Solve $(1 - \omega + \omega^2)^2 + (1 + \omega - \omega^2)^2$

$= (-2\omega)^2 + (-2\omega^2)^2 = 4\omega^2 + 4\omega^4$

$= 4\omega^2 + 4\omega = 4(\omega^2 + \omega)$

$= 4(-1) = -4$

**129.** $x^2 + y^2 - 6x - 4y + c = 0$ বৃত্তটি y-অক্ষকে স্পর্শ করে, c এর মান কত?

Ⓐ 9 Ⓑ 4
Ⓒ 2 Ⓓ 3

Ans B Solve y অক্ষকে স্পর্শ করলে, $c = f^2 = (-2)^2 = 4$

**130.** $x^2 + y^2 - by = 0$ বৃত্তের পোলার সমীকরণ হবে:

Ⓐ $r = b\cos\theta$ Ⓑ $r = b\sin\theta$
Ⓒ $r = b$ Ⓓ $r^2 = b\sin\theta$

Ans B Solve $x^2 + y^2 - by = 0$

$\Rightarrow r^2 - b\,r\sin\theta = 0$

$\therefore r = b\sin\theta$

**131.** $f(x) = \frac{x}{|x|}$ **ফাংশনের রেঞ্জ কোনটি?**

Ⓐ $\{-1,1\}$ Ⓑ $\{1\}$
Ⓒ $R - \{1\}$ Ⓓ $[0, \infty)$

Ans A Solve $f(x) = \frac{x}{|x|}$

$\Rightarrow f(x) = \frac{x}{x} = 1, x > 0$ হলে, $|x| = x$

আবার, $f(x) = \frac{x}{-x} = -1$ ; $x < 0$ হলে, $|x| = -x$

$\therefore$ f(x) এর রেঞ্জ = $\{-1, 1\}$

**132.** $\frac{4-3i}{4-i} = A + iB$ **(A, B বাস্তব সংখ্যা হলে B = ?**

Ⓐ $\frac{8}{17}$ Ⓑ $\frac{-8}{17}$
Ⓒ $\frac{19}{17}$ Ⓓ $\frac{-19}{17}$

Ans B Solve $A + iB = \frac{4-3i}{4-i} = \frac{(4-3i)(4+i)}{4^2 - i^2}$

$= \frac{19-8i}{17} = \frac{19}{17} - \frac{8}{17}i$

$\therefore B = -\frac{8}{17}$

**133.** **p, q সহমৌলিক এবং** $\frac{q}{p} \in N$ **হলে p এর মান কত?**

Ⓐ $-2$ Ⓑ 0
Ⓒ 1 Ⓓ 2 Ans Ⓒ

**134. কোন একটি অসম্ভব ঘটনার সম্ভবনা কত?**

Ⓐ 0 Ⓑ 1
Ⓒ $\frac{1}{2}$ Ⓓ $\frac{1}{3}$ Ans Ⓐ

**135. "MATHEMATICS" শব্দটির বর্ণগুলো কত প্রকারে সাজানো যায় যখন স্বরবর্ণগুলো একত্রে থাকে?**

Ⓐ 120960 Ⓑ 42350
Ⓒ 12060 Ⓓ 24690

Ans A Solve MATHEMATICS শব্দটিতে মোট বর্ণ 11টি এদের মধ্যে স্বরবর্ণ (AAEI) 4টি যার মধ্যে 2টি A. ব্যঞ্জনবর্ণ (MMTTHCS) 7টি যার মধ্যে 2টি M, 2টি T বিদ্যমান।

$\therefore$ সাজানো সংখ্যা $= \frac{8!}{2!2!} \times \frac{4!}{2!} = 120960$

**136. নিচের কোন অসমতাটি** $|3x - 4| < 2$ **এর সমতুল্য?**

Ⓐ $\frac{2}{3} < x < 2$ Ⓑ $\frac{3}{4} < x < 2$
Ⓒ $3 < x < 6$ Ⓓ $\frac{2}{3} < x < \frac{1}{2}$

Ans A Solve $|3x - 4| < 2$

$\Rightarrow -2 < 3x - 4 < 2$

$\Rightarrow -2 + 4 < 3x < 2 + 4$

$\Rightarrow 2 < 3x < 6$

$\therefore \frac{2}{3} < x < 2$

## জীববিজ্ঞান

**137. টোব্যাকো মোজাইক ভাইরাসের আকার কোন ধরনের?**

Ⓐ দণ্ডাকার Ⓑ গোলাকার
Ⓒ বহুভুজাকার Ⓓ ডিম্বাকার

Ans A Solve দণ্ডাকার **Virus**: TMV, α-α Mosaic Virus, Mumps Virus;
**গোলাকার Virus:** Polio virus, TIV,HIV, ডেঙ্গু ভাইরাস;
**বহুভুজাকার Virus:** *Herpes, Vaccinnia* Virus;
**ডিম্বাকার Virus:** Influenza Virus [Ref: হাসান]

**138. ছত্রাকের কোষ প্রাচীরের উপাদান হলো –**

Ⓐ সেলুলোজ Ⓑ কাইটিন
Ⓒ পেকটিন Ⓓ হেমিসেলুলোজ

Ans B Solve
ব্যাকটেরিয়ার কোষপ্রাচীর → পেপটিডোগ্লাইকান।
উদ্ভিদের কোষপ্রাচীর (মধ্যপর্দা) → পেকটিন, ফ্রাগমোপ্লাস্ট।
প্রাথমিক প্রাচীর → সেলুলোজ, গ্লাইকোপ্রোটিন।
সেকেন্ডারি প্রাচীর → সেলুলোজ, লিগনিন। [Ref: হাসান]

**139. নবম কারোটিক স্নায়ুকে বলে –**

Ⓐ Hypoglossal Ⓑ Auditory
Ⓒ Trigeminal Ⓓ Glossopharyngeal

Ans D Solve Hypoglossal → ১২ তম করোটিক স্নায়ু
Auditory → ৮ম করোটিক স্নায়ু
Trigeminal → ৫ম করোটিক স্নায়ু [Ref: আজমল]

**140.** ***Riccia*-উদ্ভিদে জাইগোট কোন জনুর সূচনা করে?**

Ⓐ লিঙ্গধর Ⓑ স্পোরোফাইট
Ⓒ হ্যাপ্লয়েড Ⓓ গ্যামিটোফাইট

Ans B Solve *Riccia* - তে দ্বিফ্ল্যাজেলাবিশিষ্ট শুক্রাণু ও নিশ্চল ডিম্বাণুর মিলনে জাইগোট সরল ও গোলাকার স্পোরোফাইট গঠন করে। এটি ক্যাপসুলে সীমাবদ্ধ থাকে ও স্পোর উৎপন্ন করে। [Ref: আজমল]

**141. কোনটি জলজ উদ্ভিদের অভিযোজনিক বৈশিষ্ট্য?**

Ⓐ বায়ু কুঠুরি Ⓑ লুক্কায়িত পত্ররন্ধ্র
Ⓒ সুগঠিত পরিবহনতন্ত্র Ⓓ পুরু কিউটিকলের আস্তরণ

Ans A Solve পানিতে ভাসিয়ে রাখার জন্য জলজ উদ্ভিদের মেকানিক্যাল টিস্যু খুব কম এবং বড়ো বড়ো বায়ুকুঠুরি (অ্যারেনকাইমা) থাকে। এদের ভাস্কুলার বান্ডল অপেক্ষাকৃত ছোটো থাকে। [Ref: হাসান]

**142. কোনটি DNA এর নাইট্রোজেন বেস নয়?**

Ⓐ গুয়ানিন Ⓑ ইউরাসিল
Ⓒ সাইটোসিন Ⓓ থাইমিন

Ans B Solve DNA এর বেসসমূহ:
পিউরিন: অ্যাডিনিন, গুয়ানিন
পাইরিমিডিন: সাইটোসিন, থাইমিন
RNA এর ক্ষেত্রে থাইমিনের পরিবর্তে ইউরাসিল থাকে। [Ref: হাসান]

**143. কোনটি লোহিত শৈবাল?**

Ⓐ *Ulothrix* Ⓑ *Polysiphonia*
Ⓒ *Volvox* Ⓓ *Sargassum*

Ans B Solve *Volvox, Ulothrix* → Chlorophyta(সবুজ শৈবাল); *Sargassum* → Phaeophyta (বাদামি শৈবাল); *Gymnodinium* → Pyrrhophyta (অগ্নি শৈবাল)। [Ref: হাসান, আজমল]

**144. ডি-অক্সিরাইবোজ শর্করার কত নম্বর কার্বনে অক্সিজেন নেই?**

Ⓐ ১ নং কার্বনে Ⓑ ২ নং কার্বনে
Ⓒ ৩ নং কার্বনে Ⓓ ৫ নং কার্বনে

**Ans B Solve**



β -D – রাইবোজ



β -D – ডিঅক্সি রাইবোজ

[Ref: হাসান]

**145. কোনটি পশ্চাৎ মস্তিষ্কের অংশ?**

Ⓐ সেরেব্রাম Ⓑ সেরেব্রাল পেডাঙ্কাল
Ⓒ সেরেবেলাম Ⓓ হাইপোথ্যালামাস

**Ans C Solve** সেরেবেলাম, মেডুলা অবলংগাটা ও পনস নিয়ে পশ্চাৎ মস্তিষ্ক গঠিত। [Ref: আজমল]

**146. আলুর বিলম্বিত ধ্বসারোগ সৃষ্টিকারী জীবাণু হলো –**

Ⓐ *Rhizopus* Ⓑ *Aspergillus*
Ⓒ *Penicillium* Ⓓ *Phytophthora*

**Ans D Solve** *Phytophthora infestans* দ্বারা আলুর Late blight এবং *Alternaria solani* দ্বারা আলুর Early blight হয়। [Ref: হাসান]

**147. কোথায় $O_2$ ও $CO_2$ এর বিনিময় ঘটে?**

Ⓐ ব্রঙ্কাস Ⓑ ট্রাকিয়া
Ⓒ ব্রঙ্কিউল Ⓓ অ্যালভিওলাস

**Ans D Solve** শ্বাসনালি (ট্রাকিয়া) ব্রঙ্কাস, প্রান্তীয় ব্রঙ্কিউল হচ্ছে বায়ু পরিবহন অঞ্চল। শ্বসন ব্রঙ্কিউল ও অ্যালভিওলাস হচ্ছে গ্যাসীয় বিনিময় শ্বসন অঞ্চল। [Ref: আলীম]

**148. নিচের কোনটি নিউক্লিক এসিডের উপাদান?**

Ⓐ রাইবোজ Ⓑ ম্যালটোজ
Ⓒ এরিথ্রোজ Ⓓ ল্যাকটোজ

**Ans A Solve** নিউক্লিক এসিডের একক হলো নিউক্লিওটাইড। এটি নাইট্রোজেন বেস পিউরিন, পাইরিমিডিন; রাইবোজ স্যুগার ও ফসফেট নিয়ে গঠিত। [Ref: হাসান]

**149. মধ্যকর্ণের অস্থির সংখ্যা কয়টি?**

Ⓐ ২ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫

**Ans B Solve** মধ্যকর্ণের ৩টি অস্থি: ম্যালিয়াস, ইনকাস, স্টেপিস। এর মধ্যে স্টেপিস হলো মানবদেহের ক্ষুদ্রতম অস্থি। [Ref: আজমল]

**150. বৃক্কের গাঠনিক এবং কার্য সম্পাদনের একক হলো –**

Ⓐ ল্যাকুনা Ⓑ নিউরন
Ⓒ অ্যালভিওলাস Ⓓ নেফ্রন

**Ans D Solve** নিরেট অস্থির ক্ষুদ্র গহ্বর → ল্যাকুনা;
স্নায়ুতন্ত্রের গঠন ও কাজের একক → নিউরন;
ফুসফুসের কার্যকরী একক → অ্যালভিওলাস। [Ref: আজমল]

# ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ

## ভর্তি পরীক্ষা: ২০১৮-১৯; ইউনিট: ক (বিজ্ঞান অনুষদ)

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

### বাংলা

**01. পূর্বপদে বিভক্তি লোপ পেয়ে উত্তরপদের অর্থ প্রাধান্য পায় কোন সমাসে?**

Ⓐ দ্বিগু Ⓑ কর্মধারয় Ⓒ তৎপুরুষ Ⓓ বহুব্রীহি

**Ans C Solve** তৎপুরুষ সমাসের পূর্বপদে দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত যে কোনো বিভক্তি থাকতে পারে, আর পূর্বপদের বিভক্তি অনুসারে এদের নামকরণ হয়।

**02. 'ঐকতান' কবিতাটি রবীন্দ্রনাথের কোন কাব্য থেকে নেওয়া হয়েছে?**

Ⓐ জন্মদিনে Ⓑ বলাকা Ⓒ সোনার তরী Ⓓ মানসী

**Ans A Solve** 'প্রবাসী' পত্রিকায় প্রকাশিত 'ঐকতান' কবিতাটি অশীতিপর স্থিতপ্রজ্ঞ রবীন্দ্রনাথ ঠাকুরের আত্ম-সমালোচনামূলক এবং কবি হিসেবে নিজের অপূর্ণতার স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি।

**03. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?**

Ⓐ রক্ত Ⓑ ফুল Ⓒ নক্ষত্র Ⓓ রৌদ

**Ans C Solve** 'ফেব্রুয়ারি ১৯৬৯' দেশপ্রেম, গণজাগরণ ও সংগ্রামী চেতনার কবিতা। কবি উল্লেখ করছেন–
'দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো
ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা।'

**04. 'দেশের সেবা করা কর্তব্য' এটি কোন ধরনের বাক্য?**

Ⓐ নির্দেশাত্মক Ⓑ বিস্ময়বোধক Ⓒ নেতিবাচক Ⓓ প্রশ্নবোধক

**Ans A Solve** যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্য সাধারণভাবে বিবৃত বা নির্দেশ করা হয়, তাকে বিবৃতিমূলক বা নির্দেশাত্মক বাক্য বলে।. যেমন : সূর্য পূর্বদিকে ওঠে। তার বয়স হলেও বুদ্ধি হয়নি।

**05. নিচের কোন বানানটি শুদ্ধ?**

Ⓐ বানিজ্য Ⓑ বাণীজ্য Ⓒ বাণিজ্য Ⓓ বানীজ্য

**Ans C Solve** কতিপয় শুদ্ধ বানান : কঙ্কণ, পুণ্য, চিক্কণ, নিক্বণ, তূণ, মহত্ত্ব, শাশ্বত, শ্মশান, সরস্বতী, সাত্ত্বিক, সান্ত্বনা, স্বায়ত্তশাসন।

**06. 'অভিনব' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?**

Ⓐ ওভিনবো Ⓑ অভিনবো Ⓒ ওভিনব Ⓓ অভিনব

**Ans A Solve** কতিপয় শব্দের উচ্চারণ : অবেলা (অব্যালা), অভঙ্গুর (অভোঙ্গুর), অপ্রসিদ্ধ (অপ্রোশিদ্‌ধো), অন্যাসক্ত (ওন্‌নাশক্‌তো)।

**07. 'সিংহাসন' সমস্ত পদটির ব্যাসবাক্য কোনটি?**

Ⓐ সিংহ রয়েছে যে আসনে Ⓑ সিংহের জন্য আসন
Ⓒ সিংহ চিহ্নিত আসন Ⓓ সিংহের জন্য নির্মিত আসন

**Ans C Solve** যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয় তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ।

**08. বাক্যে পদ সাজাবার শৃঙ্খলাকে কী বলে?**

Ⓐ আকাঙ্ক্ষা Ⓑ আসত্তি Ⓒ পদশৃঙ্খলা Ⓓ যোগ্যতা

**Ans B Solve** বাক্যের অর্থ-সঙ্গতি রক্ষার জন্য আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা এ তিনটি গুণ থাকা আবশ্যক।

@reqpdf

**09. ভানুসিংহ কার ছদ্মনাম?**
Ⓐ জীবনানন্দ দাশ Ⓑ মোহিতলাল মজুমদার
Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓓ প্রমথ চৌধুরী

Ans C **Solve** কতিপয় সাহিত্যিকদের প্রকৃত নাম, ছদ্মনাম ও উপাধি :

| প্রকৃত নাম | ছদ্মনাম | উপাধি |
|---|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | আন্নাকালী পাকড়াশী | বিশ্বকবি, কবিগুরু |
| রামমোহন রায় | শিবপ্রসাদ রায় | রাজা |

## English

**Read the following passage and answer the questions 10-15.**

Unlike the eye, the ear has no lid; therefore, noise penetrates without protection. Loud noises instinctively signal danger to any organism with a hearing mechanism, including human beings. In response, heartbeat and respiration remain accurate. In fact, there is a general increase in functioning brought about by the flow of adrenaline released in response to fear. Because, noise is unavoidable in a complex industrial society. We are constantly responding in the same ways, that we would respond to danger. Recently, researchers have concluded that noise and our response may be so much more than annoyance. It may be a serious threat to physical psychological health and well-being, causing damage not only the ear and brain, but also to the heart and stomach.

**10. What is the author's main point?**
Ⓐ Noise penetrates without protection.
Ⓑ The ear is not like the eye.
Ⓒ Loud noises signal danger.
Ⓓ Noise may pose a serious to our physical and psychological health.

Ans D **Explanation** লেখকের প্রধান আলোচ্য বিষয় হচ্ছে শব্দ আমাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য একটা তীব্র সমস্যার কারণ।

**11. It can be inferred from this passage that the eye-.**
Ⓐ responds to fear
Ⓑ enjoys greater protection than the ear
Ⓒ increases functions
Ⓓ is damaged by noise

Ans B **Explanation** Passage অনুসারে চোখ কানের চেয়ে বেশি সুরক্ষিত।

**12. According to passage, people respond to loud noise in the same way that they respond to ——.**
Ⓐ danger Ⓑ annoyance
Ⓒ damage Ⓓ disease

Ans A **Explanation** Passage অনুসারে লোকজনের উচ্চ শব্দে শোনার প্রতিক্রিয়া বিপদে পড়া প্রতিক্রিয়ার সমান।

**13. What was the topic paragraph that preceded the passage?**
Ⓐ Brain Ⓑ The Eye
Ⓒ Health Disease Ⓓ Fear

Ans B **Explanation** চোখ নিয়ে আলোচনা passage টিকে সামনের দিকে নিয়ে গেছে।

**14. Noise is ——.**
Ⓐ an unavoidable problem in an industrial society
Ⓑ not a serious problem today
Ⓒ number one health problem
Ⓓ complex problem

Ans A **Explanation** গোলমাল/উচ্চ শব্দ শিল্পএলাকাসমূহে একটি অনিবার্য সমস্যা।

**15. The dog was —— in front of the door.**
Ⓐ lying Ⓑ lain
Ⓒ laid Ⓓ laying

Ans A **Explanation** Lie (বিশ্রাম করা, শোয়া) একটি intransitive verb (Lie- lay- lain)। Lay (শোয়ানো, রাখা) একটি transitive verb (Lay - laid - laid)। এখানে কুকুরটি বিশ্রাম নিচ্ছিল অর্থে was lying হবে।

**16. Choose the correct sentence.**
Ⓐ He wants admission to ABC College.
Ⓑ He wants to get admitted into ABC College.
Ⓒ He wants admittance into ABC College.
Ⓓ He wants entrance into ABC College.

Ans B **Explanation** Get admitted into - ভর্তি হওয়া।

**17. She works six days —— week.**
Ⓐ a Ⓑ the Ⓒ in Ⓓ for

Ans A **Explanation** সপ্তাহে (a week) ছয় দিন কাজ করে।

**18. The epic focuses - heroic deeds associated with war.**
Ⓐ to Ⓑ along Ⓒ by Ⓓ on

Ans D **Explanation** Focus -এর পর on হয়।

**19. I shall wait for you — you do not return.**
Ⓐ until Ⓑ if
Ⓒ till Ⓓ unless

Ans C **Explanation** যেহেতু ২য় clause টি negative এ আছে সেহেতু till হবে। Until, unless এর পরের clause টি positive হয় কিন্তু অর্থ negative হয়। শর্ত বোঝালে if হয়।

**20. Which of the following is a correct plural word?**
Ⓐ agendum Ⓑ peasantry
Ⓒ datum Ⓓ phenomenon

Ans B **Explanation** Crowd, peasantry, people, poultry, police, swine দেখতে singular হলেও এরা আসলে plural।

**21. Their journey —— the sea was unhappy.**
Ⓐ on Ⓑ over Ⓒ to Ⓓ through

Ans A **Explanation** নৌকা বা জাহাজে করে সমুদ্রে ভ্রমণ করলে তার পূর্বে on হয়।

**22. The best things in my life —— my family and friends.**
Ⓐ has been Ⓑ have been
Ⓒ is Ⓓ are

Ans D **Explanation** আমার জীবনের সবচেয়ে ভালো জিনিস আমার পরিবার এবং বন্ধু।

**23. The correct English translation of Bangla sentence 'দেখতে পেলেই বিশ্বাস হয়' is ——.**
Ⓐ Seeing is believing
Ⓑ To see is to believe.
Ⓒ If you see you will believe.
Ⓓ Believe depends on fact. Ans A

**24. Neither of the books —— interesting.**
Ⓐ were Ⓑ are Ⓒ had Ⓓ was
D Explanation Either of, neither of এর পর noun plural হলেও verb singular হয়।

**25. Rubel is looking forward to —— to America.**
Ⓐ goes Ⓑ go Ⓒ going Ⓓ have gone
C Explanation Look forward to, with a view to, it's no use, it's no good, worth, mind ইত্যাদি থাকলে এর পর $v_1$ + ing হয়।

**26. What do you mean by 'bibliography'?**
Ⓐ collection of Bible Ⓑ worshiper of books
Ⓒ history of Bible Ⓓ collection of books
D Explanation Bibliography - কোনো একজন লেখক বা নির্দিষ্ট বিষয়ের গ্রন্থ ও রচনার তালিকা।

**27. What is the synonym of 'apex'?**
Ⓐ bottom Ⓑ lowest point
Ⓒ acme Ⓓ high
C Explanation Apex (চূড়া) এর সমার্থক শব্দ acme (শীর্ষ, চূড়া)।

**28. I, who —— your friend, will help you in all possible ways.**
Ⓐ am Ⓑ are Ⓒ is Ⓓ were
A Explanation Relative pronoun যে antecedent এর পাশে বসে সেটা অনুযায়ী verb হয়।

**29. He is one of the honest —— in our society.**
Ⓐ man Ⓑ mans Ⓒ men Ⓓ mens
C Explanation One of থাকলে noun plural + verb singular.

**30. The antonym of the word 'imitate' is —.**
Ⓐ emulate Ⓑ copy Ⓒ simulate Ⓓ alter
D Explanation Imitate (নকল করা, অন্যের কিছু হুবহু তুলে ধরা) এর বিপরীত শব্দ alter (পরিবর্তন করা বা নিজের মতো কিছু করা)।

**31. 'To build a castle in the air' means —.**
Ⓐ beautiful fort Ⓑ real plan
Ⓒ building full of air Ⓓ absurd imagination
D Explanation To build a castle in the air - দিবাস্বপ্ন বা আকাশ কুসুম কল্পনা করা।

**32. The novel that you — is known to me-**
Ⓐ have finished Ⓑ finished
Ⓒ had finished Ⓓ finishing
A Explanation যে উপন্যাসটি তুমি শেষ করেছ (you have finished)।

**33. What is the adjective of the word 'legitimacy?'**
Ⓐ legitimately Ⓑ legitimize
Ⓒ legitimate Ⓓ legitimised
C Explanation Legitimacy (বৈধতা) এর adjective হলো legitimate (আইনসঙ্গত)।

***34. I must not condemn her —— knowing.***
Ⓐ without Ⓑ by Ⓒ for Ⓓ before
A Explanation জানা ছাড়া অর্থে without knowing হবে। না জেনে আমি তাকে দোষারোপ করব না।

## পদার্থবিজ্ঞান

**35. যে তাপমাত্রায় ফারেনহাইট ও কেলভিন স্কেলের পাঠ একই হবে তা হলো?**
Ⓐ – 40 Ⓑ 273
Ⓒ 574 Ⓓ 301
C Solve $\frac{F-32}{9}=\frac{K-273}{5}$

$\Rightarrow \frac{x-32}{9}=\frac{x-273}{5}$ [x = F = K]

$\Rightarrow 5x - 160 = 9x - 2457$

$\Rightarrow x = 574.25$

**36. একটি সরল দোলক T পর্যায়কাল নিয়ে দুলতে থাকে। সরল দোলকটির ববের ভর দ্বিগুণ করলে এর নতুন পর্যায়কাল হবে-**
Ⓐ $\frac{T}{2}$ Ⓑ 2T Ⓒ T Ⓓ $\sqrt{2}T$
C Solve $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$। দোলনকালের এই সূত্র হতে বলা যায় ববের ভরের সাথে দোলনকালের কোনো সম্পর্ক নেই। তাই ববের ভর দ্বিগুণ করলে এর পর্যায়কাল অপরিবর্তিত থাকবে।

**37. একটি কণার মোটশক্তি তার স্থির অবস্থার শক্তির দ্বিগুণ। কণাটির দ্রুতি বের কর (শূন্য মাধ্যমে আলোর দ্রুতি c)।**
Ⓐ $\frac{c}{2}$ Ⓑ $\frac{c\sqrt{3}}{2}$ Ⓒ $\frac{c}{\sqrt{3}}$ Ⓓ $\frac{3c}{2}$
B Solve $E = mc^2 = \frac{m_0c^2}{\sqrt{1-\frac{v^2}{c^2}}}$ $[E = 2m_0c^2]$

$\Rightarrow 2m_0c^2 = \frac{m_0c^2}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} \Rightarrow \sqrt{1-\frac{v^2}{c^2}} = \frac{1}{2} \Rightarrow \frac{v^2}{c^2} = \frac{3}{4}$

$\Rightarrow \frac{v}{c} = \frac{\sqrt{3}}{2} \Rightarrow v = \frac{\sqrt{3}}{2}c$

**38. যদি দুটি ভেক্টর $\vec{A} = \hat{i}$ এবং $\vec{B} = \hat{j} + \hat{k}$ হয় তবে $\vec{A}$ এবং $\vec{B}$ এর মধ্যবর্তী কোণ কত?**
Ⓐ 0° Ⓑ 45° Ⓒ 90° Ⓓ 180°
C Solve $\theta = \cos^{-1}\left(\frac{\vec{A}.\vec{B}}{|\vec{A}||\vec{B}|}\right)$

$= \cos^{-1}\left(\frac{0}{1\times\sqrt{2}}\right) = \cos^{-1}(0) = 90°$

**39. $\hat{i}.(\hat{j}\times\hat{k})$ এর মান হলো-**
Ⓐ 0 Ⓑ +1 Ⓒ $\sqrt{3}$ Ⓓ –1
B Solve $\hat{i}.(\hat{j}\times\hat{k}) = \hat{i}.\hat{i} = 1$

**40. একটি জেট ইঞ্জিনের পিছনের দিকে গ্যাস বের করা এবং জেট প্লেনকে সামনের দিকে ধাক্কা দেওয়া নিম্নের কোনটির উদাহরণ?**
Ⓐ নিউটনের প্রথম গতিসূত্র
Ⓑ ভরের সংরক্ষণ সূত্র
Ⓒ নিউটনের দ্বিতীয় গতিসূত্র
Ⓓ নিউটনের তৃতীয় গতিসূত্র
Ans D

41. তাপগতিবিদ্যার প্রথম সূত্র পদার্থবিজ্ঞানের যে রাশিকে সংজ্ঞায়িত করে-
Ⓐ অভ্যন্তরীণ শক্তি Ⓑ তাপ
Ⓒ কাজ Ⓓ এনট্রপি

A,B,C Solve • তাপগতিবিদ্যার ১ম সূত্র তাপ, অভ্যন্তরীণ শক্তি ও কাজের মধ্যে সম্পর্ক স্থাপন করে। $dQ = dU + dW$
• এটি শক্তির নিত্যতা সূত্রের একটি বিশেষ রূপ।

42. $T_H$ এবং $T_C$ পরম তাপমাত্রার ($T_H > T_C$) দুইটি তাপধারকের মধ্যে কার্যশীল একটি কার্ণোর ইঞ্জিনের কার্যক্ষমতা হলো-
Ⓐ $\frac{T_H}{T_C}$ Ⓑ $\frac{T_C}{T_H}$
Ⓒ $1-\frac{T_C}{T_H}$ Ⓓ $1-\frac{T_H}{T_C}$

C Solve $\eta = \left(1-\frac{T_2}{T_1}\right) = \left(1-\frac{T_C}{T_H}\right)$ $\begin{bmatrix} T_1 = T_H \\ T_2 = T_C \end{bmatrix}$

43. হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতির গাণিতিক প্রকাশ কোনটি?
Ⓐ $\Delta x\Delta p \geq \frac{\hbar}{4}$ Ⓑ $\Delta x\Delta p \geq \frac{\hbar}{8\pi}$
Ⓒ $\Delta x\Delta p \geq \frac{\hbar}{2}$ Ⓓ $\Delta x\Delta p \geq \frac{\hbar}{\pi}$

C Solve হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতির গাণিতিক প্রকাশ হল:
$$\Delta x\ \Delta p \geq \frac{\hbar}{2} \Rightarrow \Delta x\ \Delta p \geq \frac{h}{4\pi} \left[\hbar = \frac{h}{2\pi}\right]$$

44. ডি ব্রগলি তরঙ্গদৈর্ঘ্য হলো-
Ⓐ mv Ⓑ h/pc
Ⓒ h/mv Ⓓ h/mp

C Solve ডি ব্রগলি তরঙ্গদৈর্ঘ্য $\lambda = \frac{h}{mv} = \frac{c}{f}$

45. একটি বৈদ্যুতিক বাতিতে লেখা আছে "60 W – 120 V"। এর রোধ হলো-
Ⓐ 60 Ω Ⓑ 120 Ω
Ⓒ 180 Ω Ⓓ 240 Ω

D Solve $P = \frac{V^2}{R} \Rightarrow 60 = \frac{(120)^2}{R} \Rightarrow R = 240\ \Omega$

46. নাইট্রোজেন গ্যাসের ক্ষেত্রে $\gamma$ এর মান কত?
Ⓐ 1.67 Ⓑ 1.4
Ⓒ 1.33 Ⓓ 1.28

B Solve নাইট্রোজেন দ্বি-পারমাণবিক গ্যাস। তাই নাইট্রোজেন গ্যাস এর ক্ষেত্রে $\gamma$ এর মান 1.4

47. একটি সংরক্ষণশীল বল $\vec{F}$ এর জন্য কোন সম্পর্কটি সঠিক?
Ⓐ $\vec{\nabla}.\vec{F} \neq 0$ Ⓑ $\vec{\nabla} \times \vec{F} = 0$
Ⓒ $\vec{\nabla}.\vec{F} = 0$ Ⓓ $\vec{\nabla} \times \vec{F} \neq 0$

B Solve কোনো বলের কার্ল শূন্য হলে বলটি সংরক্ষণশীল হয়। $\therefore\ \vec{\nabla} \times \vec{F} = \vec{0}$

## রসায়ন

48. কোন যৌগটির সঙ্গে $NaNO_2$ ও HCl যোগ করে ডায়াজোনিয়াম লবণ প্রস্তুত করা যায়?
Ⓐ $CH_3CH_2OH$ Ⓑ $C_6H_5OH$
Ⓒ $CH_3NO_2$ Ⓓ $C_6H_5NH_2$

D Solve ডায়াজোকরণ বিক্রিয়া:




1° অ্যারোমেটিক অ্যামিন

বি:দ্র: এই বিক্রিয়া দ্বারা 1° অ্যালিফেটিক ও 1° অ্যারোমেটিক অ্যামিনের মধ্যে পার্থক্য করা যায়।

49. কোন মৌলের ১ম আয়নীকরণ শক্তি সর্বোচ্চ?
Ⓐ নাইট্রোজেন Ⓑ অক্সিজেন Ⓒ সোডিয়াম Ⓓ ফসফরাস

A Solve পর্যায়ভিত্তিক আয়নিকরণ শক্তি বাম থেকে ডান দিকে বাড়ে; কিন্তু অধিক স্থিতিশীল ইলেকট্রন বিন্যাসের কারণে ব্যতিক্রম হয়। নাইট্রোজেন পরমাণুর ইলেকট্রন বিন্যাস হচ্ছে N(7) $\rightarrow 1s^2\ 2s^2\ 2p_x^1\ 2p_y^1\ 2p_z^1$, যা অর্ধপূর্ণ তিনটি 2p অরবিটালের কারণে তুলনামূলকভাবে স্থিতিশীল। তাই ১ম আয়নিকরণ শক্তি সর্বোচ্চ হয়।

50. কোন ধাতুর পরমাণুর s অর্বিটালে একটি বিজোড় ইলেক্ট্রন আছে?
Ⓐ Cr Ⓑ Co Ⓒ Fe Ⓓ Mg

A Solve
Cr মৌলের প্রকৃত ইলেকট্রন বিন্যাস : $[Ar]\ 3d^5 4s^1$

51. কোনটির ইলেক্ট্রন বিন্যাস $Al^{3+}$ আয়নের অনুরূপ?
Ⓐ O Ⓑ $F^-$ Ⓒ $Cl^-$ Ⓓ $Mg^+$

B Solve $Al^{3+}\ (13) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6$
$F^-\ (9) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6$

বি: দ্র: $Al^{3+}$ ও $F^-$ হলো আইসোইলেকট্রনিক।

52. $C_6H_5NO_2$ কে Sn এবং ঘন HCl দ্বারা উত্তপ্ত করা হলে কী উৎপাদ তৈরি হবে?
Ⓐ ২,৪- ডাইনাইট্রোবেনজিন Ⓑ ক্লোরোবেনজিন
Ⓒ টলুইন Ⓓ এনিলিন

D Solve




এনিলিন

53. এক মোল অকটেন বাতাসে সম্পূর্ণ দহন করলে কত মোল পানি উৎপন্ন হয়?
Ⓐ 6 Ⓑ 18 Ⓒ 9 Ⓓ 8

C Solve
$$2C_8H_{18}(g) + 25O_2 \longrightarrow 16CO_2(g) + 18H_2O$$
2 মোল অকটেন থেকে পানি উৎপন্ন হয় 18 মোল
$\therefore$ 1 " " " " " " $\frac{18}{2}$ " = 9 মোল

54. কোন যৌগটি উত্তপ্ত ও ঘন $KMnO_4$ (aq) দ্বারা জারিত হয়ে শুধুমাত্র অ্যাসিটিক এসিড দেয়?
Ⓐ $CH_2{=}CH_2$ Ⓑ $CH_3CH_2CH{=}CH_2$
Ⓒ $CH_3CH{=}CH_2$ Ⓓ $CH_3CH{=}CHCH_3$ Ans D

55. আইসোপ্রোপাইল অ্যালকোহলকে অম্লীয় সোডিয়াম ডাইক্রোমেট দ্বারা জারিত করে কোন যৌগটি পাওয়া যায়?

Ⓐ $CH_3CHO$ Ⓑ $CH_3CO_2H$
Ⓒ $CH_3CH_2CO_2H$ Ⓓ $CH_3COCH_3$

Ans B Solve শক্তিশালী জারক দ্বারা আইসোপ্রোপাইল অ্যালকোহল জারিত হয়ে প্রথমে প্রোপানোন ও পরে অধিক জারণে ইথানোয়িক এসিড, $CO_2$ ও পানি উৎপন্ন হয়।

56. ইলেকট্রন আসক্তির সঠিক ক্রম কোনটি?

Ⓐ F > Cl > Br > I Ⓑ Cl > F > Br > I
Ⓒ I > Br > Cl > F Ⓓ Cl > Br > F > I

Ans B Solve ফ্লোরিনের তড়িৎ ঋণাত্মকতার মান সবচেয়ে বেশি কিন্তু ক্লোরিনের ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি।

57. কোন যৌগটি ফেহলিং দ্রবণের সঙ্গে বিক্রিয়া করে লাল বর্ণের অধঃক্ষেপ দেয়?

Ⓐ $CH_3CH_2CHO$ Ⓑ $CH_3CO_2CH_3$
Ⓒ $CH_3CH_2CH_2OH$ Ⓓ $CH_3COCH_3$

Ans A Solve অ্যালডিহাইডসমূহ ফেলিং দ্রবণকে বিজারিত করে লালচে অধঃক্ষেপ তৈরি করে। কিটোনসমূহ এ বিক্রিয়া দেয় না।

58. ঘন $H_2SO_4$ প্রভাবকের উপস্থিতিতে অ্যাসিটিক এসিড মিথাইল অ্যালকোহলের সঙ্গে বিক্রিয়া করে কোন যৌগটি তৈরি হয়?

Ⓐ $HCO_2CH_3$ Ⓑ $HCO_2C_2H_5$
Ⓒ $CH_3CO_2CH_3$ Ⓓ $CH_3CO_2C_2H_5$

Ans C Solve নিরূদকরূপে শুষ্ক HCl অথবা গাঢ় $H_2SO_4$ এর উপস্থিতিতে সম আয়তনের জৈব এসিড ($CH_3COOH$) ও অ্যালকোহলের ($CH_3OH$) মিশ্রণকে উত্তপ্ত করলে পানি নিরূদনের মাধ্যমে এস্টার ($CH_3COOCH_3$) উৎপন্ন হয়।

59. নিম্নের কোন মৌলটি পরিবর্তনশীল যোজ্যতা প্রদর্শন করে না?

Ⓐ Mn Ⓑ Fe Ⓒ Zn Ⓓ Co

Ans C Solve অবস্থান্তর মৌলসমূহ (Fe, Mn, Co, Cr ইত্যাদি) পরিবর্তনশীল জারণ অবস্থা প্রদর্শন করে। জিংক d ব্লক মৌল কিন্তু অবস্থান্তর মৌল নয়।

60. নিম্নের কোনটির আকার সবচেয়ে ছোট?

Ⓐ $Na^+$ Ⓑ Na Ⓒ $Mg^{2+}$ Ⓓ Mg

Ans D Solve

- একই পর্যায়ের বাম থেকে ডানে গেলে পরমাণুর আকার হ্রাস পায়।
- কোনো পরমাণুর আকার বা ব্যাসার্ধ তার ক্যাটায়ন অপেক্ষা বেশি এবং অ্যানায়ন অপেক্ষা কম হয়।

61. এক মোল $H_2$ গ্যাসে কয়টি ইলেকট্রন আছে?

Ⓐ $6.02 \times 10^{23}$ Ⓑ $6.02 \times 10^{46}$
Ⓒ $2.02 \times 10^{22}$ Ⓓ $12.04 \times 10^{23}$ Ans D

62. কোনটিতে আয়নিক ও সমযোজী বন্ধন বিদ্যমান?

Ⓐ NaCl Ⓑ $H_2S$ Ⓒ KCN Ⓓ $CH_3Cl$

Ans C Solve $K^{\oplus}\ C \equiv N^{\ominus}$ যৌগে পটাশিয়াম ও সায়ানো যৌগমূলকের মধ্যে আয়নিক বন্ধন বিদ্যমান এবং সায়ানো যৌগমূলকের কার্বন ও নাইট্রোজেন পরমাণুর মধ্যে সমযোজী বন্ধন বিদ্যমান।

63. 0.005 M $H_2SO_4$ দ্রবণের pH কত?

Ⓐ 1 Ⓑ 4 Ⓒ 2 Ⓓ 5

Ans C Solve $pH = -\log[H^+] = -\log(2 \times 0.005) = 2$

64. নিম্নের কোনটি বেনজিন চক্রকে সক্রিয় করে?

Ⓐ $-NH_2$ Ⓑ $-NO_2$ Ⓒ $-CHO$ Ⓓ $-SO_3H$

Ans A Solve বেনজিন বলয় সক্রিয়কারী মূলককে ($-CH_3$, $-OH$, $-NH_2$) অর্থো-প্যারা নির্দেশক বলা হয়।

65. $^{40}_{18}Ar$ এবং $^{40}_{19}K$ পরমাণু দুইটিতে কোনটির সংখ্যা সমান?

Ⓐ ইলেকট্রন Ⓑ নিউট্রন
Ⓒ নিউক্লিয়ন Ⓓ প্রোটন Ans C

66. উত্তপ্ত ও ঘন সোডিয়াম হাইড্রোক্সাইডের জলীয় দ্রবণে ক্লোরিন গ্যাস চালনা করলে কোন উৎপাদ পাওয়া যায়?

Ⓐ NaCl এবং NaClO Ⓑ NaCl এবং $NaClO_3$
Ⓒ শুধুমাত্র NaClO Ⓓ শুধুমাত্র $NaClO_3$

Ans B Solve প্রায় 70°C তাপমাত্রায় উত্তপ্ত NaOH দ্রবণ ও $Cl_2$ এর বিক্রিয়াকালে প্রথমে NaCl, NaClO ও $H_2O$ উৎপন্ন হয়। কিন্তু 70°C তাপমাত্রায় NaClO বিয়োজিত হয়ে ক্লোরেট ও ক্লোরাইড যৌগে রূপান্তরিত হয়।

$NaOH + Cl_2 \xrightarrow{70°C} NaCl + NaClO_3 + H_2O$

67. $K_2MnO_4$ এবং $KMnO_4$ যৌগে ম্যাঙ্গানিজের জারণ অবস্থা যথাক্রমে-

Ⓐ +7, +6 Ⓑ +6, +7 Ⓒ +5, +7 Ⓓ +7, +5

Ans B Solve $K_2MnO_4$ এর ক্ষেত্রে,
$(+1 \times 2) + x + (-2 \times 4) = 0 \Rightarrow x = +6$
$KMnO_4$ এর ক্ষেত্রে, $+1 + x + (-2 \times 4) = 0 \Rightarrow x = +7$

68. $CH_3COOH$ ও $CH_3COONa$ এর মিশ্রণের জলীয় দ্রবণে কয়েক ফোঁটা লঘু এসিড যোগ করলে নিম্নের কোনটি ঘটবে?

Ⓐ $CH_3COONa$ এর ঘনমাত্রা কমবে
Ⓑ pH বাড়বে
Ⓒ pH কমবে
Ⓓ pH অপরিবর্তিত থাকবে

Ans D Solve বাফার দ্রবণে সামান্য পরিমাণ এসিড বা ক্ষার যোগ করা হলে দ্রবণের pH মান অপরিবর্তিত থাকে।

69. কোন যৌগের কার্বন-কার্বন বন্ধন-দৈর্ঘ্য সবচেয়ে কম?

Ⓐ ইথিন Ⓑ ইথাইন Ⓒ ইথেন Ⓓ প্রোপেন

Ans B Solve সমতলীয় ত্রিভুজ আকৃতি → $C_2H_4$, $BCl_3$
চতুস্তলকীয় আকৃতি → $CH_4$, $NH_4^+$ $NH_3$
সরলরৈখিক আকৃতি → $C_2H_2$, $CO_2$, $BeCl_2$

70. কোন অণুর আকৃতি সমতলীয়?

Ⓐ $C_6H_6$ Ⓑ $CH_4$ Ⓒ $NH_3$ Ⓓ $PCl_3$

Ans A Solve সমতলীয় ত্রিভুজাকৃতি : $C_6H_6$, $C_2H_4$, গ্রাফাইট, $BCl_3$

71. $NH_3$ অণুতে H-N-H বন্ধন কোণের মান কত?

Ⓐ 105° Ⓑ 109° Ⓒ 107° Ⓓ 120°

Ans C Solve

| যৌগ | বন্ধন কোণ |
|---|---|
| $NH_3$ | 107° |
| $CH_4$, $NH_4^+$ | 109.5° |
| $BCl_3$, $C_2H_4$ | 120° |
| $BeCl_2$, $CO_2$ | 180° |

72. কোন বিক্রিয়ার সাম্য ধ্রুবক, $K_c$ এর একক (ঘনমাত্রা)$^{-1}$?

Ⓐ $H_2 + I_2 \rightleftharpoons 2HI$ Ⓑ $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$
Ⓒ $2NO_2 \rightleftharpoons N_2O_4$ Ⓓ $CH_4 + H_2O \rightleftharpoons CO + 3H_2$

Ans C Solve সাম্যধ্রুবক, $K_c$ এর একক (মোল/লিটার)$^{\Delta n}$
$2NO_2 \rightleftharpoons N_2O_4$ বিক্রিয়ার ক্ষেত্রে, $\Delta n = (1-2) = -1$
$\therefore K_c$ এর একক হবে $(mol/L)^{-1}$ বা (ঘনমাত্রা)$^{-1}$

## গণিত

**73. 3P ও 4P মানের বলদ্বয় 90° কোণে ক্রিয়ারত হলে তাদের লব্ধি-**

Ⓐ 4P Ⓑ 5P
Ⓒ 7P Ⓓ 10P

**Ans B** **Solve** লব্ধি $= \sqrt{3^2 + 4^2}\ P = 5P$

**74.** $\int_0^1 \frac{x}{\sqrt{1-x^2}}\,dx = ?$

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{\pi}{\sqrt{2}}$
Ⓒ 1 Ⓓ $\frac{\pi}{2}$

**Ans C** **Solve** $\int_0^1 \frac{x}{\sqrt{1-x^2}}\,dx = -\frac{1}{2}\int_0^1 \frac{d(-x^2)}{\sqrt{1-x^2}}$

$= -\frac{1}{2}\left[2\sqrt{1-x^2}\right]_0^1 = -\left[\sqrt{0} - \sqrt{1}\right] = 1$

**75. মূলবিন্দুগামী এবং 2x – 3y = 5 সরলরেখার উপর লম্ব রেখাটি-**

Ⓐ $2x + 3y = 5$ Ⓑ $3x + 2y = 0$
Ⓒ $2x + 3y = 0$ Ⓓ $3x + 2y = 7$

**Ans B** **Solve** $2x - 3y = 5$ এর লম্বা রেখার সমীকরণ

$3x + 2y + c = 0$ ইহা মূলবিন্দুগামী $\therefore c = 0$

$\therefore$ নির্ণেয় সমীকরণ $3x + 2y = 0$

**Shortcut:** $3(x - 0) + 2(y - 0) = 0 \therefore 3x + 2y = 0$

**76.** $\cos^{-1} x + \operatorname{cosec}^{-1}\left(\frac{1}{x}\right) = ?$

Ⓐ $x + \frac{1}{x}$ Ⓑ $x\sqrt{1-x^2}$
Ⓒ $\frac{\pi}{3}$ Ⓓ $\frac{\pi}{2}$

**Ans D** **Solve** $\cos^{-1}x + \operatorname{cosec}^{-1}\left(\frac{1}{x}\right)$

$= \cos^{-1}x + \sin^{-1}x = \frac{\pi}{2}$

**77.** $\lim_{x\to\infty} \frac{2x}{(4x+1)} = ?$

Ⓐ 0 Ⓑ 1
Ⓒ $\frac{1}{2}$ Ⓓ $\frac{1}{4}$

**Ans C** **Solve** $\lim_{x\to\infty} \frac{2x}{4x+1} = \lim_{x\to\infty} \frac{2}{4 + \frac{1}{x}} = \frac{2}{4} = \frac{1}{2}$

**78. $y = \sqrt{x}$ বক্ররেখার উপর x = 4 বিন্দুতে স্পর্শকের ঢাল-**

Ⓐ 1 Ⓑ $\frac{1}{2}$
Ⓒ $\frac{1}{3}$ Ⓓ $\frac{1}{4}$

**Ans D** **Solve** $y = \sqrt{x} \Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{2\sqrt{x}}$

$\therefore$ x = 4 বিন্দুতে স্পর্শকের ঢাল $= \frac{1}{2\sqrt{4}} = \frac{1}{4}$

**79. y = 2x, x অক্ষ এবং x = 2 লাইনসমূহ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল?**

Ⓐ 5 Ⓑ 4 Ⓒ 9 Ⓓ 30

**Ans B** **Solve** $\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 2 \times 4 = 4$ বর্গএকক।




**80. কোন শর্তে কনিককে উপবৃত্ত হিসেবে গণ্য করা যায়?**

Ⓐ $0 < e < 1$ Ⓑ $e = 1$
Ⓒ $e > 1$ Ⓓ $e = 0$

**Ans A** **Solve** যখন $0 < e < 1$ হয় কনিকটি উপবৃত্ত হিসাবে গণ্য করা হয়।

**81. $x^2 - 5x + c = 0$ সমীকরণের একটি মূল – 3 হলে c এর মান-**

Ⓐ – 6 Ⓑ 6
Ⓒ – 24 Ⓓ 24

**Ans C** **Solve** একটি মূল –3, অপরটি $\alpha$ হলে পাই,

$-3 + \alpha = -\frac{-5}{1} \Rightarrow \alpha = 5 + 3 = 8$

আবার, $(-3)\alpha = c \Rightarrow c = (-3) \times 8 = -24$

**82. $\sin\theta = -1$ হলে θ এর মান-**

Ⓐ $\pi(n + 1)$ Ⓑ $\frac{\pi(4n+1)}{2}$
Ⓒ $\frac{\pi(4n-1)}{2}$ Ⓓ $2n\pi$

**Ans C** **Solve** $\sin\theta = -1 \therefore \theta = (4n - 1)\frac{\pi}{2}$

**83. y = 2 এবং y = x + 9 এর মধ্যবর্তী স্থূলকোণ = ?**

Ⓐ 120° Ⓑ 180°
Ⓒ 145° Ⓓ 135°

**Ans D** **Solve** $y = 2 \Rightarrow y = 0 \times x + 2$ এর ঢাল $= 0$

এবং $y = x + 9$ এর ঢাল $= 1$

রেখাদ্বয়ের মধ্যবর্তী স্থূলকোণ $= \theta$ হয় তবে,

$\tan\theta = \frac{0 - 1}{1 + 0 \times 1} \Rightarrow \tan\theta = -1$

$\Rightarrow \tan\theta = \tan\left(-\frac{\pi}{4}\right) = \tan\left(\pi - \frac{\pi}{4}\right)$

$\therefore \theta = \pi - \frac{\pi}{4} = 180° - 45° = 135°$

**84. $4x^2 + 3y^2 = 12$ উপবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য-**

Ⓐ 3 Ⓑ 9
Ⓒ $2\sqrt{2}$ Ⓓ 6

**Ans A** **Solve** $4x^2 + 3y^2 = 12$

$\Rightarrow \frac{x^2}{3} + \frac{y^2}{4} = 1 \Rightarrow \frac{x^2}{(\sqrt{3})^2} + \frac{y^2}{2^2} = 1$

উপকেন্দ্রিক লম্ব এর দৈর্ঘ্য $= \frac{2 \times (\sqrt{3})^2}{2} = \frac{2 \times 3}{2} = 3$

@reqpdf

## জীববিজ্ঞান

85. বাঘের বৈজ্ঞানিক নাম কী?
Ⓐ *Panthera pardus* Ⓑ *Panthera leo*
Ⓒ *Panthera tigris* Ⓓ *Neofelis nebulosa*
**C Solve** • *Panthera leo* – সিংহের বৈজ্ঞানিক নাম।
• *Panthera pardus* – চিতাবাঘের বৈজ্ঞানিক নাম।
• *Neofelis nebulosa* – মেঘলা চিতার বৈজ্ঞানিক নাম। [Ref: মাজেদা]

86. কুনোব্যাঙ কখন সক্রিয় হয়?
Ⓐ সকালে Ⓑ দুপুরে Ⓒ বিকালে Ⓓ রাতে
**D Solve** কুনোব্যাঙ এমন একটি প্রাণী যা একটানা ছয় মাস ঘুমাতে পারে। দিনের বেলা ঘরের কোণে অথবা দেয়ালের ফাঁকা জায়গা অথবা মাটির গর্তে বাস করে বলে এদের কুনোব্যাঙ বলে। এরা মূলত রাতের বেলা সক্রিয় হয়। [Ref: উইকিপিডিয়া]

87. মানুষের হৃৎপিণ্ডে কয়টি প্রকোষ্ঠ বিদ্যমান?
Ⓐ 5 Ⓑ 4 Ⓒ 3 Ⓓ 2
**B Solve** মানুষের হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠবিশিষ্ট একটি ফাঁপা অঙ্গ। উপরের প্রকোষ্ঠ দুটিকে ডান ও বাম অ্যাট্রিয়াম বা অলিন্দ এবং নিচের দুটিকে ডান বা বাম ভেন্ট্রিকল বা নিলয় বলে। [Ref: আজমল]

88. সিলোমবিহীন পর্ব কোনটি?
Ⓐ Nematoda Ⓑ Platyhelminthes
Ⓒ Arthropoda Ⓓ Annelida
**B Solve**
• **Acoelomate বা সিলোমবিহীন** : Porifera, Cnidaria, Ctenophora, Platyhelminthes প্রভৃতি।
• **Pseudocoelomate বা অপ্রকৃত সিলোমেট** : Nematoda, Rotifera, Kinorhyncha প্রভৃতি।
• **Eucoelomate বা প্রকৃত সিলোমেট** : Mollusca, Annelida, Arthropoda, Echinodermata, Hemichordata, Chordata প্রভৃতি। [Ref: আজমল]

89. ধানের পুষ্পমঞ্জরির ধরন হলো-
Ⓐ স্পাইকলেট Ⓑ ক্যারিঅপসিস
Ⓒ ক্যাপসুল Ⓓ বেরি
**A Solve** স্পাইকলেট পুষ্পমঞ্জরির উদাহরণ: ধান, গম, ঘাস ইত্যাদি। [Ref: হাসান]

90. কোন উদ্ভিদকে জীবন্ত জীবাশ্ম বলা হয়?
Ⓐ *Cycas pectinata* Ⓑ *Podocarpus neriifolius*
Ⓒ *Gnetum montanum* Ⓓ *Ginkgo biloba*
**A Solve** জীবন্ত জীবাশ্ম উদ্ভিদ : *Cycas pectinata, C. circinalis, C. revoluta* । [Ref: হাসান]

91. কোন পরিবারের উদ্ভিদ থেকে তুলা পাওয়া যায়?
Ⓐ Poaceae Ⓑ Malvaceae Ⓒ Fabaceae Ⓓ Cyperaceae
**B Solve** বস্ত্র শিল্পের প্রধান উপাদান কার্পাস তুলা Malvaceae গোত্রের *Gossypium* গণের বিভিন্ন প্রজাতি হতে সংগ্রহ করা হয়। [Ref: হাসান]

92. উদ্ভিদের জন্য অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদানের সংখ্যা হলো-
Ⓐ 7 Ⓑ 17 Ⓒ 27 Ⓓ 37
**B Solve** উদ্ভিদের জন্য অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদানের সংখ্যা ১৭টি। সাধারণত দেহাভ্যন্তরে এগুলো তৈরি হয় না; বাইরে থেকে বিশেষ করে, মাটি থেকে এসব খনিজ লবণ শোষণ করে নিতে হয়। [Ref: হাসান]

93. নিষেকের পর গর্ভাশয় রূপান্তরিত হয়ে তৈরি হয়-
Ⓐ বীজ Ⓑ ভ্রূণ
Ⓒ বীজত্বক Ⓓ ফল
**D Solve** নিষেকের পর গর্ভাশয় (ডিম্বাশয়) এবং ডিম্বকের বিভিন্ন পরিবর্তন :

| নিষেকের আগে | নিষেকের পরে বিকশিত হলে |
|---|---|
| ১. গর্ভাশয় | ফল |
| ২. গর্ভাশয় প্রাচীর | ফলত্বক |
| ৩. ডিম্বক | বীজ |
| ৪. ডিম্বাণু | ভ্রূণ |

[Ref: হাসান]

94. সবাত শ্বসনের প্রাথমিক ধাপ হলো-
Ⓐ ক্রেবস চক্র Ⓑ গ্লাইকোলাইসিস
Ⓒ ইলেকট্রন পরিবহন Ⓓ এটিপি উৎপাদন
**B Solve** গ্লাইকোলাইসিস সবাত ও অবাত উভয় প্রকার শ্বসনেরই প্রথম পর্যায় বা ধাপ। [Ref: হাসান]

95. সার্বজনীন রক্তদাতার গ্রুপ কোনটি?
Ⓐ A Ⓑ AB
Ⓒ O Ⓓ B
**C Solve** O গ্রুপ সকল গ্রুপকে রক্ত দান করতে পারে কিন্তু নিজ গ্রুপ ছাড়া অন্য কোনো গ্রুপের কাছ থেকে রক্ত গ্রহণ করতে পারে না। তাই O গ্রুপকে সার্বজনীন দাতা (universaldonor) বলে। [Ref: মাজেদা]

96. দ্বিপদ নামকরণ প্রথার প্রবর্তক?
Ⓐ Carolus Linnaeus Ⓑ Simpson
Ⓒ Lamarck Ⓓ Aristotle
**A Solve** **ক্যারোলাস লিনিয়াস এর উল্লেখযোগ্য অবদান :**
১. পুংজননাঙ্গের ভিত্তিতে উদ্ভিদের শ্রেণিবিন্যাস করেন।
২. উদ্ভিদ ও প্রাণীর দ্বিপদ নামকরণ পদ্ধতি প্রণয়ন করেন।
৩. সাত হাজারের বেশি উদ্ভিদ শনাক্ত করেন। [Ref: আজমল]

97. *Musca domestica* কোন পর্বের প্রাণী?
Ⓐ Annelida Ⓑ Arthropoda
Ⓒ Mollusca Ⓓ Echinodermata
**B Solve**
• **Arthropoda** : *Musca domestica* (গৃহমাছি)
*Pieris brassicae* (প্রজাপতি)
• **Annelida** : *Metaphire posthuma* (কেঁচো)
*Hirudinarie manillensis* (জোঁক)
• **Mollusca** : *Pila globosa* (আপেল শামুক)
*Octopus vulgaris* (অক্টোপাস)
• **Echinodermata** : *Antedon bifida* (পালক স্টার)
[Ref: আজমল]

98. *Cavia porcellus* একটি-
Ⓐ জলজ প্রাণী Ⓑ উভচর প্রাণী
Ⓒ সরীসৃপ Ⓓ স্তন্যপায়ী
**D Solve** **স্তন্যপায়ী প্রাণীর বৈশিষ্ট্য :**
১. দেহ লোম এ আবৃত এবং বহিঃকর্ণ পিনাযুক্ত।
২. পরিণত স্ত্রী প্রাণীতে সক্রিয় স্তনগ্রন্থি থাকে।
যেমন : *Homo sapiens* (মানুষ)
*Cavia porcellus* (গিনিপিগ) [Ref: আজমল]

# ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

## বাংলা

**99. 'বিড়াল' প্রবন্ধের রচয়িতা কে?**
Ⓐ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
Ⓒ মানিক বন্দ্যোপাধ্যায় Ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর

**B Solve** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রসাত্মক ও ব্যঙ্গধর্মী রচনার সংকলন 'কমলাকান্তের দপ্তর'। তিন অংশে বিভক্ত এ প্রবন্ধের উল্লেখযোগ্য রচনা 'বিড়াল'।

**100. 'বিধু' শব্দের অর্থ কী?**
Ⓐ বিধান Ⓑ বিধাতা Ⓒ পৃথিবী Ⓓ চাঁদ

**D Solve** 'বিধু' এর সমার্থক শব্দ : শশী, সোম, ইন্দু, মৃগাঙ্ক, চন্দ্রমা, সুধাকর, দ্বিজরাজ, কুমুদনাথ, কলাভৃৎ, হিমাংশু, সুধানিধি।

**101. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটি কোন ছন্দে রচিত?**
Ⓐ অমিত্রাক্ষর Ⓑ মাত্রাবৃত্ত Ⓒ মুক্তক Ⓓ স্বরবৃত্ত

**A Solve** 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটি ১৪ মাত্রার অমিল প্রবহমান যতিস্বাধীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত। প্রথম পঙ্ক্তির সঙ্গে দ্বিতীয় পঙ্ক্তির চরণান্তের মিলহীনতার কারণে এ ছন্দ 'অমিত্রাক্ষর ছন্দ' নামে সমধিক পরিচিত।

**102. সেমিকোলনের চিহ্ন কোনটি?**
Ⓐ : Ⓑ ; Ⓒ ! Ⓓ :-

**B Solve** কতিপয় বিরামচিহ্ন ও বিরতিকাল :

| | |
|---|---|
| সেমিকোলন ( ; ) | এক বলার দ্বিগুণ সময় |
| কোলন ( : ) | এক সেকেন্ড |
| বিস্ময় ও সম্বোধন চিহ্ন ( ! ) | |
| কোলন ড্যাশ (:- ) | |

**103. কোনটি স্বরসন্ধির উদাহরণ?**
Ⓐ নিঃ + আপদ = নিরাপদ Ⓑ বি + ছেদ = বিচ্ছেদ
Ⓒ তৎ + অন্ত = তদন্ত Ⓓ নর + অধম = নরাধম

**D Solve** অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয় মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন : প্রাণ + অধিক = প্রাণাধিক, হিত + অহিত = হিতাহিত।

**104. কোনটি তারিখবাচক শব্দ?**
Ⓐ পহেলা Ⓑ প্রথম Ⓒ এক Ⓓ একটি

**A Solve** সংখ্যাবাচক শব্দের ধারণা :

| অঙ্ক বা সংখ্যা | পরিমাণ/গণনাবাচক | ক্রম/পূরণবাচক | তারিখবাচক |
|---|---|---|---|
| ১ | এক | প্রথম | পহেলা |
| ২ | দুই | দ্বিতীয় | দোসরা |

**105. লিঙ্গ পরিবর্তন দ্বারা গঠিত শব্দ কোনটি?**
Ⓐ ধার্মিক Ⓑ অত্যাচার Ⓒ উপকূল Ⓓ পাচিকা

**D Solve** অপশনের অন্যান্য শব্দের গঠনরীতি : ধার্মিক = ধর্ম + ইক (প্রত্যয়যোগে), অতি + আচার = অত্যাচার (সন্ধিযোগে) এবং উপকূল = কূলের সমীপে (অব্যয়ীভাব সমাসযোগে গঠিত)।

**106. 'ঢাকায় জনসভা চলছে'। 'ঢাকায়' কোন কারক?**
Ⓐ অপাদান Ⓑ অধিকরণ Ⓒ করণ Ⓓ কর্ম

**B Solve** ক্রিয়া সম্পাদনের স্থান, কাল এবং বিষয় বোঝালে অধিকরণ কারক হয়। অধিকরণ কারকে এ, য়, তে সপ্তমী বিভক্তি যুক্ত হয়। যেমন : আমি রোজ স্কুলে যাই।

**107. 'চাঁদ' শব্দের উৎপত্তি কোনটি?**
Ⓐ তদ্ভব Ⓑ অর্ধতৎসম Ⓒ তৎসম Ⓓ দেশি

**C Solve** যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। তদ্ভব 'চাঁদ' শব্দটি তৎসম 'চন্দ্র' শব্দ থেকে উদ্ভূত।

**108. 'ঘাটের মড়া' বাগ্‌ধারাটির অর্থ কোনটি?**
Ⓐ বোকা Ⓑ চালাক Ⓒ অতি বৃদ্ধ Ⓓ অপয়া

**C Solve** কতিপয় বাগ্‌ধারা : গৌরচন্দ্রিকা (ভূমিকা), ঘুণ হওয়া (দক্ষতা লাভ করা), ঘন্টাগরুড় (অকর্মণ্য লোক), গড্ডলিকা-প্রবাহ (অন্ধ অনুকরণ), কেউকেটা (সামান্য), গলগ্রহ (পরের বোঝাস্বরূপ)।

**109. উচ্চারণস্থান অনুসারে 'প' কোন ধ্বনি?**
Ⓐ ওষ্ঠ Ⓑ তালব্য Ⓒ কণ্ঠ Ⓓ দন্ত

**A Solve** ব্যঞ্জনধ্বনির প্রকারভেদ :

| উচ্চারণ স্থান | অঘোষ | | ঘোষ | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ | ক | খ | গ | ঘ | ঙ |
| তালু | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ | প | ফ | ব | ভ | ম |

**110. প্রত্যয়-সাধিত শব্দ কোনটি?**
Ⓐ পঙ্কজ Ⓑ রাজপুত Ⓒ গোলাপ Ⓓ গোলাপি

**D Solve** পঙ্কজ ও রাজপুত– যোগরূঢ় শব্দ, গোলাপ– মৌলিক শব্দ এবং গোলাপ + ই = গোলাপি– তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ।

**111. কবি আঠারো বছর বয়সকে কীসের সঙ্গে তুলনা করেছেন?**
Ⓐ নৌকা Ⓑ জাহাজ Ⓒ স্টিমার Ⓓ বাষ্প

**C Solve** সুকান্ত ভট্টাচার্য 'আঠারো বছর বয়স' কবিতায় নিজের অভিজ্ঞতার আলোকে বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্যকে তুলে ধরেছেন। কবির ভাষায়– 'এ বয়স জানে রক্তদানের পুণ্য বাষ্পের বেগে স্টিমারের মতো চলে।

**112. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় নিচের কোন নামটির উল্লেখ আছে?**
Ⓐ কিরণমালা Ⓑ শঙ্খমালা Ⓒ চম্পাবতী Ⓓ কাকনমালা

**B Solve** জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় বাংলার রূপ-সৌন্দর্যের বর্ণনা দিতে গিয়ে কবি হলুদ শাড়ি পরিহিত শঙ্খমালা নামের রূপসী নারীর কথা বলেছেন।

**113. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে মানুষের বয়স কত বছর বলে উল্লেখ করা হয়েছে?**
Ⓐ এক মিলিয়ন Ⓑ দুই মিলিয়ন Ⓒ তিন মিলিয়ন Ⓓ চার মিলিয়ন

**B Solve** মানুষের নিজেদের বিপন্ন করে ফেলার, গ্রহ ধ্বংস করে ফেলার অবস্থা দেখে কিউরেটর প্রথম প্রাণীটি এ তথ্যটি দেয়।

**114. 'নির্মল' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
Ⓐ অমল Ⓑ ধবল Ⓒ কমল Ⓓ পঙ্কিল

**D Solve** কতিপয় বিপরীতার্থক শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| আগম | লোপ | আগমন | নির্গমন |
| কৃশ | স্থূল | ইহ | পরত্র |

## পদার্থবিজ্ঞান

**115.যে সকল পদার্থের প্রবেশ্যতা (μ) শূন্য মাধ্যমের প্রবেশ্যতা ($\mu_0$) এর চেয়ে কম তাদের বলে-**

Ⓐ ফেরোচৌম্বক পদার্থ Ⓑ প্যারাচৌম্বক পদার্থ
Ⓒ ডায়াচৌম্বক পদার্থ Ⓓ ফেরিচৌম্বক পদার্থ

Ans C Solve ডায়াচৌম্বক পদার্থসমূহের μ এর মান শূন্য মাধ্যমে $\mu_0$ এর মানের থেকে কম হয়ে থাকে।

**116.নিচের কোনটি মাত্রাবিহীন রাশি?**

Ⓐ বিকৃতি Ⓑ পীড়ন
Ⓒ ইয়ং এর গুণাঙ্ক Ⓓ চাপ

Ans A Solve বিকৃতি হলো দুটি সমজাতীয় রাশির অনুপাত। যেমন: দৈর্ঘ্য বিকৃতি $= \frac{l}{L}$। তাই বিকৃতির কোনো একক বা মাত্রা নেই।

**117.প্রিজমে কোন বর্ণের আলোর ন্যূনতম বিচ্যুতি সবচেয়ে কম হয়?**

Ⓐ লাল Ⓑ নীল Ⓒ বেগুনি Ⓓ সবুজ

Ans A Solve যে বর্ণের আলোর তরঙ্গদৈর্ঘ্য বড় তার বিচ্যুতি সবচেয়ে কম। লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বড় তাই লাল বর্ণের আলোর ন্যূনতম বিচ্যুতি সবচেয়ে কম।

**118.হাইড্রোজেন পরমাণুর দ্বিতীয় কক্ষপথে ইলেক্ট্রনের ভরবেগ কোনটি?**

Ⓐ $\frac{2h}{\pi}$ Ⓑ $\frac{h}{\pi}$
Ⓒ $\frac{h}{2\pi}$ Ⓓ $\frac{h}{4\pi}$

Ans B Solve $L = \frac{nh}{2\pi} = \frac{2h}{2\pi} = \frac{h}{\pi}$ [n = 2]

**119.হাইড্রোজেন পরমাণুর সর্বনিম্ন কক্ষপথে ইলেক্ট্রনের শক্তি হলো?**

Ⓐ –13.6 eV Ⓑ 0 eV
Ⓒ –1 eV Ⓓ 0.53 eV

Ans A Solve $E = -\frac{me^4}{8\epsilon_0^2 n^2 h^2}$

$= \frac{-9.1 \times 10^{-31} \times (1.6 \times 10^{-19})^4}{8 \times (8.85 \times 10^{-12})^2 \times (6.63 \times 10^{-34})^2}$

$= -2.17 \times 10^{-18}\ J = -13.6\ eV$

**120.দুইটি প্রত্যাবর্তী তড়িৎপ্রবাহ, $I = I_0 \sin \omega t$ এবং $I = I_0 \sin[\omega(t + \frac{T}{3})]$ এর মধ্যে দশা পার্থক্য কত?**

Ⓐ $\frac{\pi}{2}$ Ⓑ $\frac{2\pi}{3}$
Ⓒ $\frac{\pi}{3}$ Ⓓ $\frac{\pi}{4}$

Ans B Solve দশা পার্থক্য $\delta = \omega \times \frac{T}{3} = \frac{2\pi}{T} \times \frac{T}{3} = \frac{2\pi}{3}$

**121.মুক্তিবেগের রাশিমালা হলো-**

Ⓐ $v_e = \sqrt{\frac{GM}{R}}$ Ⓑ $v_e = \sqrt{\frac{2GM}{R^2}}$
Ⓒ $v_e = \sqrt{\frac{2g}{R}}$ Ⓓ $v_e = \sqrt{2gR}$

Ans D Solve মুক্তিবেগ $v_e = \sqrt{\frac{2GM}{R}} = \sqrt{2gR}$

**122.কোনো তেজস্ক্রিয় মৌলের অর্ধজীবন ও ক্ষয় ধ্রুবকের মধ্যে সম্পর্ক কী?**

Ⓐ $T_{\frac{1}{2}} = \frac{1}{\lambda}$ Ⓑ $T_{\frac{1}{2}} = \frac{\lambda}{0.693}$
Ⓒ $T_{\frac{1}{2}} = \frac{0.693}{\lambda}$ Ⓓ $T_{\frac{1}{2}} = 0.693\lambda$

Ans C Solve অর্ধায়ু, $T_{1/2} = \frac{ln2}{\lambda} = \frac{0.693}{\lambda}$

এবং, গড় আয়ু, $\tau = \frac{1}{\lambda}$

**123.α-কণা হলো-**

Ⓐ ${}_2^4He$ Ⓑ ${}_1^3H$
Ⓒ ${}_2^3He$ Ⓓ ${}_1^2H$

Ans A

**124.পাউলীর বর্জন নীতি মেনে চলে-**

Ⓐ গ্রাভিটন Ⓑ হিগস বোসন
Ⓒ ফোটন Ⓓ ইলেক্ট্রন

Ans D Solve পলির বর্জন নীতি: একটি পরমাণুর যে কোনো দুটি ইলেক্ট্রনের চারটি কোয়ান্টাম সংখ্যার মান কখনও একই হতে পারে না।

**125.একটি বল উল্লম্বভাবে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো। সর্বোচ্চ বিন্দুতে এর ত্বরণ হলো-**

Ⓐ শূন্য Ⓑ g, নিচের দিকে
Ⓒ g উপরের দিকে Ⓓ 2g, নিচের দিকে

Ans B Solve খাড়া উপরের দিকে নিক্ষেপিত বস্তু সর্বোচ্চ উচ্চতায় তরণ g, নিচের দিকে কাজ করে। এই g এর জন্যই বস্তুটি নিচের দিকে গতিশীল হয়।

**126.পৃষ্ঠটানের মাত্রা কী?**

Ⓐ $[MLT^{-2}]$ Ⓑ $[MLT^{-1}]$
Ⓒ $[MT^{-2}]$ Ⓓ $[LT^{-2}]$

Ans C Solve $T = \frac{F}{l} = \frac{ma}{l} = \frac{[MLT^{-2}]}{[L]} = [MT^{-2}]$

## গণিত

**127.একটি ছক্কাকে নিক্ষেপ করা হলো। 3 বা 4 পাওয়ার সম্ভাবনা-**

Ⓐ $\frac{1}{6}$ Ⓑ $\frac{1}{3}$ Ⓒ $\frac{5}{6}$ Ⓓ 1

Ans B Solve নমুনা ক্ষেত্র $= 6^1 = 6$

3 বা 4 মোট - 2টি। ∴ নির্ণেয় সম্ভাবনা $= \frac{2}{6} = \frac{1}{3}$

**128.পুনরাবৃত্তি ব্যতীত 1, 2, 3, 4 অঙ্কগুলো দ্বারা চার অঙ্কবিশিষ্ট অর্থপূর্ণ সংখ্যা গঠনের সংখ্যা-**

Ⓐ 18 Ⓑ 24 Ⓒ 15 Ⓓ 12

Ans B Solve গঠিত সংখ্যা $= {}^4P_4 = 4! = 24$

**129.$\left(x + \frac{1}{x}\right)^4$ এর বিস্তৃতিতে x মুক্ত পদ-**

Ⓐ 12 Ⓑ 8 Ⓒ 9 Ⓓ 6

Ans D Solve

∴ x মুক্ত পদের মান $= {}^4C_2 = \frac{4 \times 3}{2} = 6$

**130.** $x^2 + y^2 - ax = 0$ **বৃত্তের ব্যাস-**

Ⓐ $\frac{a}{2}$ Ⓑ a
Ⓒ 2a Ⓓ 4a

**Ans B** **Solve** $x^2 + y^2 - ax = 0$

$\Rightarrow x^2 + y^2 + 2\left(-\frac{a}{2}\right)x + 2(0)y + 0 = 0$

$\therefore$ বৃত্তটির ব্যাস $= 2 \times$ ব্যাসার্ধ $= 2 \times \sqrt{\left(-\frac{a}{2}\right)^2 + 0^2 - 0}$

$= 2 \times \frac{a}{2} = a$

**131.** $\cos(120° + A) + \cos(120° - A) = ?$

Ⓐ 2 cosA Ⓑ cosA
Ⓒ – cosA Ⓓ 0

**Ans C** **Solve** $\cos(120° + A) + \cos(120° - A)$

$= 2\cos 120° \cos A = 2\left(-\frac{1}{2}\right)\cos A = -\cos A$

**132.** $\vec{u} = 3\hat{i} + a\hat{j} - 5\hat{k}$ **এবং** $\vec{v} = 6\hat{i} - 8\hat{j} - 10\hat{k}$ **পরস্পর সমান্তরাল হলে a এর মান-**

Ⓐ –4 Ⓑ – 3
Ⓒ 2 Ⓓ 4

**Ans A** **Solve** $\therefore$ প্রদত্ত ভেক্টরদ্বয় পরস্পর সমান্তরাল

$\therefore \frac{3}{6} = \frac{a}{-8} = \frac{-5}{-10} \Rightarrow \frac{a}{-8} = \frac{1}{2} \Rightarrow a = -4$

**133. u বেগে ও α কোণে প্রক্ষিপ্ত বস্তুকণার সর্বাধিক আনুভূমিক পাল্লা-**

Ⓐ $\frac{u^2(\sin 2\alpha)}{g}$ Ⓑ $\frac{u^2(\sin\alpha)}{g}$
Ⓒ $\frac{u^2}{g}$ Ⓓ $\frac{u^2(\cos 2\alpha)}{g}$

**Ans C** **Solve** অনুভূমিক পাল্লা $= \frac{u^2 \sin 2\alpha}{g}$

$\alpha = 45°$ হলে, পাল্লা সর্বাধিক হবে।

$\therefore$ সর্বাধিক পাল্লা $= \frac{u^2}{g}\sin 90° = \frac{u^2}{g}$

**134.** $1 + 2 + 3 + \ldots\ldots n = ?$

Ⓐ $\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$ Ⓑ $\frac{n(n+1)}{2}$
Ⓒ $\frac{n(n+1)}{4}$ Ⓓ $\frac{n^2(n+1)}{4}$

**Ans B** **Solve** $1 + 2 + 3 + \ldots\ldots + n = \frac{n(n+1)}{2}$

**135.** $\sqrt{3} + i$ **এর আর্গুমেন্ট-**

Ⓐ 45° Ⓑ 60° Ⓒ 30° Ⓓ 40°

**Ans C** **Solve** $\sqrt{3} + i$ এর আর্গুমেন্ট $= \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right)$

$= \tan^{-1}\left(\tan\frac{\pi}{6}\right) = \frac{\pi}{6} = 30°$

**136. নিচের কোন অসমতাটি** $|x - 2| < 5$ **এর সমতুল্য?**

Ⓐ $-5 < x < 5$ Ⓑ $-3 < x < 5$
Ⓒ $-3 < x < 7$ Ⓓ $-5 < x < 7$

**Ans C** **Solve** $|x - 2| < 5 \Rightarrow -5 < x - 2 < 5$

$\Rightarrow -5 + 2 < x < 5 + 2 \therefore -3 < x < 7$.

**137.** $f(x) = \frac{x^2}{x-1}$ **ফাংশনের ডোমেন-**

Ⓐ R Ⓑ R – {1}
Ⓒ R – {– 1} Ⓓ [0, ∞)

**Ans B** **Solve** $f(x) = \frac{x^2}{x-1}$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে যখন

$x - 1 \neq 0 \Rightarrow x \neq 1 \therefore$ ডোমেন $= R - \{1\}$

**138.** $\cos^2\left(\frac{\pi}{6}\right) + \cos^2\left(\frac{2\pi}{3}\right) = ?$

Ⓐ $\frac{1}{\sqrt{2}}$ Ⓑ $\frac{\sqrt{3}}{2}$
Ⓒ 2 Ⓓ 1

**Ans D** **Solve** $\cos^2\left(\frac{\pi}{6}\right) + \cos^2\left(\frac{2\pi}{3}\right)$

$= \cos^2 30° + \cos^2 120° = \left(\frac{\sqrt{3}}{2}\right)^2 + \left(-\frac{1}{2}\right)^2$

$= \frac{3}{4} + \frac{1}{4} = \frac{4}{4} = 1$

**139. একটি গাড়ি স্থিরাবস্থা থেকে যাত্রা শুরু করে 5 সেকেন্ডে 50 মি./সে. গতি প্রাপ্ত হলে গাড়িটির গড় ত্বরণ-**

Ⓐ 10 মি./সে.² Ⓑ 25 মি./সে.²
Ⓒ 25 মি./সে.² Ⓓ 5 মি./সে.²

**Ans A** **Solve** ত্বরণ, f হলে, $v = u + ft$

$\Rightarrow 50 = 0 + f \times 5 \therefore f = 10$ মি/সে$^2$.

## জীববিজ্ঞান

**140. পরিণত মানব কঙ্কালে কয়টি অস্থি থাকে?**

Ⓐ 204 Ⓑ 206
Ⓒ 207 Ⓓ 208

**Ans B** **Solve** মানব কঙ্কালতন্ত্রের অধিকাংশই অস্থিনির্মিত। মোট ২০৬টি অস্থি নিয়ে সমগ্র কঙ্কালতন্ত্র গঠিত। [Ref : আজমল]

**141. মানুষের ১০ম করোটিক স্নায়ুকে বলা হয়-**

Ⓐ ভেগাস Ⓑ গ্লসোফ্যারিঞ্জিয়াল
Ⓒ অডিটরি Ⓓ হাইপোগ্লোসাল

**Ans A** **Solve** Option A, B, C, D যথাক্রমে ১০ম, ৯ম, ৮ম ও ১২তম করোটিক স্নায়ু। [Ref : আজমল]

**142. কোনটিকে কোষের পাওয়ার হাউস বলা হয়?**

Ⓐ রাইবোসোম Ⓑ নিউক্লিয়াস
Ⓒ মাইটোকন্ড্রিয়া Ⓓ লাইসোসোম

**Ans C** **Solve** কোষের যাবতীয় জৈবনিক কাজের শক্তি সরবরাহ করে বলে মাইটোকন্ড্রিয়াকে কোষের "পাওয়ার হাউস" বা শক্তিঘর বলা হয়। এ অঙ্গাণুতে ক্রেবস চক্র, ফ্যাটি অ্যাসিড চক্র ও ইলেকট্রন ট্রান্সপোর্ট ইত্যাদি ঘটে থাকে। [Ref : হাসান]

**143. শর্করায় কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেনের অনুপাত হলো-**

Ⓐ 1:3:1 Ⓑ 1:4:1
Ⓒ 1:2:2 Ⓓ 1:2:1

**Ans D** **Solve** জীবদেহের একটি গুরুত্বপূর্ণ গাঠনিক উপাদান ও সঞ্চয়ী উপাদান হলো কার্বোহাইড্রেট। সাধারণভাবে কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেনের সমন্বয়ে কার্বোহাইড্রেট গঠিত হয়। এতে কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেনের অনুপাত ১ : ২ : ১। [Ref : হাসান]

**146.Cell শব্দটি প্রবর্তন করেন-**

Ⓐ Robert Brown Ⓑ Robert Hooke
Ⓒ F. Meischer Ⓓ Watson & Crick

**B Solve** Cell শব্দটি প্রবর্তন করেন Robert Hooke। ল্যাটিন *Cellula* শব্দের অর্থ ক্ষুদ্র প্রকোষ্ঠ বা কুঠুরি। তিনি তার পর্যবেক্ষণ Micrographia গ্রন্থে প্রকাশ করেন। [Ref : হাসান]

**145.ছত্রাকে সঞ্চিত খাদ্য কোনটি?**

Ⓐ স্টার্চ Ⓑ গ্লাইকোজেন Ⓒ প্রোটিন Ⓓ পেকটিন

**B Solve** ছত্রাকের সঞ্চিত খাদ্য প্রধানত গ্লাইকোজেন, তৈলবিন্দু, কখনো কখনো কিছু পরিমাণ ভলিউটিন ও চর্বি থাকতে পারে। [Ref : হাসান]

**146.কোনটি শালবনের প্রধান বৃক্ষ?**

Ⓐ *Nypa fruticans*
Ⓑ *Heriteria fomes*
Ⓒ *Dipterocarpus turbinatus*
Ⓓ *Shorea robusta*

**D Solve** শালবনের প্রধান বৃক্ষ শাল (*Shorea robusta*)। এছাড়া চালতা (*Dillenia pentagyna*), কড়ই (*Albizia procera*) ইত্যাদি জন্মে। [Ref : হাসান]

**147.কোনটি বাস্তুতন্ত্রে বিয়োজক হিসেবে কাজ করে?**

Ⓐ সবুজ উদ্ভিদ Ⓑ আলো Ⓒ ব্যাক্টেরিয়া Ⓓ পানি

**C Solve** বাস্তুতন্ত্রের মৃত জীবদেহ বা দেহাংশ পচিয়ে জৈব ও অজৈব পদার্থরূপে রূপান্তর করে থাকে কতক ব্যাকটেরিয়া ও ছত্রাক। তাই ব্যাকটেরিয়া ও ছত্রাক হলো বিয়োজক। [Ref : হাসান]

**148.যে ধরনের উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম দেখা যায়-**

Ⓐ লবণাক্ত উদ্ভিদ Ⓑ জলজ উদ্ভিদ
Ⓒ মেসোফাইট Ⓓ মরুজ উদ্ভিদ

**A Solve** লোনা পরিবেশে অধিকাংশ উদ্ভিদই জন্মাতে পারে না, তবে বিশেষ বৈশিষ্ট্যসম্পন্ন কতিপয় উদ্ভিদ প্রজাতি জন্মাতে পারে। এদের মধ্যে অনেক উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম হয়। যেমন- *Rhizophora* গণের প্রজাতি।

**149.কোন গ্রন্থিকে মাস্টার গ্রান্ড বলা হয়?**

Ⓐ থাইরয়েড গ্রন্থি Ⓑ প্যারাথাইরয়েড গ্রন্থি
Ⓒ পিটুইটারি গ্রন্থি Ⓓ এড্রেনাল গ্রন্থি

**C Solve** পিটুইটারি গ্রন্থিকে হরমোন সৃষ্টিকারী প্রধান গ্রন্থি বা প্রভু গ্রন্থি (Principal/Master gland) বলে। কারণ পিটুইটারি গ্রন্থি নিঃসৃত হরমোনের সংখ্যা যেমন বেশি, তেমনি বিভিন্ন গ্রন্থির উপর এসব হরমোনের প্রভাবও বেশি।

**150.কোনটি জলজ উদ্ভিদ?**

Ⓐ *Mangifera indica* Ⓑ *Cynodon dactylon*
Ⓒ *Nerium odoratum* Ⓓ *Hydrilla verticillata*

**D Solve** হাইড্রিলা (*Hydrilla verticillata*) নিমজ্জিত উদ্ভিদ। এছাড়া আরও কয়েকটি নিমজ্জিত জলজ উদ্ভিদ হলো, পাতা শেওলা (*Vallisneria spiralis*), পাতা ঝাঁঝি (*Potamogeton nodosus*) ইত্যাদি। [Ref : হাসান]

# ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ

**ভর্তি পরীক্ষা: ২০১৭-১৮; ইউনিট: ক (বিজ্ঞান অনুষদ)**

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

## বাংলা

**01. 'তাহারেই পড়ে মনে' কবিতায় ফাগুনে কোন দুয়ার খুলে যায়?**

Ⓐ দক্ষিণ দুয়ার Ⓑ উত্তর দুয়ার
Ⓒ বসন্ত দুয়ার Ⓓ পুবের দুয়ার

**A Solve** অক্ষরবৃত্ত ছন্দের নাটকীয় ও সংলাপনির্ভর গঠনরীতির 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রি. 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে, যা দক্ষিণ দুয়ার খোলা অর্থাৎ বসন্তের দখিনা বাতাস বইতে শুরু করেছে কিনা এ প্রশ্নে স্পষ্ট প্রকাশিত।

**02. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন জেলে বসে আত্মজীবনী লেখা শুরু করেন?**

Ⓐ ঢাকা সেন্ট্রাল জেল Ⓑ করাচি জেল
Ⓒ পাঞ্জাব জেল Ⓓ কাশিমপুর জেল

**A Solve** বন্ধুবান্ধব, সহকর্মী ও সহধর্মিণীর অনুরোধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৭ খ্রিস্টাব্দের মাঝামঝি সময়ে ঢাকা সেন্ট্রাল জেলে রাজবন্দি থাকা অবস্থায় আত্মজীবনী লেখা আরম্ভ করেন। জীবনীটিতে ১৯৫৫ খ্রি. পর্যন্ত ঘটনাবলি স্থান পেয়েছে।

**03. কোন গ্রন্থটি শামসুর রাহমানের?**

Ⓐ ঝরা পালক Ⓑ বিমুখ প্রান্তর
Ⓒ বৈরী বৃষ্টিতে Ⓓ নিজ বাসভূমে

**D Solve** নাগরিক কবি শামসুর রাহমান (১৯২৯ -২০০৬) মৃত্যুর পূর্ব পর্যন্ত মোট ৬৫টি কাব্যগ্রন্থ প্রকাশ করেছেন। তাঁর ডাক নাম বাচ্চু এবং মুক্তিযুদ্ধকালে তিনি 'মজলুম আদিব' ছদ্মনামে লিখতেন।

**04. 'অপরিচিতা' গল্পের কথক চরিত্র কে?**

Ⓐ হরিষ Ⓑ শম্ভুনাথ Ⓒ অনুপম Ⓓ কল্যাণী **Ans C**

**05. বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে কী বলে?**

Ⓐ আসত্তি Ⓑ আকাঙ্ক্ষা
Ⓒ যোগ্যতা Ⓓ আসক্তি

**B Solve** একটি সার্থক বাক্যের গুণ তিনটি। যথা : ১। আকাঙ্ক্ষা ২। আসত্তি ও ৩। যোগ্যতা।

**06. 'হাফ-হাতা' শব্দের 'হাফ' কোন ধরনের উপসর্গ?**

Ⓐ আরবি Ⓑ বাংলা
Ⓒ ইংরেজি Ⓓ ফারসি **Ans C**

**07. 'লালসালু' উপন্যাসে বর্ণিত গ্রামটির নাম কী?**

Ⓐ শিমুলতলি Ⓑ কেতুপুর
Ⓒ মহব্বতনগর Ⓓ দামপাড়া **Ans C**

**08. 'মানবশিশু' সমস্ত পদটির ব্যাসবাক্য কোনটি?**

Ⓐ মানবের শিশু Ⓑ মানবীর শিশু
Ⓒ মানুষের শিশু Ⓓ মনুর শিশু

**A Solve** পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন : মানবের শিশু = মানবশিশু, পূর্বাহ্ণ = অহ্নের পূর্বভাগ, কর্ণকুহর = কর্ণের কুহর।

09. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?
Ⓐ এক Ⓑ একত্র Ⓒ একত্রিত Ⓓ একাকী

C Solve কতিপয় শুদ্ধ প্রয়োগ :

| অপপ্রয়োগ | শুদ্ধপ্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধপ্রয়োগ |
|---|---|---|---|
| সর্বপ্রথম | প্রথম | সঠিক | ঠিক |
| ঐক্যতা | ঐক্য/একতা | বলিষ্ঠতম | বলিষ্ঠ |
| উর্বরশক্তি | উর্বরতা শক্তি | ভাযাভাযী | ভাযী |

10. 'সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?' উক্তিটি কার?
Ⓐ রাজবল্লভ Ⓑ জগৎশেঠ
Ⓒ উমিচাঁদ Ⓓ মীরজাফর Ans D

11. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে কার সঙ্গে তুলনা করা হয়েছে?
Ⓐ নক্ষত্র Ⓑ রক্ত Ⓒ ফুল Ⓓ রৌদ্র Ans A

## English

**Read the following passage carefully and answer questions 12 – 17.**

Use of electronic mail (e-mail) in business affairs has been widespread for more than a decade and a half. E-mail simplifies the flow of ideas, connects people from distant offices, eliminates the need for meetings and often boosts productivity. However, e-mail should be carefully managed to avoid unclear and inappropriate communication. E-mail messages should be concise and limited to one topic. When complex issues need to be addressed, phone calls are still the best.

**12. The word 'eliminate' means ——.**
Ⓐ establish Ⓑ initiate
Ⓒ remove Ⓓ set up Ans C

**13. The word 'productivity' is a/an ——.**
Ⓐ adjective Ⓑ adverb Ⓒ verb Ⓓ noun Ans D

**14. The passage suggests that e-mail messages should be ——.**
Ⓐ unclear Ⓑ precise
Ⓒ detailed Ⓓ frequent Ans B

**15. The main idea of the passage is that e-mail ——.**
Ⓐ causes people to be unproductive when it is used incorrectly
Ⓑ has changed considerably since it first began a decade and a half ago.
Ⓒ is not always the easiest way to connect people from distant offices.
Ⓓ is effective for certain kinds of messages but only managed wisely. Ans D

**16. Which of the following would be the most appropriate title for the passage?**
Ⓐ E-mail's Popularity
Ⓑ Appropriate use of E-mail
Ⓒ E-mail: The Ideal Form of Communication
Ⓓ Why phone calls are better than E-mail Ans B

**17. This book is —— one I was looking for.**
Ⓐ a Ⓑ the
Ⓒ an Ⓓ no article Ans B

**18. Rabindranath's short stories often —— surprise endings.**
Ⓐ had Ⓑ have
Ⓒ has Ⓓ have had Ans B

**19. If I were you, I —— the situation more carefully.**
Ⓐ would handle Ⓑ will handle
Ⓒ handled Ⓓ had handled

A Explanation If clause এ were থাকলে তা 2nd conditional হয়, 2nd conditional এর main clause এ subject + would + verb base form হয়।

**20. The expression 'take into account' means to ——.**
Ⓐ count numbers Ⓑ consider
Ⓒ think seriously Ⓓ act Ans B

**21. Fast-food restaurants have become popular in our country because many working people ——**
Ⓐ to eat quickly and cheaply.
Ⓑ eat quickly and cheaply.
Ⓒ eating quickly and cheaply.
Ⓓ eaten quickly and cheaply. Ans B

**22. I wish the price of the essential commodities —— come down soon.**
Ⓐ would Ⓑ will Ⓒ should Ⓓ were

A Explanation Wish–unreal বুঝায় বলে এর পরবর্তী verb কখনো present form এ বসে না, বরং past form হয়।

**23. He is decorating his flat with a view to —— it.**
Ⓐ sell Ⓑ sold Ⓒ sate Ⓓ selling

D Explanation With a view to + $v_1$ + ing।

**24. United we stand, divided we ——.**
Ⓐ sit Ⓑ run Ⓒ fall Ⓓ break Ans C

**25. Kazi Nazrul islam is —— Percy Bysshe Shelley of Bangladesh.**
Ⓐ the Ⓑ a
Ⓒ an Ⓓ no article Ans A

**26. A dumb cannot ——.**
Ⓐ speak Ⓑ see Ⓒ hear Ⓓ walk

A Explanation Dumb–বোবা, অর্থাৎ যে কথা বলতে পারে না।

**27. Every member of my family —— here tonight.**
Ⓐ are Ⓑ is Ⓒ was Ⓓ be

B Explanation Each, every ইত্যাদি subject অংশে থাকলে, পরবর্তী verbটি সর্বদা singular হয়।

**28. Dhaka is becoming one of the —— cities in Asia.**
Ⓐ more busy Ⓑ busy
Ⓒ busiest Ⓓ more busiest

C Explanation One of the + superlative degree।

**29. Rana —— to Dhaka just a few months ago.**
Ⓐ has moved Ⓑ had moved
Ⓒ would move Ⓓ moved

D Explanation বাক্যে ago, long ago, before ইত্যাদি থাকলে তা past indefinite হয়।

**30. The girl is trying hard to —— weight.**
Ⓐ loose Ⓑ lose Ⓒ loss Ⓓ lost Ans B

**31. I reached the station —— the train had left.**
Ⓐ than Ⓑ then Ⓒ before Ⓓ after

D Explanation Before এর পূর্বে এবং after এর পরে past perfect হয়।

**32. The dead body was —— to Dhaka medical College Hospital morgue for autopsy yesterday.**
Ⓐ send Ⓑ sends
Ⓒ sent Ⓓ have sent **Ans C**

**33. Dhaka university —— called —— Oxford of the East.**
Ⓐ is, the Ⓑ was, the
Ⓒ has been, an Ⓓ is, no article **Ans B**

**34. The correct English translation of the Bangla sentence "কখনো অপরের নিন্দা করো না" is ——.**
Ⓐ Never hurt others.
Ⓑ Never speak evil of others.
Ⓒ Never speak ill of others.
Ⓓ Never tell of others.
**C** Explanation: Speak ill of others - অপরের নিন্দা করা।

**35. Which one is the correct spelling?**
Ⓐ compulsory Ⓑ compolsury
Ⓒ compulsary Ⓓ compalsary **Ans A**

**36. Choose the correct sentence.**
Ⓐ They hardly speaking English
Ⓑ They hardly talk English
Ⓒ They cannot hardly speak English
Ⓓ They can hardly speak English. **Ans D**

## পদার্থবিজ্ঞান

**37.** $\hat{k}.(\hat{k}\times\hat{i})$ এর মান কত?
Ⓐ 0 Ⓑ +1 Ⓒ $\sqrt{3}$ Ⓓ −1
**A** Solve: $\hat{k}.(\hat{k}\times\hat{i}) = \hat{k}.\hat{j} = 0$

**38.** $(\hat{i}+\hat{j})$ এবং $\hat{i}$ এর মধ্যবর্তী কোণ
Ⓐ 45° Ⓑ 45° Ⓒ 90° Ⓓ 180°
**A,B** Solve: Put, $\vec{A} = \hat{i}+\hat{j}$ এবং $\vec{B} = \hat{i}$

$$\theta = \cos^{-1}\frac{\vec{A}.\vec{B}}{|\vec{A}|\,|\vec{B}|} = \cos^{-1}\frac{1}{\sqrt{2}} = 45°$$

**39.** একটি ত্রি-পারমাণবিক অণুর স্বাধীনতার মাত্রার সংখ্যা কত?
Ⓐ 3 Ⓑ 6 Ⓒ 7 Ⓓ 9
**B** Solve: দ্বি-পারমাণবিক অণুর স্বাধীনতার মাত্রার সংখ্যা = 5
ত্রি-পারমাণবিক অণুর স্বাধীনতর মাত্রার সংখ্যা = 6

**40.** প্লাংকের ধ্রুবকের একক নিম্নের কোন রাশির এককের সমান?
Ⓐ শক্তি Ⓑ ভরবেগ
Ⓒ কৌণিক ভরবেগ Ⓓ কম্পাংক
**C** Solve: প্লাঙ্কের ধ্রুবক, $h = 6.63\times10^{-34}$ J sec
$1J = 1N\text{-}m = kgms^{-2}.m = kgm^2s^{-2}$
$\therefore$ $1J.s = kgm^2s^{-1}$ = কৌণিক ভরবেগ এর একক।

**41.** একটি শূন্য ভরের কণিকার দ্রুতি হবে;
Ⓐ c Ⓑ অসীম
Ⓒ শূন্য Ⓓ c এর চেয়ে কম যেকোনো দ্রুতি
**A** Solve:
$$m = \frac{m_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} \Rightarrow \left(1-\frac{m_0^2}{m^2}\right) = \frac{v^2}{c^2}$$
$$\Rightarrow c^2\left(1-\frac{0}{m^2}\right) = v^2 \therefore v = c$$

**42.** দুটি স্পন্দনরত কণার সরণ যথাক্রমে $x = A\sin(\omega t)$ ও $x = A\cos(\omega t)$ হলে, এদের মধ্যে দশার পার্থক্য
Ⓐ 2π Ⓑ π Ⓒ π/3 Ⓓ π/2 **Ans D**

**43.** কোন তাপমাত্রায় বিশুদ্ধ বরফ, পানি ও জলীয় বাষ্প একই তাপমাত্রায় সাম্যাবস্থায় থাকতে পারে?
Ⓐ 0 K Ⓑ 273° K Ⓒ 273.16K Ⓓ 32 K
**C** Solve: যে তাপমাত্রায় বরফ, পানি এবং জলীয় বাষ্প এক সাথে থাকতে পারে, তাকে ত্রৈধবিন্দু বলে।

**44.** একটি কণা $(-2\hat{i}+5\hat{j})$ বিন্দু থেকে স্থানান্তরিত হয়ে $(4\hat{j}+3\hat{k})$ বিন্দুতে যায়। স্থানান্তরিত হতে যদি $(4\hat{i}+3\hat{j})$ N বল প্রয়োগ করা হয় তাহলে কাজ কত?
Ⓐ 8 J Ⓑ 11 J Ⓒ 5 J Ⓓ 2 J
**C** Solve: $W = \vec{F}.\vec{r}$
$= (4\hat{i}+3\hat{j}).(4\hat{j}+3\hat{k}+2\hat{i}-5\hat{j})$
$= (4\hat{i}+3\hat{j}).(2\hat{i}-\hat{j}+3\hat{k}) = (8-3) = 5$ J

**45.** একটি কাঠের খণ্ডকে আনুভূমিকের সাথে 60° কোণে 200 N বল দ্বারা টানা হচ্ছে। বস্তুটির উপর আনুভূমিকের দিকে প্রদত্ত বল কত?
Ⓐ 200 N Ⓑ 100 N Ⓒ 174 N Ⓓ 50 N
**B** Solve: $F = F\cos\theta = 200\times\cos60° = 100N$

**46.** একটি 1200 ওয়াট হিটারকে 120 ভোল্ট লাইনে 1 ঘন্টার জন্য সংযুক্ত করা হলে ঐ হিটারে কি পরিমাণ বিদ্যুৎ প্রবাহ হবে?
Ⓐ 5 A Ⓑ 10 A Ⓒ 100 A Ⓓ 20 A
**B** Solve: $I = \frac{P}{V} = \frac{1200}{120} = 10A$

**47.** একটি গোলকের ব্যাসার্ধ পরিমাপে 1.5% ভুল হলে ঐ গোলকের আয়তন পরিমাপে শতকরা কত ভুল হবে?
Ⓐ 1.5% Ⓑ 4.5% Ⓒ 3.375% Ⓓ 3.0%
**B** Solve: আয়তন ত্রুটি $\frac{\Delta V}{V} = \frac{3\Delta r}{r} = \frac{3\times1.5}{100} = 4.5\%$

**48.** টর্কের মাত্রা সমীকরণ কোনটি?
Ⓐ $[MLT^{-2}]$ Ⓑ $[MLT^{-1}]$
Ⓒ $[ML^2T^{-1}]$ Ⓓ $[ML^2T^{-2}]$ **Ans D**

**49.** এক হর্স পাওয়ার সমান কত?
Ⓐ 746 W Ⓑ 467 W
Ⓒ 764 W Ⓓ 647 W **Ans A**

**50.** কোন তাপমাত্রায় সেন্টিগ্রেড ও ফারেনহাইট স্কেলে একই পাঠ দেয়?
Ⓐ − 40° Ⓑ 40° Ⓒ 0° Ⓓ 100°
**A** Solve: $\frac{C}{5} = \frac{F-32}{9} \Rightarrow \frac{x}{5} = \frac{x-32}{9} \Rightarrow -40°$

**51.** পরম শূন্য তাপমাত্রায় বিশুদ্ধ অর্ধপরিবাহীর পরিবাহিতা কত?
Ⓐ $0(\text{ohm–m})^{-1}$ Ⓑ $10^3\ (\text{ohm–m})^{-1}$
Ⓒ অসীম Ⓓ $10^{-7}\ (\text{ohm–m})^{-1}$ **Ans C**

**52.** ক্যালরি ও জুলের মধ্যে সম্পর্ক কী?
Ⓐ 1 Cal = 2.4 J Ⓑ 1 Cal = 0.24 J
Ⓒ 1 Cal = 4.2 J Ⓓ 1 Cal = 42J **Ans C**

**53.** এক নিউটন বল সমান কত ডাইন?
Ⓐ $10^{-3}$ ডাইন Ⓑ $10^4$ ডাইন
Ⓒ $10^5$ ডাইন Ⓓ $10^6$ ডাইন
**C** Solve: $1N = 10^5$ dyne
$1J = 10^7$erg

@reqpdf

## রসায়ন

**54. কোন মৌলটির ১ম আয়নীকরণ শক্তি সবচেয়ে কম?**

Ⓐ Mg　Ⓑ Al　Ⓒ Na　Ⓓ Si

Ans Ⓒ **Solve** কোনো পর্যায়ের যতই ডান দিকে যাওয়া যায়, মৌলের আয়নীকরণ শক্তি ততই বাড়তে থাকে।

**55. একটি দ্রবণে হাইড্রোক্সাইড আয়নের ঘনমাত্রা $1.0 \times 10^{-4}$ mol $dm^{-3}$ হলে দ্রবণের pH এর মান কত?**

Ⓐ 9.0　Ⓑ 10.0　Ⓒ 11.0　Ⓓ 6.0

Ans Ⓑ **Solve** $pOH = -\log[1.0 \times 10^{-4}] = 4$

$\therefore pH = 14 - 4 = 10$

**56. 1.8g পানিতে কতগুলো পানির অণু আছে?**

Ⓐ $0.06023 \times 10^{23}$　Ⓑ $6.023 \times 10^{23}$

Ⓒ $0.6023 \times 10^{23}$　Ⓓ $60.23 \times 10^{23}$

Ans Ⓒ **Solve** 1.8 g পানিতে অনুর সংখ্যা $= (N_A \times 0.1)$

$= 0.6023 \times 10^{23}$ টি

**57. কোন পরিবর্তনটি তাপ-উৎপাদী?**

Ⓐ $H_2O(l) \rightarrow H_2O(g)$

Ⓑ $H_2O(s) \rightarrow H_2O(l)$

Ⓒ $C_2H_5OH(l) \rightarrow C_2H_5OH(g)$

Ⓓ $NH_3(g) \rightarrow NH_3(l)$　Ans Ⓓ

**58. $[Fe(H_2O)_6]^{3+}$ আয়নে $Fe^{3+}$ ও $H_2O$ এর মধ্যে কোন ধরনের বন্ধন বিদ্যমান?**

Ⓐ আয়নিক বন্ধন　Ⓑ সমযোজী বন্ধন

Ⓒ সন্নিবেশ বন্ধন　Ⓓ হাইড্রোজেন বন্ধন

Ans Ⓒ **Solve**




**59. $N_2(g) + 3H_2(g) \rightarrow 2NH_3(g)$ বিক্রিয়াটির $K_p$ এর একক কোনটি?**

Ⓐ atm　Ⓑ $atm^2$　Ⓒ $atm^{-1}$　Ⓓ $atm^{-2}$　Ans Ⓓ

**60. 0.5 মোল $C_4H_9OH$ কে সম্পূর্ণ দহন করলে কত মোল $CO_2(g)$ উৎপন্ন হবে?**

Ⓐ 4.0　Ⓑ 3.5　Ⓒ 2.0　Ⓓ 1.5　Ans Ⓒ

**61. 0.050 M ঘন মাত্রার 100.0 mL আয়তনের জলীয় দ্রবণ প্রস্তুত করতে কতটুকু NaOH এর প্রয়োজন?**

Ⓐ 0.20 g　Ⓑ 0.20 mg　Ⓒ 0.40 mg　Ⓓ 0.40 g

Ans Ⓐ **Solve** $W = SMV = 0.05 \times 40 \times 0.1 = 0.2$ g

**62. নিম্নের কোনটি নিউক্লিওফাইল বিকারক?**

Ⓐ $H_2O$　Ⓑ $NO_2^+$　Ⓒ $AlCl_3$　Ⓓ $NH_4^+$

Ans Ⓐ **Solve** নিউক্লিওফাইল : $H_2O$, $R-O-R$, $NH_3$

ইলেকট্রোফাইল : $BF_3$ $AlCl_3$, $FeCl_3$, $NO_2^+$

**63. কোনটি সবচেয়ে বেশি স্থিতিশীল কার্বোক্যাটায়ন?**

Ⓐ $^+CH_2CH_2$　Ⓑ $^+CH_3$

Ⓒ $^+C(CH_3)_3$　Ⓓ $^+CH(CH_3)_2$

Ans Ⓒ **Solve** কার্বো ক্যাটায়ন এর স্থায়িত্ব ক্রম :

$\overset{+}{C}(CH_3)_3 > \overset{+}{C}H(CH_3)_2 > \overset{+}{C}H_2CH_3 > \overset{+}{C}H_3$

**64. কোন লবণের জলীয় দ্রবণ লঘু $H_2SO_4$ এবং $AgNO_3$ এর জলীয় দ্রবণ, উভয়ের সাথে সাদা অধঃক্ষেপ দেয়?**

Ⓐ $BaCl_2$　Ⓑ $MgCl_2$

Ⓒ $MgSO_4$　Ⓓ $Ba(NO_3)_2$　Ans Ⓐ

**65. $S_4O_6^{2-}$ মূলকে সালফার এর জারণ মান কত?**

Ⓐ 2　Ⓑ 2.5　Ⓒ 3　Ⓓ 3.5

Ans Ⓑ **Solve** $x \times 4 + (-2 \times 6) = -2$

$\Rightarrow 4x = 12 - 2$

$\therefore x = \frac{10}{4} = 2.5$

**66. নিচের কোন আয়নটির জলীয় দ্রবণ বর্ণহীন?**

Ⓐ $Zn^{2+}$　Ⓑ $Ni^{2+}$　Ⓒ $Cu^{2+}$　Ⓓ $Fe^{2+}$

Ans Ⓐ **Solve** অবস্থান্তর মৌলসমূহ পরিবর্তনশীল জারন অবস্থা দেখায় এবং রঙিন আয়ন গঠন করে।

Sc ও Zn অবস্থান্তর মৌল নয়, তাই এদের জলীয় দ্রবন বর্ণহীন হয়।

**67. কোন যৌগটি জ্যামিতিক সমাণুতা দেখায়?**

Ⓐ $(CH_3)_2C = CHCl$　Ⓑ $CH_3ClC = CH_2$

Ⓒ $CH_3CH = CHCH_3$　Ⓓ $CH_3CH = CCl_2$

Ans Ⓒ **Solve** জ্যামিতিক সমানুতার শর্ত :




a # b




সিস্ - 2 বিউটিন　　ট্রান্স্ - 2 বিউটিন

**68. 0.1 mol $Zn^{2+}$ আয়নকে Zn এ পরিণত করতে কত ফ্যারাডে বিদ্যুৎ প্রয়োজন?**

Ⓐ 0.1 F　Ⓑ 0.5 F　Ⓒ 1.0 F　Ⓓ 0.2 F

Ans Ⓓ **Solve** 1 mol $Zn^{2+} \equiv 2F$ বিদ্যুৎ

**69. কোন দ্রবণটি বাফার দ্রবণ নয়?**

Ⓐ $CH_3COOH + CH_3COONa$　Ⓑ $NH_4OH + NH_4Cl$

Ⓒ $HCOOH + HCOONa$　Ⓓ $NaCl + NH_4Cl$

Ans Ⓓ **Solve** বাফার দ্রবন মূলত এসিড ও এর অনুবন্ধী ক্ষারক বা দুর্বল ক্ষারক ও এর অনুবন্ধী এসিডের মিশ্রন।

**70. কোন যৌগটি আলোক সমাণুতা প্রদর্শন করে?**

Ⓐ $CH_3CCl_3$　Ⓑ $CH_3CH(OH)COOH$

Ⓒ $NaOH + ZnCl_2$　Ⓓ $CH_6CHCl_2$

Ans Ⓑ **Solve** কোনো যৌগের আলোক সমানুতা প্রদর্শনের অন্যতম শর্ত হলো কাইরাল কার্বনের উপস্থিতি।



71. কোনটি লুকাস বিকারক?

Ⓐ NaOH+CaO  Ⓑ $ZnCl_2$+HCl
Ⓒ NaOH+$ZNCl_2$  Ⓓ Sn + HCl

Ans Ⓑ Solve গাঢ় HCl এ দ্রবীভূত অনার্দ্র জিংক ক্লোরাইডের দ্রবনকে লুকাস বিকারক বলে।

72. কোন যৌগের গঠন সরলরৈখিক?

Ⓐ $CO_2$  Ⓑ $H_2O$
Ⓒ $NH_3$  Ⓓ $SO_2$

Ans Ⓐ Solve $CO_2$ → সরলরৈখিক
$NH_3$ → ত্রিকোণাকার পিরামিড
$H_2O$ → V আকৃতি।

73. PVC পলিমারের পুনরাবৃত্তি একক কোনটি?

Ⓐ $-CH_2-CH_2-$
Ⓑ $-CH_2-CHCl$
Ⓒ $-CHCl-CHCl-$
Ⓓ $-CHCl-CCl2-$

Ans Ⓑ Solve

$$nCH_2{=}CHCl \xrightarrow[\text{উচ্চচাপ}]{\text{পলিমারকরণ}} \left[-CH_2-\underset{}{\overset{Cl}{\overset{|}{C}}}H-\right]_n$$ পলিভিনাইল ক্লোরাইড

74. একটি প্রপাইন অণুতে কয়টি σ বন্ধন ও কয়টি π বন্ধন আছে?

Ⓐ 6σ + 2π  Ⓑ 5σ + 2π
Ⓒ 6σ + π  Ⓓ 2σ + 2π

Ans Ⓐ Solve



(প্রোপাইন)

75. কোন গ্রুপটি মেটা নির্দেশক?

Ⓐ – OH  Ⓑ – $NH_2$
Ⓒ – $NO_2$  Ⓓ – $CH_3$

Ans Ⓒ Solve অর্থো-প্যারা নির্দেশক : – OH, – $NH_2$ – $CH_3$
মেটা নির্দেশক : – $NO_2$, – $SO_3H$, – COOH

76. $C_3H_8$ অণুতে কোন অরবিটালের অধিক্রমনের ফলে C–H বন্ধন উৎপন্ন হয়েছে?

Ⓐ $C(sp^3) + H(ls)$
Ⓑ $C(sp) + H(1s)$
Ⓒ $C(sp^2) + H(1s)$
Ⓓ $C(sp^3) + H(sp)$

Ans Ⓐ Solve



(প্রোপেন), $C_3H_8$

গণিত

77. cosθ = 1 হলে, θ এর মান কত?

Ⓐ (2n + 1) π Ⓑ 2nπ  Ⓒ $\frac{1}{2}n\pi$  Ⓓ nπ

Ans Ⓑ Solve cosθ = 1 ∴ θ = 2nπ [ সূত্রানুসারে]

78. 2x – 3y – 5 = 0 সরলরেখার সমান্তরাল এবং (4,5) বিন্দুগামী রেখাটি

Ⓐ 2x + 3y + 7 = 0  Ⓑ 3x – 2y – 7 = 0
Ⓒ 2x – 3y + 7 = 0  Ⓓ 3x – 2y – 22 = 0

Ans Ⓒ Solve (4,5) বিন্দুগামী 2x – 3y – 5 = 0 রেখার সমান্তরাল রেখার সমীকরণ, 2 (x – 4) – 3(y – 5) = 0
∴ 2x – 3y + 7 = 0

79. x = 2 বিন্দুতে $y = x^3 - 5x^2 + 6$ এর ঢাল হবে

Ⓐ – 6  Ⓑ – 7
Ⓒ – 8  Ⓓ – 9

Ans Ⓒ Solve $y = x^3 - 5x^2 + 6$

$\Rightarrow \frac{dy}{dx} = 3x^2 - 10x$

∴ x = 2 বিন্দুতে ঢাল , $\frac{dy}{dx} = 3.2^2 - 10.2 = -8.$

80. $x^2 + x + c = 0$ সমীকরণের একটি মূল শূন্য হওয়ার শর্ত কোনটি?

Ⓐ c = 0  Ⓑ c > ¼  Ⓒ c < 1/4  Ⓓ c = 4

Ans Ⓐ Solve $x^2 + x + c = 0$ সমীকরণের একটি মূল শূন্য হওয়ার শর্ত , c = 0 [∴ একটি মূল শূন্য হলে তাদের গুনফল শূন্য]

$\Rightarrow x^2 + x = 0$
$\Rightarrow x (x+1) = 0 \;\therefore\; x = 0 \quad x = -1$

81. $y^2 - 2x^2 = 2$ অধিবৃত্তের উৎকেন্দ্রিকতা কত?

Ⓐ $\sqrt{\frac{3}{2}}$  Ⓑ 2
Ⓒ $\sqrt{5}$  Ⓓ $\frac{\sqrt{3}}{2}$

Ans Ⓐ Solve $y^2 - 2x^2 = 2$

$\Rightarrow \frac{y^2}{(\sqrt{2})^2} - \frac{x^2}{1^2} = 1$

∴ উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{1 + \frac{1^2}{(\sqrt{2})^2}} = \sqrt{1 + \frac{1}{2}} = \sqrt{\frac{3}{2}}$

82. $\int_0^1 \frac{x}{2 - x^2} dx$ এর মান কত?

Ⓐ $\frac{1}{2}\log 2$  Ⓑ log 2
Ⓒ 2 log 2  Ⓓ $-\frac{1}{2}\log 2$

Ans Ⓐ Solve $\int_0^1 \frac{x}{2 - x^2} dx$

$= -\frac{1}{2}\int_0^1 \frac{-2x.dx}{2-x^2} = -\frac{1}{2}\int_0^1 \frac{d(2-x^2)}{2-x^2}$

$= -\frac{1}{2}[\log(2 - x^2)]_0^1$

$= -\frac{1}{2}[\log 1 - \log 2] = \frac{1}{2}\log 2$

@reqpdf

83. (3, – 1) ও (4, – 2) বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখা x অক্ষের সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে?

Ⓐ 45° Ⓑ 135°
Ⓒ 120° Ⓓ 75°

Ans B Solve (3,–1) ও (4,–2) বিন্দুগামী সরলরেখাটির ঢাল

$m = \frac{-2+1}{4-3} = -1$

$\Rightarrow \tan\theta = -1 = \tan 135° \therefore \theta = 135°$

84. $\begin{vmatrix} x-2 & 1 \\ -5 & x+4 \end{vmatrix} = 0$ হলে, x এর মান কত?

Ⓐ – 1, – 3 Ⓑ 1, 3
Ⓒ – 1, 3 Ⓓ 1, – 3

Ans D Solve $\begin{vmatrix} x-2 & 1 \\ -5 & x+4 \end{vmatrix} = 0$

$\Rightarrow x^2 - 2x + 4x - 8 + 5 = 0$

$\Rightarrow x^2 + 2x - 3 = 0$

$\Rightarrow x^2 + 3x - x - 3 = 0$

$\Rightarrow (x+3)(x-1) = 0$

$\therefore x = 1, -3$

85. $\lim_{x\to 0} \frac{e^{\tan x}}{1+\cos(2x)}$ = কত?

Ⓐ $\frac{e}{2}$ Ⓑ 1
Ⓒ $\frac{1}{2}$ Ⓓ $\frac{1}{3}$

Ans C Solve $\lim_{x\to 0} \frac{e^{\tan x}}{1+\cos(2x)}$

$= \frac{e^{\tan 0}}{1+\cos(2\times 0)} = \frac{e^0}{1+1} = \frac{1}{2}$

86. $\int 2\sin^2\frac{x}{2}\,dx$ = কত ?

Ⓐ x – sinx + c Ⓑ x – cosx + c
Ⓒ 1 – sinx Ⓓ 1 + sinx + c

Ans A Solve $\int 2\sin^2\frac{x}{2}\,dx$

$= \int(1-\cos x)\,dx = x - \sin x + c$

87. y = 0, x = 1 এবং y = x রেখা তিনটি দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল-

Ⓐ 2 sq. units Ⓑ 1 sq units
Ⓒ $\frac{1}{2}$ sq. unit Ⓓ $\frac{1}{3}$ sq. unit

Ans C Solve

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= \int_0^1 x\,dx = \left[\frac{x^2}{2}\right]_0^1 = \frac{1}{2} - 0 = \frac{1}{2}$

## জীববিজ্ঞান

88. কোনটিকে বায়োলজিক্যাল কয়েন বলা হয়?

Ⓐ FAD Ⓑ NAD
Ⓒ NADP Ⓓ ATP Ans D

89. হৃৎপিণ্ডের কোন প্রকোষ্ঠ ফুসফুস থেকে আগত অক্সিজেনযুক্ত রক্ত গ্রহণ করে?

Ⓐ ডান অলিন্দ Ⓑ বাম অলিন্দ Ⓒ ডান নিলয় Ⓓ বাম নিলয়

Ans B Solve হৃৎপিণ্ডের বাম অলিন্দ অক্সিজেনযুক্ত রক্তগ্রহন করে।

90. প্রাণিজগতের কোন পর্বের প্রাণীর সন্ধিযুক্ত উপাঙ্গ থাকে?

Ⓐ Mollusca Ⓑ Annelida
Ⓒ Arthropoda Ⓓ Cnidaria Ans C

91. *Archaeopteryx* কোন পিরিয়ডে বাস করত?

Ⓐ ক্রিটেসিয়াস Ⓑ জুরাসিক
Ⓒ পারমিয়ান Ⓓ ডেভোনিয়ান Ans B

92. জীববৈচিত্র্য কয়টি পর্যায়ে ভাগ করা যায়?

Ⓐ ৩ (তিন) Ⓑ ৪ (চার) Ⓒ ২ (দুই) Ⓓ ৫ (পাঁচ) Ans A

93. প্রাণিজগতের সবচেয়ে বড় পর্ব কোনটি?

Ⓐ Mollusca Ⓑ Arthropoda
Ⓒ Echinodermata Ⓓ Chordata

Ans B Solve প্রাণিজগতের সবচেয়ে বড় পর্ব Arthropoda। পৃথিবীর তিন-চতুর্থাংশ প্রাণী এ পর্বের অন্তর্গত। [Ref: আজমল]

94. সরীসৃপের যুগ হলো–

Ⓐ সিনোজয়িক Ⓑ মেসোজয়িক
Ⓒ প্যালিওজয়িক Ⓓ প্রোটেরোজয়িক Ans B

95. রক্তের কোন অংশ দেহকোষে খনিজ ও ভিটামিন বহন করে?

Ⓐ প্লাজমা Ⓑ অনুচক্রিকা
Ⓒ লোহিত রক্তকণিকা Ⓓ শ্বেত রক্তকণিকা

Ans A Solve প্লাজমা রক্ত কণিকাসমূহ ধারণ করে এবং রক্তের তারল্য রক্ষা করে। এটি অন্ত্র থেকে খাদ্যসার, ভিটামিন, খনিজ পদার্থ, পানি ইত্যাদি পরিবহন করে দেহের বিভিন্ন অংশে পৌঁছে দেয়। [Ref: আলীম]

96. মলাস্কা পর্বের প্রাণিদেহের দেহ কী দ্বারা আবৃত?

Ⓐ Radula Ⓑ Chitin
Ⓒ Mantle Ⓓ Ctinidia Ans C

97. রুই মাছের দেহে কোন ধরনের আঁইশ দেখা যায়?

Ⓐ টিনয়েড Ⓑ প্লাকয়েড Ⓒ সাইক্লয়েড Ⓓ ক্রিকয়েড

Ans C Solve রুই মাছের দেহকাণ্ড ও লেজ মিউকাসময় সাইক্লয়েড (cycloid) ধরনের আঁইশে আবৃত। এগুলো পাতলা, প্রায় গোল ও রূপালি চকচকে। [Ref: আজমল]

# ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

## বাংলা

98. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় সন্ধ্যার বাতাসে কী উড়ে যায়?

Ⓐ লক্ষ্মীপেঁচা Ⓑ সুদর্শন
Ⓒ শঙ্খমালা Ⓓ বারুণী Ans B

99. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কয়টি নদীর উল্লেখ আছে?

Ⓐ ২ Ⓑ ৫ Ⓒ ৬ Ⓓ ৮

Ans C Solve ছয় মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত কবি দিলওয়ারের 'রক্তে আমার অনাদি অস্থি' কাব্যগ্রন্থের নাম-কবিতাটি কবির চৌধুরীর উদ্দেশ্যে উৎসর্গিত। কাব্যগ্রন্থটি ১৯৮১ খ্রি. সিলেট থেকে প্রথম প্রকাশিত হয়। এতে পদ্মা, মেঘনা, যমুনা, সুরমা, গঙ্গা, কর্ণফুলী - এ ৬টি নদীর উল্লেখ রয়েছে।

100. 'যে কবিতা শুনতে জানে না' সে কীসের আর্তনাদ শুনবে?

Ⓐ সত্যের Ⓑ মিথ্যার Ⓒ আর্তমানুষের Ⓓ ঝড়ের

Ans D Solve ঐতিহ্যসচেতন শিকড়সন্ধানী মানুষের সর্বাঙ্গীণ মুক্তির দৃপ্ত ঘোষণা আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্যগ্রন্থ 'আমি কিংবদন্তির কথা বলছি'র নাম-কবিতাটি। 'যে কবিতা শুনতে জানে না। সে . . .' কাঠামোর পঙক্তিমালার ধারাবাহিক উপস্থাপনের মধ্য দিয়ে কবিতা আর মুক্তির আবেগকে একত্রে শিল্পরূপ প্রদান করেছেন।

**101.বায়বীয় বস্তুর প্রসারণজ্ঞাপক দ্বিরুক্ত শব্দ কোনটি?**

Ⓐ লিকলিকে Ⓑ ছিরছিরে
Ⓒ লকলকে Ⓓ ঝরঝরে **Ans D**

**102.'লম্বা দেওয়া' বাগ্‌ধারাটির অর্থ কোনটি?**

Ⓐ দীর্ঘ বক্তৃতা Ⓑ বড় আকৃতির মেঘ
Ⓒ মরে যাওয়া Ⓓ পালানো

**D Solve** কতিপয় বাগ্‌ধারা : লবেজান করা (নাজেহাল করা), লম্বা চাল (অবস্থার অতিরিক্ত আড়ম্বর), লেজকাটা শেয়াল (বেহায়া লোক), লোহার কার্তিক (কালো কুৎসিত লোক), লেজে গোবরে করা (বিশৃঙ্খলা করা)।

**103.কবির পূর্বপুরুষের দেহে কোথায় রক্তজবার মতো ক্ষত ছিল?**

Ⓐ বুকে Ⓑ গলায়
Ⓒ পিঠে Ⓓ পায়ে **Ans C**

**104.কোনটি ক্রমবাচক শব্দ?**

Ⓐ অর্ধ Ⓑ এক
Ⓒ প্রথম Ⓓ পহেলা

**C Solve** সংখ্যাবাচক শব্দের রূপভেদ :

| অঙ্কবাচক | পরিমাণ বা গণনাবাচক | ক্রম বা পূরণবাচক | তারিখবাচক |
|---|---|---|---|
| ০১ | এক | প্রথম | পহেলা |
| ০২ | দুই | দ্বিতীয় | দোসরা |
| ০৩ | তিন | তৃতীয় | তেসরা |

**105.'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে?**

Ⓐ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
Ⓒ প্রমথ চৌধুরী Ⓓ মীর মশাররফ হোসেন

**C Solve** কতিপয় পত্রিকা পরিচিতি :

| পত্রিকার নাম | সম্পাদক |
|---|---|
| সম্বাদ প্রভাকর | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| বঙ্গদর্শন | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |
| আজীজন নেহার | মীর মশারফ হোসেন |

**106.'অরিন্দম' শব্দটির অর্থ কী?**

Ⓐ শত্রু দমনকারী Ⓑ বন্ধ
Ⓒ আত্মীয় Ⓓ চোর

**A Solve** 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় মেঘনাদকে অরিন্দম, বাসরত্রাস, বাসববিজয়ী, রাবণি, ইন্দ্রজিৎ নামে অভিহিত করা হয়েছে।

**107.নিচের কোন শব্দটি তৎসম শব্দের উদাহরণ?**

Ⓐ হাতি Ⓑ হস্ত
Ⓒ আদালত Ⓓ আনারস

**B Solve** হাতি (বাংলা), আদালত (আরবি) এবং আনারস (পর্তুগিজ) ভাষার শব্দ। কতিপয় তৎসম বা সংস্কৃত শব্দ : অর্ধ, ভক্ত, ষোড়শ, গৃহ, বৃদ্ধ, লবণ, মিথ্যা, স্নান, দ্বার, প্রস্তর, স্তম্ভ।

**108.'স্টেশন > ইস্টিশন' কোন ধ্বনি পরিবর্তন প্রক্রিয়া?**

Ⓐ বিপ্রকর্ষ Ⓑ অভিশ্রুতি
Ⓒ স্বরাগম Ⓓ অপিনিহিতি

**C Solve** উচ্চারণ সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনি এলে তাকে বলে আদি স্বরাগম (Prothesis)। যেমন : স্কুল > ইস্কুল, স্টেশন > ইস্টিশন।

**109.কোন প্রাণির বৃদ্ধ কেবল লৌকিক শব্দ, আত্মকণ্ঠ?**

Ⓐ নদীর Ⓑ মানুষের
Ⓒ গাছের Ⓓ বৃক্ষের **Ans B**

**110.প্রত্যয় সাধিত শব্দ কোনটি?**

Ⓐ পঙ্কজ Ⓑ রাজপুত Ⓒ গোলাপ Ⓓ গোলাপি

**D Solve** শব্দ গঠনের উদ্দেশ্যে নাম প্রকৃতির এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয় তাকে প্রত্যয় বলে। যেমন : গোলাপ + ই = গোলাপি (নাম প্রকৃতিজাত প্রত্যয়ান্ত শব্দ)।

**111.নিচের কোন প্রবাদটি শুদ্ধ?**

Ⓐ এক অগ্রহায়ণে শীত যায় না Ⓑ এক মাঘে শীত যায় না
Ⓒ এক গ্রীষ্মে শীত যায় না Ⓓ এক শরতে শীত যায় না

**B Solve** কতিপয় প্রবাদ-প্রবচন : শিয়রে শমন (মৃত্যু আসন্ন), মান্ধাতার আমল (বহু প্রাচীনকাল), নিজের কোলে ঝোল টানা (স্বার্থসিদ্ধির ব্যবস্থা), টায় টায় মিলিয়ে দেওয়া (গোঁজামিল দেওয়া)।

## পদার্থবিজ্ঞান

**112.একটি ট্রান্সফর্মারের মুখ্য কুণ্ডলীর ভোল্টেজ 5 ভোল্ট এবং প্রবাহ 3 অ্যাম্পিয়ার। গৌণ কুণ্ডলীর ভোল্টেজ 25 ভোল্ট। ট্রান্সফর্মারটির গৌণ কুণ্ডলীর প্রবাহ কত?**

Ⓐ 0.6A Ⓑ 0.7 A Ⓒ 0.8 A Ⓓ 0.9 A

**A Solve** $\frac{E_p}{E_s} = \frac{I_s}{I_p} \Rightarrow \frac{E_p}{E_s} \times I_p = I_s$

$\Rightarrow I_s = \frac{5}{25} \times 3 \therefore I_s = 0.6A$

**113.কোনটি পয়সনের অনুপাতের ক্ষেত্রে সত্য?**

Ⓐ $-\frac{1}{2} < \sigma < 1$ Ⓑ $-1 < \sigma < \frac{1}{2}$
Ⓒ $\frac{1}{2} < \sigma < 1$ Ⓓ $1 < \sigma < 2$

**B Solve** σ-এর মান $-1 < \sigma < 1/2$। এর মান $-1$ অপেক্ষা কম এবং 1/2 অপেক্ষা বেশি হতে পারে না।

**114.পৃথিবীর পৃষ্ঠে মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য 'g'। কাল্পনিক একটি গ্রহের ঘনত্ব যদি পৃথিবীর ঘনত্বের সমান হয় এবং ব্যাসার্ধ যদি দ্বিগুণ হয়, তবে ঐ গ্রহের পৃষ্ঠে মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য কত?**

Ⓐ g Ⓑ 2g
Ⓒ 4 g Ⓓ 8 g

**A Solve** পৃথিবীর ক্ষেত্রে কোনো বিন্দুর মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য এবং অভিকর্ষজ ত্বরণ একই। $E_G = \frac{F}{m} = \frac{mg}{m} = g$

**115.একটি তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু 1600 বছর। কত সময় পরে তেজস্ক্রিয় পদার্থের 15/16 অংশ ক্ষয়প্রাপ্ত হবে?**

Ⓐ 1500 years Ⓑ 2500 years
Ⓒ 4800 years Ⓓ 6400 years

**D Solve** $\lambda = \frac{0.693}{1600} = 4.33 \times 10^{-4} yr^{-1}$

$t = \frac{-\ln(x)}{\lambda} = \frac{-\ln\left(\frac{15}{16}\right)}{4.33 \times 10^{-4}} \Rightarrow t = 6400$ years

**116.কেপলারের আবর্তনকালের সূত্রটি হল?**

Ⓐ $T \propto R$ Ⓑ $T \propto R^{3/2}$ Ⓒ $T^3 \propto R^2$ Ⓓ None

**B Solve** প্রতিটি গ্রহের আবর্তনকালের বর্গ সূর্য থেকে তাদের গড় দূরত্বের ঘনফলের সমানুপাতিক। $T^2 \propto R^3$

**117.** চৌম্বক ক্ষেত্র-প্রাবল্যের একক কী?

Ⓐ Tesla　Ⓑ Weber
Ⓒ Henry　Ⓓ Volt

**A** **Solve** 1T = 1 Weber/$m^2$ = $10^4$ gauss

**118.** শ্রাব্যতার সীমা কত?

Ⓐ (0– 10) Hz　Ⓑ (10 – 20) Hz
Ⓒ (20–20000)Hz　Ⓓ (20 – 2000) Hz

**C** **Solve** নিম্নতম কম্পাঙ্ক হলো সেকেন্ডে 20 বার, এবং উচ্চতম কম্পাংক হলো সেকেন্ডে 20000 বার কম্পন। এ সীমাকে শ্রাব্যতার সীমা ও সৃষ্ট শব্দকে শ্রাব্য বলে।

## রসায়ন

**119.** ইউরিয়া শিল্পের কাঁচামাল কি?

Ⓐ বায়ু + কয়লা
Ⓑ প্রাকৃতিক গ্যাস + বায়ু
Ⓒ প্রাকৃতিক গ্যাস + কয়লা
Ⓓ বায়ু + কয়লা + প্রাকৃতিক গ্যাস　Ans Ⓑ

**120.** বাংলাদেশে কোন খাতে সর্বাধিক প্রাকৃতিক গ্যাস ব্যবহৃত হয়?

Ⓐ সার কারখানা　Ⓑ বিদ্যুৎ উৎপাদন
Ⓒ গৃহস্থালি　Ⓓ মোটরগাড়ি

**B** **Solve** বিদ্যুৎ উৎপাদনে → 55%
শিল্পক্ষেত্রে → 18%
ইউরিয়া সার উৎপাদনে → 10%
বাসা-বাড়িতে জ্বালানিরূপে → 12%
গাড়ির জ্বালানিরূপে → 5%।

## গণিত

**121.** $x^2 + y^2 = 4$ বৃত্ত দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

Ⓐ 8π sq. unit　Ⓑ 16π sq. unit
Ⓒ 4π sq. unit　Ⓓ 2π sq. unit

**C** **Solve** $x^2 + y = 4$
$\Rightarrow x^2 + y^2 = 2^2$
বৃত্তটির ব্যাসার্ধ, r = 2
∴ ক্ষেত্রফল = $\pi . 2^2 = 4\pi$

**122.** $\sin^2\frac{\pi}{8} + \sin^2\frac{5\pi}{8}$ এর মান কত?

Ⓐ 0　Ⓑ 1　Ⓒ 2　Ⓓ 1/2

**B** **Solve** $\sin^2\frac{\pi}{8} + \sin^2\frac{5\pi}{8}$

$= \sin^2\frac{\pi}{8} + \left\{\sin\left(\frac{\pi}{2} + \frac{\pi}{8}\right)\right\}^2$

$= \sin^2\frac{\pi}{8} + \cos^2\frac{\pi}{8} = 1$

**123.** TRIANGLE শব্দটির বিন্যাস সংখ্যা

Ⓐ 4320　Ⓑ 4032
Ⓒ 36000　Ⓓ 40320

**D** **Solve** TRIANGLE শব্দটিতে মোট 8টি বর্ণ বিদ্যমান যারা প্রত্যেকেই ভিন্ন ভিন্ন।
∴ শব্দটির মোট বিন্যাস সংখ্যা = 8! = 40320

**124.** $f(x) = \sqrt{4 - x^2}$ ফাংশনের ডোমেন

Ⓐ ℝ　Ⓑ ℕ　Ⓒ (– ∞, – 2)　Ⓓ [– 2, 2]

**D** **Solve** $f(x) = \sqrt{4-x^2}$ ফাংশনটি সংজ্ঞায়িত যখন,
$(4 - x^2) \geq 0$
$\Rightarrow -x^2 \geq -4 \Rightarrow x^2 \leq 4$
$\Rightarrow |x| \leq 2 \Rightarrow -2 \leq x \leq 2$
নির্ণেয় ডোমেন [–2,2]

**125.** $\cos 2\theta = \frac{24}{25}$ হলে, tanθ এর মান কোনটি?

Ⓐ ± 7　Ⓑ $\pm\frac{7}{5}$　Ⓒ $\pm\frac{5}{7}$　Ⓓ $\pm\frac{1}{7}$

**D** **Solve** $\cos 2\theta = \frac{24}{25}$
$\Rightarrow \frac{1 - \tan^2\theta}{1 + \tan^2\theta} = \frac{24}{25}$
$\Rightarrow 24 + 24\tan^2\theta = 25 - 25\tan^2\theta$.
$\Rightarrow 49\tan^2\theta = 1$
$\therefore \tan\theta = \pm\frac{1}{7}$

**126.** একটি মুদ্রাকে নিক্ষেপ করা হল। হেড বা টেইল পাওয়ার সম্ভাবনা-

Ⓐ 0　Ⓑ $\frac{1}{4}$　Ⓒ $\frac{1}{2}$　Ⓓ 1

**D** **Solve** একটি মুদ্রাকে একবার নিক্ষেপ করা হলে হেড বা টেইল পাওয়ার সম্ভাবনা $= \frac{1}{2} + \frac{1}{2} = 1$

**127.** – 7 < x < – 1 কে পরমমানের সাহায্যে লিখলে দাঁড়ায়

Ⓐ |x + 3| < 4　Ⓑ |x + 1| < 3
Ⓒ |x – 4| < 1　Ⓓ |x + 4| < 3

**D** **Solve** $-7 < x < -1$ $[\because \frac{-7-1}{2} = \frac{-8}{2} = -4]$
$\Rightarrow -7 + 4 < x + 4 < -1 + 4$
$\Rightarrow -3 < x + 4 < 3$
$\therefore |x + 4| < 3$

**128.** $3\hat{i} + 2\hat{j} + a\hat{k}$ এবং $4\hat{i} - 3\hat{j} + \hat{k}$ ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে, a এর মান কত?

Ⓐ 6　Ⓑ – 6　Ⓒ $\sqrt{6}$　Ⓓ $-\sqrt{6}$

**B** **Solve** প্রদত্ত ভেক্টরদ্বয় লম্ব হলে,
$(3\hat{i} + 2\hat{j} + a\hat{k}) . (4\hat{i} - 3\hat{j} + \hat{k}) = 0$
$\Rightarrow 12 - 6 + a = 0 \therefore a = -6$

**129.** $(1 - i)^4$ এর মান কত?

Ⓐ – 2i　Ⓑ 2i　Ⓒ – 4　Ⓓ 4

**C** **Solve** $(1 - i)^4 = \{(1 - i)^2\}^2 = (1 - 2i - 1)^2$
$= (-2i)^2 = -4$

**130.** $x^2 + y^2 = 7$ এবং $x^2 + y^2 - 9x = 0$ বৃত্তদ্বয়ের কেন্দ্রের দূরত্ব কত?

Ⓐ 9 units　Ⓑ 7 units
Ⓒ 9/2 units　Ⓓ 7/2 units

**C** **Solve**

প্রদত্ত বৃত্তদ্বয়ের কেন্দ্র যথাক্রমে (0,0) এবং $\left(\frac{9}{2}, 0\right)$

∴ এদের মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{\left(0 - \frac{9}{2}\right)^2 + (0 - 0)^2} = \frac{9}{2}$

131. Δ ABC এর বাহুগুলো 3, 4 ও 5 একক হলে, $\cos^2A + \cos^2B + \cos^2C$ = কত?

Ⓐ −1 Ⓑ 1 Ⓒ 0 Ⓓ 1/2

**B** Solve




$\therefore \cos^2A + \cos^2(90° - A) + \cos^2 90°$
$= \cos^2A + \sin^2A + 0 = 1 + 0 = 1$

132. $\sin\left(\frac{\pi}{2} - \cos^{-1}x\right)$ কত?

Ⓐ 1 − x Ⓑ x Ⓒ 1 + x Ⓓ sinx

**B** Solve $\sin\left(\frac{\pi}{2} - \cos^{-1}x\right) = \cos(\cos^{-1}x) = x$

133. একটি চলন্ত ট্রেনকে ব্রেক করে 10 সেকেণ্ডে থামিয়ে দেওয়া হল। ট্রেনটির গড় মন্দন 100 মিটার/ সেকেণ্ড$^2$ হলে, এর গতিবেগ কত ছিল?

Ⓐ 200 m/sec Ⓑ 400 m/sec
Ⓒ 500 m/sec Ⓓ 1000 m/sec

**D** Solve আমরা জানি,
$v = u - at$
$\Rightarrow 0 = u - at \Rightarrow u = at$
$\Rightarrow u = 100 \times 10$
$= 1000\ ms^{-1}$

সময় t = 10 sec
শেষবেগ, v = 0
মন্দন, a = 100m/s
আদিবেগ = u

134. U বেগে আনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ উচ্চতা কত?

Ⓐ $\frac{U^2\sin^2\alpha}{2g}$ Ⓑ $\frac{U^2\tan^2\alpha}{2g}$
Ⓒ $\frac{U^2\sin^2\alpha}{g}$ Ⓓ $\frac{U^2\sin^2\alpha}{g}$

**A** Solve U বেগে আনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ, $H = \frac{U^2\sin^2\alpha}{2g}$

## জীববিজ্ঞান

135. নিচের কোনটি ব্যাকটেরিওফায?

Ⓐ TMV Ⓑ $T_2$
Ⓒ Influenza Ⓓ HIV **Ans B**

136. কোন শ্রেণির উদ্ভিদের কোষপ্রাচীরে কাইটিন থাকে?

Ⓐ শৈবাল Ⓑ ছত্রাক
Ⓒ ব্রায়োফাইটা Ⓓ টেরিডোফাইটা

**B** Solve ছত্রাকের প্রধান কতগুলো বৈশিষ্ট্য:

- ছত্রাকের কোষপ্রাচীর কাইটিন নির্মিত।
- ছত্রাকের সঞ্চিত খাদ্য প্রধানত গ্লাইকোজেন ও তৈলবিন্দু।
- ছত্রাক ক্লোরোফিলবিহীন, অসবুজ ও সালোকসংশ্লেষণে অক্ষম।
- এরা সুকেন্দ্রিক অর্থাৎ এদের কোষে সুগঠিত নিউক্লিয়াস ও বিভিন্ন অঙ্গাণু বিদ্যমান। [Ref: হাসান]

137. দই তৈরিতে কোন ব্যাকটেরিয়া ব্যবহৃত হয়?

Ⓐ *Acetobacter* Ⓑ *Lactobacillus*
Ⓒ *Clostridium* Ⓓ *Xanthomonas*

**B** Solve দুগ্ধ থেকে দই তৈরিতে *Streptococcus lactis* ও *Lactobacillus* জাতীয় ব্যাকটেরিয়া ব্যবহৃত হয়। [Ref: হাসান]

138. কোনটি পিউরিন বেস?

Ⓐ সাইটোসিন Ⓑ ইউরাসিল
Ⓒ থাইমিন Ⓓ অ্যাডেনিন **Ans D**

139. শৈবালের সচল স্পোরকে কী বলে?

Ⓐ জুস্পোর Ⓑ অ্যাপ্লানোস্পোর
Ⓒ হিপনোস্পোর Ⓓ অটোস্পোর **Ans A**

140. কোনটি রেনডিয়ার মস নামে পরিচিত?

Ⓐ *Collema* Ⓑ *Xanthoria*
Ⓒ *Cladonia rangiferina* Ⓓ *Calicicum* **Ans C**

141. পেনিসিলিয়াম কে আবিষ্কার করেন?

Ⓐ আলেকজান্ডার ফ্লেমিং Ⓑ ওয়াটসন ও ক্রিক
Ⓒ লুই পাস্তুর Ⓓ রবার্ট কচ **Ans A**

142. সালোকসংশ্লেষণে নির্গত অক্সিজেনের উৎস কোনটি?

Ⓐ কার্বন ডাইঅক্সাইড Ⓑ পানি
Ⓒ গ্লুকোজ Ⓓ কার্বক্সিলিক অ্যাসিড

**B** Solve হিলের পরীক্ষা দ্বারা প্রমাণিত হয় যে, সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় নির্গত অক্সিজেনের উৎস হলো পানি। [Ref: হাসান]

143. এনজাইম হলো মূলত–

Ⓐ আমিষ Ⓑ চর্বি
Ⓒ শর্করা Ⓓ ভিটামিন **Ans A**

144. নিচের কোনটি ডাইস্যাকারাইড?

Ⓐ ম্যাল্টোজ Ⓑ র‍্যাফিনোজ
Ⓒ গ্লুকোজ Ⓓ ফ্রুকোজ

**A** Solve ডাইস্যাকারাইড এর উদাহরণ: সুকরোজ, সেলোবায়োজ, ম্যাল্টোজ, ল্যাক্টোজ প্রভৃতি। [Ref: হাসান]

145. রাইবোসোম কী সংশ্লেষণের কেন্দ্র?

Ⓐ শর্করা Ⓑ আমিষ
Ⓒ নিউক্লিয়িক অ্যাসিড Ⓓ চর্বি **Ans B**

146. ব্যাকটেরিয়া আবিষ্কার করেন কে?

Ⓐ রবার্ট হুক Ⓑ চার্লস ডারউইন
Ⓒ অ্যান্টনি ভন লিউয়েন হুক Ⓓ লুই পাস্তুর **Ans C**

147. মানবদেহে মোট কতটি অস্থি থাকে?

Ⓐ ২১৭ Ⓑ ২০৬
Ⓒ ২৩০ Ⓓ ৩০০ **Ans B**

148. মানবদেহের দীর্ঘতম অস্থি কোনটি?

Ⓐ হিউমেরাস Ⓑ ফিমার
Ⓒ রেডিয়াস Ⓓ টিবিয়া

**B** Solve ঊর্ধ্ব পা এর অস্থিকে ফিমার বলে। এটি মানবদেহের সবচেয়ে দীর্ঘ অস্থি। [Ref: আজমল]

149. কোনটি ডায়াবেটিস রোগের জন্য দায়ী?

Ⓐ এড্রেনালিন Ⓑ থাইরক্সিন
Ⓒ গ্লুকাগন Ⓓ ইনসুলিন **Ans D**



@reqpdf